क्षिमर्भग।

দ্বিতীয় ভাগ।

জীহরিমোহন মুখোপাধ্যায় প্রণীত।

কলিকাতা।

(সিমুলিয়া কাঁসারি পাড়ায়)

ताजानमी प्रारवत शिरहे, क्षमाम भारतत लात्नत

নং ১ বাটীতে হিতৈষী যন্ত্ৰে

গ্রীকৈলাসচন্দ্র বন্দ্যোপাগ্যায় কর্তৃক মুক্তিত।

১२११ मोल।

মহামুনি পরাশার ক্ষিকার্যোর যে সকল ব্যবস্থা প্রকাশ করিয়া গিয়াছেন, তাহা অবলম্বন করিয়া, আমাদিগের এই দেশে অদ্যাপি ক্লহিকার্য্য প্রচলিত হইয়া আসিতেছে। কিন্তু পূর্বকালে ক্র্যিকার্য্য করিবার যে কতিপয় স্বাভাবিক উপায় ছিল; তাহা দেখিয়া মুনিবর ঐ সকল ব্যবস্থা প্রকাশ করিয়াছিলেন। এক্ষণে সেই সকল উপায় কাল ক্রমে লোপ পাইয়াছে। এই জন্য মুনির ব্যবস্থারুসারে, ক্লষিকার্য্য করাতে কোন বিশেষ ফলোদয় না হইয়া অনেক প্রকার অনিষ্ট ঘটিতেছে। পূর্বকালে এই দেশ যে অব-স্থায় ছিল, ভাহাতে সকল ভূমিতে ক্ষিকার্য্য হইতে পারিত না; কতক ভূমি ক্ষিকার্য্যের উপযোগী ছিল, কতক বা জলে ও জঙ্গলে আচ্ছাদিত থাকিত। তৎকালে যে শস্থাদি উৎপন্ন হইত, তাহাতেই এই দেশ বাসীলোকদিগের ভরণ পোষণের কোন ক্লেশ হইত না, এবং অনেকে নিশ্চিন্তরূপে সংসার্যাতা নির্বাহ করিয়া ক্রিয়া-কলাপ করিতে পারিতেন। এক্ষণে জঙ্গল কাটানতে ও জলাশয় শুদ্ধ করাতে, ক্লবিকার্য্যের উপযোগী ভূমি সম্ধিক রৃদ্ধি পাইয়াছে। কিন্তু শস্থাদি যে পরিমাণে উৎপন্ন হইয়া থাকে, তাহাতে দেহ-যাত্রা

নির্ম্বাহ করিবার যে রূপ ক্লেশ হইতেছে, শুকি সকলেই অবগত আছেন। ইহার কারণ এই বোপ হয় যে, পূর্মকালে আমাদিগের এই দেশের দেবমাতৃকতা ও নদীমাতৃকতা উত্তয় পর্মাই ছিল। একাণে নদী সকলের লোপা হওয়াতে, এই দেশ দেবমাতৃক অবস্থা প্রাপ্ত হইয়াছে; এবং বহুকাল ক্ষামিকার্যা করাতে ভূমি সকলও উর্ম্বরাশক্তি বিহীন হইয়া পাড়িয়াছে। পূর্মের যে ভূমিতে যে পরিমাণে শক্ষ্য উৎপন্ন হইত, একাণে সেই ভূমিতে পূর্মোৎপন্ন শক্ষ্যের এক চতুর্থাংশও উৎপন্ন হয় না। আর ভূমির উর্ম্বরাশক্তি রিদ্ধি করিবার চেফী করে এমত এক ব্যক্তিকেও দেখিতে পাওয়া যায় না।

পূর্বে ক্লিকার্যা এই দেশবাসীদিণের উপজীবিকা ছিল, এই জন্য প্রায় সকল লোকেই ক্লিকার্যা করিতেন। এক্ষণে ইংরাজদিণের অধিকারে রাজকার্যার অধিক রন্ধি হইরাছে, এবং সকলেই এমত জ্ঞান করিয়া থাকেন যে তৎকার্যো নিযুক্ত থাকিলে অণপ পরিশ্রমে অধিক অর্থ উপার্জন হইতে পারে। এই আশায়ে তদ্রলোক মাত্রেই ক্লিকার্যাকে মুলাকর জ্ঞান করিয়া রাজকার্যো নিযুক্ত হইয়া থাকেন। শিক্ষা প্রদায়িনী প্রকৃতিসতী জীমাদিণের বাসনা পূর্ণ করিবার জন্য তাঁহার অক্ষয় তাভারে এমত প্রচুর পরিমাণে অর্থ সঞ্চয় করিয়া মৃত্তিকার ভিতরে লুকা-ইয়া রাথিয়াছেন যে, তাহা আমরা ইচ্ছানুসারে নিরত গ্রহণ করিলেও কেশন কালে ক্লয় হইয়া যাইবে না। কিন্ধ আমরা ভ্রম বশতঃ সেই অক্ষয় অর্থ উপার্জনে বিরত হইয়া সামান কি অর্থের জনা দাসত্ব স্বীকার করিয়াছি।
কি আমের্কা! ঐ কপার পোষকভার জনা এক জন সংস্কৃত
গ্রন্থকার এই নিম্ন লিখিত বচনে তাঁহার অভিপ্রায় বাক্ত
করিয়া গিয়াছেন "বাণিজো বসতে লক্ষ্মীস্তদর্দ্ধং ক্রষিকর্মাণা তদর্দ্ধং রাজ-সেবায়াং ভিক্ষায়াং নৈব নৈব চ॥"
আমরা সেই স্থমহান্ ক্র্যিকার্যা সামান্য নির্ম্বোপ ব্যক্তিদিগের হস্তে সমর্পণ করিয়াছি। এই সকল ক্র্যক নিজ
বুদ্ধিকোশলে কোন কার্য্য করিতে পারে না, মাহা
পূর্বপির প্রচলিত আছে ভাহাই করিয়া থাকে।

এই দেশে অদ্যাপি কৃষিকার্য্যোপ্যোগী কোন পুত্তক প্রচলিত হয় নাই। পরাশ্রের কৃত যে পুত্তক প্রচলিত আছে, তাহাতেও কিছু বিশেষ কৌশল দেখিতে পাওয়া যায় না। স্তরাং আমাদিগের দেশের কৃষিকার্যা যেরপ হীনাবস্থায় পতিত রহিয়াছে, ভদ্র-লোকদিগের মনোযোগ ব্যতীত কথনই তাহার উরতি হইতে পারে না। ভদ্রলোকদিগের মধ্যে পরিগণিত, আমি এক ব্যক্তিই সেই কার্যো নিযুক্ত হইয়াছি। আমার সামানা বুদ্ধিকোশলে উন্নতি সাধনের পক্ষেয়ে সকল উপায় উদ্যাবিত হইয়াছে, তাহা পুত্তকাকারে লিথিয়া ভদ্র সমাজে অর্পন করিতেছি। একণে অন্যদেশীয় মহোদয়গণ মহপ্রদর্শিত পগের অনুগামী হইলে আমার আকিঞ্চন সিদ্ধ হইতে পারে। কিন্তু এই বিষয়ে আমি কতদূর কৃতকার্য্য হইব, তাহা বলিতে পারে না, কৃষিবিদ্যা সমুদ্র বিশেষ, ইহাতে অন্যান্য

সকল বিদ্যা, নদ নদীস্বরূপ হইয়া মিলিও হইয়াছে। অতএব আমি বুদ্ধিকে শিলে যে এমত বিস্তীৰ্ণ সমুদ্ৰ মন্থন করিয়া উত্তীর্ণ ছইব, এমত ভরসা কিছুই নাই। " ভিতীষু প্লুৱং মোহাতুড়ুপেনান্মি সাগরম্" কিন্তু আমাদিগের এই দেশে বটেনিক উদ্যান সংস্থাপিত হওয়াতে ক্লযিকার্যার উন্নতি সাধন পক্ষে যে সকল উপায় প্রদর্শিত হইয়াছে, তাহা অবলম্বন করিয়া চলিলে এমত মহৎ সাগর অনায়াসে পার হইতে পারা যায়। "মণে বিজ্ঞসমূৎকীর্ণে স্থাত্তকের বাজি মে গতিঃ" স্থাভাবিক প্রণালীতে উদ্যান করিবার যে সকল প্রথা পূর্বাপর প্রচলিত আছে: সেই সকল প্রথা অললম্বন করিলে মুশৃঙ্খল রূপে রুক্ষাদি রোপণ করিবার কোন ব্যবস্থাই দৃষ্ট হয় না। তদ্ধেপে রক্ষ রোপণ করিলে উৎক্র্যট ফল উৎপন্ন হইবে, এমত কোন উপায় দেখিতে পাই না। কেবল মৃত্তিকার গুণে কথন কথন কোন কোন স্থানে দুই একটা উৎকৃষ্ট ফলোৎপাদক বৃক্ষ দেখিতে পাওয়া যায়। কিন্তু যাহাতে সেই জাতি রক্ষ বতসংখ্যক জন্মে ও তাহার উৎকৃষ্ট অবস্থা চিরস্থায়ী হয়, এমত কোন সতুপায় নাই; এই নিমিত্ত কলম বান্ধিয়া চারা উৎপা-দল করিবার ব্যবস্থা এই পুস্তকের প্রথম থণ্ডে প্রকাশ করিয়ান্ডি। যে সকল উদ্ভিদের কলম করিয়া চারা উংপন্ন করা যাইতে পারে না, তাহাদিগের উৎক্লফ গুণ রক্ষার জন্য ও গামলায় যে প্রকারে চারা বদা-ইতে হইবে ভাষার একরণ ও জারজাত চারা উৎপন্ন করিয়া উৎকুট গুণের উন্নতি সাধন, যে প্রকারে প্রকাণ্ড রক্ষ সকল রোপণ করিবার বাবস্থা এবং ক্রত্রিম ও স্বাভাবিক উন্থানে যে সকল অলঙ্কারাদি সংস্থাপিত করিতে হয়, এই সমস্ত বিষয় এই পুস্তকে প্রকাশ করিয়াছি। পরে এই সকল অলঙ্কার সংযোগ করিয়া যে প্রকারে উন্থান করিতে হইবে, তাহা আমি তৃতীয় থণ্ডে প্রকাশ করিব। এই পুস্তকে উন্থানাদি সংস্থাপনের সাধারণ প্রচলিত ও বিশিষ্টমত উভয় প্রকার ব্যবস্থাই লিখিত হইয়াছে। পাঠকগণ! এই পুস্তকে উক্ত উভয়বিধ ব্যবস্থাই জ্ঞাত হইতে পারিবেন।

জনাই নিবাসী ঐীযুক্ত বাবু যতুনাথ মুখোপাধার নহাশয়কে আমি অনেকধন্যবাদকরি, তিনি এই পুস্তকের নানচিত্র সকল প্রস্তুত করিবার জন্য অনেক সাহায্য করিয়াছেন।

কলিকাতা নৰ্ম্মাল স্কুল। সন ১৮৭০ সাল তাং ১১ই আগফী।

 শ্রীহরিমোহন মুখো-পাধ্যায়।

क्षिम्भ्न।

দ্বিতীয় ভাগ।

প্রথম অধ্যায়।

গামলায় চারা রোপণ করিবার নিয়ম !

পূর্ব্বোক্ত বাপে কলম করিবার পরে যখন শাখা হইতে শিকড় বহির্গত হয়, অথবা যোড়কলমে গোড় লাগে, তখন যত্ন ও নতর্কতা পূর্বাক মূলবৃক্ষ হইতে তাহা ছেদন করিতে হয়। পরে তাহা অগ্রে ভূমিতে রোপণ না করিয়া মৃত্তিকা পূর্ব গামলায় বসান আবশ্যক কারণ সেই সময়ে ঐ চারার যে পরিমাণে জল, বায়ু ও উত্তাপাদি সহ্য করিবার শক্তি থাকে, হঠাৎ ভূমিতে রোপিত হইলে সে শক্তি বিনষ্ট হইয়া যায়। একারণ তাহাকে কোন হোয়া প্রদেশে গামলাক স্থাপিত এবং যথাযোগ্য জল, বাতাদি ক

প্রদান দ্বারা কিঞ্চিৎ পরিস্বুট ও বর্দ্ধিত, করিয়া, পরে ভূমিতে রোপন করা বিধেয়। বস্তুতঃ তাহা হইলে ঐ চারার পক্ষে আর কোন প্রকার অনিষ্ঠ ঘটিবার সম্ভাৰনা থাকে না। তাহা শাখা, প্ৰশাখায় পরি-विक्वि ७ कन भूष्ट्रा थानारनं मक्तम इहेर्स छेट्छ। वीक হইতে চারা প্রস্তুত করিতে হইলে, পুর্ব্বোক্ত ৰূপ গানলার প্রয়োজন হয় না। তাহা ক্ষুণ্ণ ও পরিচালিত মৃত্তিকার উপরে বপন করিয়া জলসেকাদি করিলেই ক্রমশঃ অঙ্কুরিত হইতে থাকে, তদনস্তর স্বভাবানুষায়ী আকার ধারণ করিয়া পরিবর্দ্ধিত হয়। যেমন গোধ্য, তিল, সর্যপ ইত্যাদি। আর কপি প্রভৃতি কতকগুলি বীজের এৰূপ সভাব যে, তাহাদিগকে একবারে মৃত্তিকায় বপন করিলে, কোন প্রকারেই অঙ্করিত হয় না।

যে সকল বীজ এককালে ভূমিতে উপ্ত হইলে চারা উৎপাদন করে, সেই সকল বীজ যদি গামলায় বপন করা যায়, তাহা হইলে তাহারা ভূম্যুৎপদ্ম চারা অপেক্ষা সভেজ চারা উৎপাদন করে। কিন্তু এ ৰূপে ধান্যাদির চারা উৎপাদন করা বহু আয়াস-সাধ্য; ভদ্মিতি তাহাদিগের প্রতি একপ ব্যবস্থা অনাবশ্যক। সাম্বান্য ক্ষকেরা উক্ত ধান্যাদি যে স্থানে উৎপাদন করিয়া থাকে, সেস্থানে ধ্রাাদির

কেল অনিষ্ট ঘটিবার আশকা নাই। যে গামলায় চারা সংস্থাপন করিতে হয়, ভাহার তলভাগে একটী অঙ্গলি প্ৰবিষ্ট হয় এৰূপ একটী ছিদ্ৰ রাখা আবশ্যক। কারও গামলার উপরিভাগে যে, জল সেচন করা হয় তাহা উক্ত ছিদ্রপথ দারা क्तमभः निर्शत रहेशा याय। वहे छित ना थंकिल গামলাস্থিত স্বম্পে মৃত্তিকার শোষকতা শক্তির অম্পতা নিবন্ধন উক্ত জল চারার মূল পঢ়াইয়া ফেলে। স্থতরাং ঐ চারা বিনষ্ট হইয়া যায়। গামলার তলস্থ ছিদ্রের উপরিভাগে দুই বা তিন খানা খোলাকুচি চাপা দিয়া ঘাসের চাপড়াভাঙ্গা কিম্বা সারময় মৃত্তিকায় গামলা পরিপুরিত করিয়া ততুপরি চারা বসা-ইয়া প্রত্যহ সন্ধ্যাকালে উপযুক্ত বারি সেচন করা আবশ্যক। এইরূপ যত্নে চারা সম্বৎসর গাম-লায় থাকিলেও কোন হানি হইবার সম্ভাবনা নাই। বরং তাহা ক্রমশঃ পরিপ্নষ্ট হইতে থাকে। ঐ সকল চারা গামলায় পাকিলে অনায়ালে স্থানান্তরিত করিডে পারা যায়, এবং যে পরিমাণে জল, বায়ু ও উত্তা-পাদি পাইবার আবশ্যক ভাষাও উহারা স্কচারু ৰূপে প্রাপ্ত হইতে পারে।

অন্যথা চারা সকল অপরিমিত বায়ু প্রবাহে আন্দোলিত হয় এবং তাহাদিগের কোমল শিকড় সকল ছিন্নভিন্ন হইয়া নই হয়। আর সমধিক জল ও উত্তাপ প্রাপ্ত হইলে উহাদিনের মূল পচিয়া থায় এবং ভদ্ধ হইতে থাকে। যদিও চারা সকল গামলায় বসান থাকিলে, উত্তমক্ষপে শাকিতে পারে, তথাপি এক বংসরের অধিক কাল রাধা অনুচিত। কারণ তাহা হইলে ঐ সকল চারা গামলার স্বল্প মৃত্তিকার রস শোষণ করিয়া উহাকে নীরস করে, স্থতরাং ক্ষিন মৃত্তিকার রসাভাবপ্রযুক্ত উহাদের শিকড় সকল সঙ্গুচিত হইলে ক্রমশঃ পক্রাদিও সঙ্গুচিত হইতে থাকে। এবং উহাদের যে পুষ্পা হয় তাহা স্বভাবতঃ অত্যন্ত শোভাকর হইলেও চারার তেজোহীনতা প্রযুক্ত অপুষ্ঠ হইয়া সম্যক্রপে শোভান্বিত হইতে পারে না। স্থতরাং চারা সকল এইকপে অবস্থিত হইলে, অলপ দিবসের মধ্যে শুদ্ধ ও বিনষ্ট হইয়া যায়।

যদ্যপি চারা সকলকে গামলায় রাখিবার প্রয়োজন হয়; তাহা হইলে পশ্চালিখিত উপায় দারা উহাদিগের অবস্থার পরিবর্ত্তন করিয়া দেওয়া আব-শ্যক। কোন কোন সময়ে দ্রবীভূত সার প্রস্তুত করিয়া চারার মূলে ঢালিয়া দেওয়া আবশ্যক। কখন গামলাস্থিত পুরাতন মৃত্তিকার পরিবর্ত্তন করিয়া হতন মৃত্তিকার গামলা পুর্ব করা আবশ্যক। কিন্তু মৃত্তিকার পরিবর্ত্তন করিতে হইলে এমত সতর্কতা

পূর্ব্বক উক্ত কর্মব্য সমাধা করিতে হইবে যে, কোন প্রকারে যেন চারার শিকড় সকল ছিন্ন কিন্বা আইত না হয়। কপুন বা প্রশস্ত গামলার তলভাগে স্থল স্থল ছিদ্র করণানস্তর উহা সার মৃত্তিকা দ্বারা পরিপ্র করিয়া, তচুপরি ঐ চারা রোপণ করিতে হয় এবং সময়ানুসারে ভাহাতে জলসেকও করিতে হয়। উক্ত তিন প্রকার উপায়ের মধ্যে মৃত্তিকা পরিবর্ত্তন করিয়া দেওয়াই সর্ব্বোত্তম। কারণ ইহাতে মৃত্তিকা কঠিন হইতে পারে না। স্থতরাং চারা সমূহ মৃতন মৃত্তন মৃত্তিকার রসাকর্ষণ দ্বারা-সতেঙ্গ থাকে এবং ঐ মৃত্তিকার স্ফীতভাপ্রমৃক্ত শিকড় সকল বিস্তৃত হইতে পারে। তজ্জন্য মৃত্তিকা পরিবর্ত্তন করাই উদ্ভিদ্ দিগের পক্ষে নিভান্ত আবশাক।

ইহার প্রত্যক্ষ প্রমাণ এই যে, এক ক্ষেত্রে এক প্রকার শস্য উপর্যুপরি চুই বার উৎপন্ন হইতে পারে না, অথবা জনিলে সম্যক্ পরিপ্ত হয় না ৷ তজ্জন্য ক্ষকেরা অন্য প্রকার শস্য জন্মাইয়া ক্ষেত্রের উক্ত দোব পার্দিশোবিত করিয়া লয় ৷ আর দেখ, কোন স্থান হইতে কোন বৃক্ষকে শিকড় সহিত উৎপাটন করিয়া যদি তজ্জাতীয় কোন চারা তথায় রোপন করা হয়, তবে তাহা কখন উত্তম ্রপে জন্মিতে পারে না ৷ কারণ কোন কোন স্থলে কথিত হইয়াছে

যে, ভূমিতে উদ্ভিদ্-প্লষ্টিকর এক প্রকার রস व्याह् ; थे तम मकल উদ्ভिद्दं निरागत शास्क मर्मान উপকারী নহে। তাহা ভিন্ন ভিন্ন স্থানে ভিন্ন ভিন্ন উদ্ভিদের পক্ষে উপকারজনর। অতএব যে প্রকার উদ্ভিদ্ যে স্থানে থাকে, দেই স্থানস্থ রস ঐ উদ্ভিদ্রে ষারা অনবরত শোষিত হইয়া নিঃশেষিত হয়; স্থতরাং ঐ ভূমিতে ঐ প্রকার চারা রোপণ করিলে তথাকার প্রষ্টিকর বস্তুর অভাবপ্রযুক্ত তাহা তেজী-য়ান্ হইতে পারে না। কিন্তু অন্যবিধ চারা পরি-পুষ্ট হইতে পারে। স্থানবিশেষে ইহাও কথিত আছে যে, যেমন জ্বস্তুগণ আহার ও পান অবশেষে মল মূত্র ত্যাগ করিয়া পাকে, তদ্রপ উদ্ভিদেরাও অবনীতলম্বরস শোষণ করিয়া মল ত্যাগের ন্যায় মূল দাগা এক প্রকার বিহৃত রস নির্গত করিয়া থাকে। ঐ বিকৃত রস মূলস্থ ভুমি দূষিত করিয়া ভজ্জাতীয় বৃক্ষের অপকারকও অন্য জাতীয় বৃক্ষের উপকারজনক হইয়া উঠে। ভূমির উর্বরতা শক্তি রহিত হইবার যে সকল বৃত্তান্ত লিখিত হইল জন্মধ্যে শেষোক্ত মত সম্ভাবিত হইতে পারে; সে যাহা হউক? এক ক্ষেত্রে এক প্রকার শস্য বা বৃক্ষ বহু দিবস রোপিত হইলে ঐ মৃত্তিকার উর্বরতা শক্তি থাকে না। শস্য পরিবর্ত্তন কিম্বা স্ত্তিকার পরিবর্ত্তন ব্যতিরেকে,

ঐ দোষ সংশোধিত হইবার উপায়ান্তর নাই। কখন কখন উপযুক্ত মত সার অর্পিত হইলে কিঞ্চিৎ পরি-শোধিত হয় বটে কিন্তু সতর্কতা পূর্বাক মৃত্তিকা পরিবর্ত্তন করিতে পারিলে যে ৰূপ চারা সকল সতেজ হইয়া পরিবর্দ্ধিত হয়, সে রূপ আর কোন উপায় দ্বারা হইতে পারে না। গামলায় বহুকাল চারা সংস্থাপিত হইলে, উহার মৃত্তিকার সহিত শিকড় জড়ীভূত হইয়া যায়। তাহাতে ঐ গৃত্তিকা এমত ক্রিন হইয়া উঠে যে, উহাদিগের রসাকর্ষণ করিবার কিছুমাত্র শক্তি থাকে না। মৃতরাং শিকড় সকল নীরস মৃত্তিকায় বাডিতে পারে না। দিতীয়তঃ চারা টবে বহু দিবস থাকিলে উহার শিক্ত বৰ্দ্ধিত হইয়া ঐ পাত্রের গাত্রে সংলগ্ন হওয়ায় অধক্ষ হইতে না পারিয়া পুনর্কার উর্দ্বাদী হইয়া দহান্থিত মৃত্তিকার ভিতর প্রবেশ করিয়া জড়ীভূত হয়। আর ঐ শিক-ড়ের অধিকাংশ টবের পার্ষে থাকে, সেই জন্য গামলার আর্দ্রতা কিম্বা শুষ্কতা অনুসারে চারাও সতেজ ও নিস্তেজ হয়। টব কিঞ্চিৎ আর্দ্র পাকিলে ঐ রস শোষণ ছারা চারা তেজীয়ান হয়; এবং শুষ্ক হইলে ক্রমশঃ সমূলে বিনষ্ট হইতে থাকে। বিশেষতঃ গ্রীম্মকালে উক্ত অবস্থান্তিত চারা বিক্ষিত হইবার কোন উপায় নাই। কারণ প্রচণ্ড মার্ভিণ্ড

ভাপে ঐ টবের গাত্র নিরস্তর নীরস হইতে থাকে এবং শিকড় সকলের অগ্রভ∤গ ঐ পাত্রে সংলগ থাকাতে একবারে তাহার জীবন সংশয় হইয়া উঠে। যদিও রক্ষা করিবার মানসে বারি সেচন দারা ঐ পাত্রকে সর্ব্বদা :আর্দ্র রাখা যায়, তথাপি ঐ যুত্তকম্প চারার পক্ষে তদ্বিপরীত ঘটিয়া তাহা বিনষ্ট হয়। কারণ গামলার জ্বল বায়ু সহকারে যত শীতল হয়, উহার মধ্যস্থিত যৃত্তিকাও তত শীতল হইতে থাকে । তাহাতে মৃত্তিকায় যে পরিমাণ স্বাভা-বিক উত্তাপ থাকা জাবশ্যক, তাহার হ্যুনতা হয়। স্কুতরাং চারার পক্ষে অনিষ্ট ঘটিতে পারে। যদি কোন বৈদেশিক চারা বহু দিবস রক্ষাগৃহে রক্ষিত হইয়া, পরে রৌদ্র সহ্য করাইবার জন্য বহির্দেশে আনীত হয়, ভাহা হইলে গামলার চকুঃপার্ম ভঙ্ক হওয়াতে উহা ক্রমশঃ মুমুষ্ অবস্থায় পতিত হইয়া থাকে এতগ্নিনিত্ত ঐ টব মৃত্তিকার মধ্যে প্রোথিত করা আবিশ্যক। কারণ মৃত্তিকার রস দারা ঐ পাত্র সর্বদা সরস পাকিতে পারে। তাহা হইলে ঐ চারার পক্ষে কোন অপকার হইবার আশঙ্কা থাকে না। কিন্তু ঐ গামলা মৃত্তিকার ভিতর অধিক দিন প্রোধিত থাকিলে চারার শিক্ত সকল পাত্রস্থ ছিদ্র দারা বহি-র্গত হইয়া তলস্থ সৃত্তিকায় প্রবিষ্ট হয়।

তাহাত্বে এই অনিষ্ঠ ঘটে, যে ঐ চারা ভূমিতে রোপর্ন করিবার সময়ে গামলা হইতে উৎপাটন করিবার সময়ে উক্ত ভূমিতে প্রবিষ্ঠ মূল ও শিক্ড সকল ছিন্নভিন্ন হইয়া মায়। তাহা হইলে চারার জীবন সংশয় হইতে পারে। এই হানিজ্বনক ব্যাপার নিবারণ জন্য নিমূলিখিভ নিয়মান্ত্রসারে কার্য্য করা আবশ্যক। সচরাচর যক্ষপ টবে চারা রোপিভ থাকে, ভদপেক্ষা একটী বড় গামলা আর্দ্র স্তিকায় পরিপ্র্র্ণ করিয়া, তন্মধ্যে ঐ চারা সংযুক্ত টব প্রোথিভ করিয়া রাখিবেক। চারা সকলকে ক্ষুদ্র পাত্রে রোপণ করিলে শানা প্রকার বিপজ্জনক ব্যাপার ঘটিতে পারে।

কিন্তু পাত্র প্রশন্ত হইলে তাহা ঘটে না। আর গামলা হইতে কিঞিৎ জ্বল বহির্গত হইতে পারে এমত পথ রাখা কর্ত্তরা, কেননা মৃত্তিকায় অধিক রস থাকিলে চারার পক্ষে অনিষ্ঠ ঘটিতে পারে। যদি স্থকোশল সম্পন্ন জ্বলনির্গম হিদ্রযুক্ত বৃহৎ গামলায় কোন রকম ফলের চারা রোপিত হয়, তাহা হইলে এ চারা অতি সত্বর প্রশিত হইয়া স্থবাদু ফল প্রসব করে। বহুবিধ স্থবাতু ফলের বৃক্ষ গ্রীম্ম প্রধান দেশীয় পর্বতের উপরি জ্বনিয়া থাকে। যদ্যপি উহাদিগের শাখাজাত চারা উক্ত প্রশন্ত টবে রোপিত হয়; তাহা হইলে তাহাদিগের শিক্ত

গামলার চতুষ্পার্মে পরিবেষ্টিত হয়। ফদি ঐ পাত্র रहेट जम निर्भयत्नत (कान श्रीविवस्तक ना शांक, তাহা হইলে ঐ চারা যেমন সতেজ হইয়া উঠে, মূলবৃক্ষে তদ্ৰপ হয় না। এই ৰূপে কমলা লেবুর কলম সহজেই গামলায় বিশ্বিত হইয়াকলবান হয়। কিন্তু কৃষক এমত সাৰধান হইয়া গাগলার ছিদ্রে খোলা কুচি চাপা দিবেক, যেন কোন প্রকারেই ছিদ্র-পথ রুদ্ধ না হয়, অথচ অধিক জ্বল বহির্গত হইতে না পারে এমত কোন-কোশল করিবেক, অর্থাৎ কএকটী ইফকখণ্ড টবের মধ্যে প্রোথিত করিয়া রাখিলে ইহারা বহুকালাব্ধি রস সঞ্চয় করিয়া রাখে ভাহাতে টবস্থ মৃত্তিকা সরস থাকিতে পারে। জল রুদ্ধ বা অধিক জল বহির্গত হওয়া, এই উভয়ের মধ্যে যে কোনটীর অন্যথা হইলেই চারার পক্ষে অনিফ ঘটিবেক। কোন বৃহৎ বৃক্ষের চারা বস্থ দিবসাব্ধি গামলায় রাখিলে, উহার শিক্ত সকল পরস্পর জ্বড়ীভূত হইয়া স্থত্র বা রজ্জুর তালের ন্যায় হয়। এতদ্রপে অবস্থান্থিত চারা যদ্যপি গামলা হইতে কাহির করিয়া সৃত্তিকায় রোপণ করা যায়, তাহা হইলে উক্ত প্রকার স্বড়ীভূত শিক্ড ছইতে হুতন শিকড় বহির্গত হয় না। আর বস্ত দিবসেও চারা বর্দ্ধিত হয় না হয়ত মরিয়া যায়।

যে চারার শিক্ত সকল কুগুল পাকাইয়া গিয়াছে, ভাহাকে ভদবস্থায় রোপণ করিলে যাবজ্জীবন ঐ অবস্থায় থাকিবার বিলক্ষণ সম্ভাবনা। আর ভাষাতে এই অনিষ্ঠ ঘটিতে পারে যে, যখন কুণ্ডলাকার শিকড় সকল বৰ্দ্ধিত হইঁথা বৃহৎ বৃক্ষ ৰূপে পরিণত হয়, তখন ঐ বৃক্ষ সামান্য বাটিকায় ভূমিশায়ী হইয়া পতিত হয়। অতএব ঐ ৰূপ চারা মৃত্তিকায় রোপন করিতে হইলে উহার জড়ীভূত বা কুগুলাকার শিকড় সকল ছাড়াইয়া দিয়া পরে যত্ন পূর্ব্বক মৃত্তিকায় *রোপন করিতে হ₹বে। গামলায় বহু দিবস চারা রাখিলে উক্ত হানিজ্ঞনকব্যাপার উপস্থিত হইতে পারে। অতএব সেই অনিফ নিবারণ জন্য এই কৌশলটী ভাবলম্বন করিতে হইবে। যে গামলায় চারা উত্তরোত্তর যত বৃদ্ধি প্রাপ্ত হইবে, তত্ই উহা নাজিয়া প্রবাপেকা বড় গামলায় রোপণ করিবে। এইৰূপ করিলে শিক্ত, সকল শাখা, প্রশাখায় সংবর্দ্ধিত হইয়া নির্বিয়ে উক্ অনিউল্লুক ব্যাপার হইতে রক্ষা পাইতে পারে। কিন্তু কোন ক্ষুদ্র চারা তেতুপযুক্ত গামলায় না পুতিয়া ষ্টি বড়, টবে রোপন করা যায়, তাহা হইলে উহার শীর্ণ শিকড় সকল ঐ গামলার উপুরিভাগের কিঞ্চি-মাত্র মৃত্তিকা অবসম্বন করে, সেই হেতু উপরিভাগের

সৃত্তিকা শিথিল থাকে। যে সৃত্তিকা শিথিল থাকে, তাহাতে সহজেই জল গমন করিতে পারে। কিন্তু উহার নিমুভাগের মৃত্তিকা আঁটিয়া এমত কটিন হয় যে, তাহার ভিতর দিয়া জল সহজে গমন করিতে পারে না। ঐ জ্বলের অধিকাংশ তাহাতে রুদ্ধ থাকায় অন্তরস্থ উত্তাপের কিছুমাত্র প্রকাশ হয় না, সেই জন্য শিক্ত সকল টবের অথংস্থ হইতে পারে না। প্রথমতঃ গামলার পার্মে গিয়া সংলগ্ন হয় পরে উপরিভাগের উত্তাপ পাইয়া পুনর্ববার উর্ন্নগামী হয়। উহাদিগের অবলম্বিত অপ্প মৃত্তিকায় যে স্থাস থাকে. তাহা শোষণ করিয়া জীবন ধারণ করে। কিন্তু নিম্ ভাগের মৃত্তিকায় কোন প্রকার ফল দর্শে না। গাম-লায় রোপিতে চারার পক্ষে, কোন কোন উদ্ভিদ্-বেক্তা এই ব্যবস্থা করেন যে, চারাকে প্রথমতঃ এক कुष्ठ টবে রোপণ করিবেক, পরে যখন উহাকে নাড়িয়া পুডিতে হইবেক, তখন উহার প্রকাণ্ডের কিয়দংশ পর্যান্ত মৃত্তিকায় প্রোথিত করিবেক। এই ৰূপে যত বার এক গামলা হইতে গামলাম্ভর করিবার প্রয়োজন হয়, তত বারই উহার প্রকাণ্ডের কিয়দংশ মৃত্তিকায় প্রোথিত করিবেক। এই ৰূপ ৬ ৷ ৭ বার টব পরিবর্ত্তন করিয়া অবশেষে যে টবে রোপণ করা যাইবেক, তাহাতে উহার প্রক্ষোৎপত্তির

উপক্রম হইলে, যদ্যপি ঐ নিয়ম অবলম্বন করা যায়, তাহা হইলে প্রক্ষা অত্যুত্তম ব্যপে হইতে পারিবে কিন্তু এই নিয়ম সকল চারার পক্ষে নহে। যে সকল চারার প্রকাণ্ড মৃত্তিকার ভিতর প্রোথিত থাকিলে, নিক্ড জন্মিবার সম্ভাবনা, কেবল তাহাদিনের পক্ষে, এই ব্যবস্থা অন্যান্য চারার পক্ষে নহে।

বীজোৎপন্ন চারার প্রকৃতি সমভাবে রাখিবার নিয়ম।

পূর্বে লিখিত হইয়াছে যে, কোন বৃক্ষের শাখা

হইতে চারা প্রস্তুত করিলে, ঐ চারান্ধাত ফুল ও

ফলের কোন প্রকার বৈলক্ষণ্য ঘটে না। কিন্তু একাপ

বল্ সংখ্যক উদ্ভিদ্ আছে যে তাহারা এক বংসরের

মধ্যেই ফুল ও ফল প্রস্তুব করিয়া মরিয়া যায়। সেই

সকল উদ্ভিদ্ হইতে কলম প্রস্তুত হইতে পারে না।

এজন্য ভাইাদিগের বীল হইতে চারা প্রস্তুত করা

আবশ্যক, যেমন ধান্য, যর, গোধুম, তিল, সর্বপ, কলাই

ইত্যাদি। পুর্বের উল্লিখিত হইয়াছে যে, বীজোৎপদ্ম

চারার ফুল ও ফলের প্রকৃতি অনেকাংশে পরিবর্ত্তিত

হইয়া যায় কিন্তু কলমের চারার ফুল ও ফল চিরকাল

সমভাবেই থাকে, অতএব বীজোৎপন্ন,চারার ফুল ও ফল যাহাতে পরিবর্ত্তিত না হয় এমত কোন কৌশল করা আবশ্যক, কারণ তাহা না করিলে ঐ চারার ফুল ও ফলে নানা দোষ জ্বমে, অতএব তৎ-প্রতিবিধানার্থ নিমুলিখিত' কৃষিকৌশল অবলম্বন করা আবশ্যক। মনুষ্যের কৌশল দারা উদ্ভিদ্ সকল যাদুশ উৎক**র্ব লাভ ক**রিতে পারে স্বভাবজ্ঞাত উদ্ভিদ্ সকল তাদুশ পারে না, কারণ সৌন্দর্য সৌগন্ধ মুস্বাদুতা ও পুষ্ঠতা প্রভৃতি গুণ স্বভাবজাত শস্যে সম্পূৰ্ণ ৰূপে জন্মে না; বে্মন ধান্য পুৰ্বেৰ স্বভাবত এক প্রকারই ছিল, কালে বহুবিধ কৃষিকৌশলে বেদা-ফুলী প্রভৃতি বিবিধ প্রকার অসাদুও স্থান্ধ তথুল প্রস্তুত হইতেছে। উক্ত ধান্য প্রস্তুত করিতে যাদৃশ কৌশল আবশ্যক হইয়াছিল ভাষা পাণ্ডি ধান্যে তাদুশ কৌশল আবশ্যক করে না; যদি ভাসাপাণ্ডির ক্ষেত্রে বেণাফুলীকে উচিত্যত কৌশল ব্যতিরেকে (त्रांशन करा इय, जाहा हरेल छेहा ममूनय नकी হইয়া যায়; যদিও বহু যত্নসহকারে উহাতে শস্যোৎপাদন করা যায় তথাপি উহা সম্যুক্ত রূপে উৎপন্ন হইতে পারে না, অধিকাংশই আগড়া পড়িয়া যায় ; আর এই ক্ষেত্রে উক্ত ধান্য উপর্যুপরি ২। ৩ বংসর রোপিত হইলে উহা মকীয় উৎকৃষ্ট গুণ ত্যাগ

করিয়া গুণাস্তর প্রাপ্ত হয়, অথবা ভাসাপাণ্ডির मक रहेशा याय । श्रन क यमि धी शाना अकृष्टे उ নিকৃষ্ট ভূমিতে রোপিত হয়; তাহা হইলে সমুদয় গুণ একৰারে পরিবর্দ্ধিত হইয়া প্রর্বাপ্রকৃতি প্রাপ্ত হওয়াতে কেবল উহার শীষ পুষ্ট হইয়া উঠে কিন্ত তাহাদের শস্ত্রের অধিকাংশ আগড়া মাত্র হয়, ইহাকে সামান্য ভাষায় বারা ধান্য কহিয়া থাকে। এই ৰূপ অকৃষ্ট অপকৃষ্ট ভূমিতে সূর্ষপাদির বীজ বপন করিলেও তজ্জাত চারার সম্পূর্ণরূপে ফল উৎপন্ন হয় না, তন্ধি-মিত্ত বিলক্ষণ প্রতীত হুইতেছে যে, মৃত্তিকার দোব গুণারুসারে উদ্ভিদ্দিগের ফল উত্তম বা অধম হয়; আর সংসর্গ দোষেও ঐ রূপ হইয়া থাকে। তাহার কারণ **बहै, यिन कोन क्लाउं छे** छे भाग महश्च देनवरपादभ বারা ধান্য পতিত হয় এবং উভয়ে ফলিত হইয়া উঠিলে আহরণ করিবার সময়ে যদি পরস্পার মিশ্রিত হইয়া যায়, তাহা হইলে ঐ মিশ্রিত ধান্য পুনর্কার রোপণ করিলে উৎকৃষ্ট ধান্যের অধিকাংশ নিকৃষ্ট ধান্য সংসর্গে নিকৃষ্ট হইয়া যায়, উহার পুর্বান্তন কিছুগাত্র পাকে না। এই ৰূপ নিকৃষ্ট ধান্যও কৃষিকৌশলে উৎকৃষ্ট হুইতে পারে। পুর্ব্বোক্ত কৃষিকোশল অব-লম্বন করাতে সম্বংসরজীবী উদ্ভিদ্গণ পুর্বা প্রকৃতি পরিত্যাগ করিয়া এক্ষণে উৎকৃষ্ট প্রকৃতি প্রাপ্ত

্হইয়াজছ এবং উহাদিগের উৎকৃষ্ট গুণ. সকল এমত স্থিরভাব প্রাপ্ত হইয়াছে যে, কৃষিকোশলের তার-ভম্য ব্যতিরেকে কিছুতেই তাহাদিগের পরিবর্ত্তন হইবার সম্ভাবনা নাই। কিন্তু কুষ্কেরা সকলেই যদি কৌশল প্রয়োগ করিতে 'বিরত হন, তাহা হইলে সমস্ত উদ্ভিদ্ স্বস্থ প্রবাবস্থা প্রাপ্ত হইতে পারে; অতএব কৌশল দ্বারাই আমাদিগের উদ্যানোৎপন্ন ফল সকল স্থান্ধি, স্থাস, বুহদাকারে ও স্থায় হইয়া মনুষ্যের অ্খনজ্যোগযোগ্য হইয়াছে এবং শীল্র বা বিলম্বে ফল প্রসব করিতেছে। উদ্ভিদ্দিগের রোপণ-কৌশল তাহাদিগের শ্রেণিভেদে নানা দেশে নানা প্রকার হইয়া থাকে। উদ্ভিদ্দিগের ফল শীন্ত্র বা বিলম্বে উৎপন্ন হইবার কারণ, অন্য আর কিছু অনুভুত হয় না। যদি কোন উদ্ভিদ্ বস্ত কালাবধি উষ্ণ ও শুদ্ধ ভূমিতে রোপিত করা হইয়া থাকে, ভবে উহার কল শীশ্রই স্থপক হইবে কিন্তু দেই ৰীজ যদ্যপি শীতল ভুমি বা শীতল প্রদেশে রোপিত হয়, তাহা হইলে প্রথম বংসরে উহার ফল শীত্র পরি-পুষ্ট দুষ্ট হইবেক, কিন্তু পরে কালবিলম্ব পড়িয়া यांहेर्द वरः भीजन प्रभीत कान वीक यमि छैक প্রদেশে রোপন,করা যায়, তাহা হইলে উহার চারাতে कत भीख পরিপক হইবে, यেगन इन छ रिभीय महैत

যাহাকে আমরা ওলগু স্থানীশ কহি, উহা এতদ্বেশে অপেক্ষাকৃত শীল্প পরিণত হয়।

উষ্ণ দেশের কোন কোন বীজ্ঞাত চারা শীন্ত্র ফলিত হইয়া থাকে এবং ক্রমকেরা তাহাকে শীতল প্রদেশে লইয়া গিয়া রোপন করিলেও তাহার সমু-দয় গুণ বর্ত্তমান থাকে, তন্ত্রিমিত্ত ইংলগু দেশীয় ক্র্যকেরা কোন কোন উদ্ভিদের ফল শীন্ত্র প্রাপ্ত হইবার জন্য ফুল্সে দেশীয় বীজ আনাইয়া সদেশে রোপণ করিয়া থাকেন। কিন্তু বে কোন দেশীয় বীজ্ঞ হউক না কেন অম্মান্দেশে আনাইয়া বপন করিলে তৎস্থানা-পেক্ষা শীন্ত্রই তাহার ফল পরিপক হয়। কোন কোন ইংলগুরি ক্রক কহিয়াছেন যে, ক্ষুদ্র বীজ্ঞের চারা বড় বীজ্ঞের চারা অপেক্ষা শীন্ত্র ফলিত হয়, কিন্তু এ বিষয়ে বিলক্ষা সন্দেহ রহিল, কারণ আমি এ বিষয় বিশেষ অবগত নহি।

বহুবিধ অনুসন্ধান দ্বারা স্থিরীকৃত হইয়াছে, এক্ষণে কোন কোন কোত্রে মূলা শালগাম বিট প্রভৃতি যে অতি উংকৃত্র রূপ উৎপন্ন হয়, তাহার এই মাত্র কারণ যে, তাহারা ঐ সকল উদ্ভিদের নিস্তেম্প অবস্থার বীল্ল হইতে উৎপন্ন হইয়াছে, অতএব বোধ হইতেছে যে, যখন কোন চারাতে বীজ্ঞোৎপাদন করিতে হইবে তখন তাহার তেন্সের হাসতা করা আবশ্যক।

বদি সতেজ মূলা প্রতৃতি উদ্ভিদের কুল জমিবার প্রবেষ উহাদিগকে তুলিয়া স্থানাস্তরে রোপণ করা যায়, তাহা হইলে উহাদিগের তেজের হ্রাস হইয়া থাকে, কিন্তু ভাহাতে যে বীজ উৎপন্ন হয় ভাহাতে বৃহৎ মুলা জন্মে। এত দ্বিষ্ট্য় এতদ্দেশের কোন কোন কৃষক উক্ত ব্যবস্থানুসারে কার্য্য করিয়া থাকে। উক্ত উদ্ভিদ্ সকল কেত্রের গুণারুলারে তেজস্বী হইয়া পুষ্পা প্রসবের উপক্রম করিলে, তাহাদিগকে ঐ ক্ষেত্র হইতে উৎপাটন পুর্বাক মন্তকে ২।১ নবীন পত্র রাখিয়া তাহাদিগের সমুদয় পত্র ভাঙ্গিয়া দিবে এবং মূলভাগের কিয়দংশ ছেদন করিয়া অবশিষ্টাংশ দুইদিকে চিরিয়া চারি ভাগ করিয়া উত্তয সারময় সৃত্তিকায় পুনরায় রোপণ করিবে। ইহাতে ঐ সকল উদ্ভিদ্ বৃদ্ধি পাইতে পারিদেক না, অথচ উৎকৃষ্ট বীজ উৎপাদন করিবে। কিন্তু যত্ন ও কৌশলসহকারে উহাদিগের মস্তক মাত্র বাহিত্রে রাখিয়া ঐ সকল চারার সমুদায় অপ্রাক্ষ মৃত্তিকায় প্রোথিত করিয়া, भागावित ताथिएल, **डेहोनिएशत मन्ड**रकत पूर्वेते शत সতেজ ও একটা একটা পুষ্পাদগুৰা শীষ বহিৰ্গত হয় এবং ভাহাতে অপেকাকৃত উৎকৃষ্ট বীজ অনে।

এই ৰূপে, বীজোৎপাদন করিবার অভিপ্রায়ে যে সকল চারা রোপণ করা হয়, ভাহাদিগকে ভক্ঞাভীয় সামান্য অপুকৃষ্ট চারার নিকট রোপন করা কর্ত্বরা নহে। কারণ ইহারা উভয়ে যদি এককালে পুজেপাৎ-পাদন করে, তাহা হইলে উভয়ের রেণু উভয়ের স্ত্রীকেশরে সঞ্চালিত হইয়া এমত মিশ্রিত হইবে ধ্যে, তাহাতে উৎকৃষ্ট বীক্ষ উৎপত্তি হইতে পারিবেক না; যদি অর্দ্ধ কোশের মধ্যে উক্ত অবস্থায়িত চারা থাকে, তাহা হইলেও পুংকেশরস্থ রেণু স্ত্রীকেশরে পতিত হয় এবং তাহাতেও উৎকৃষ্ট বীক্ষ উংপন্ন হইবার সম্ভাবনা থাকে না, অভএব বে স্থলে তাদুশ বিদ্ধ ঘটবার সম্ভাবনা না থাকে, সেই স্থানেই তদ্রপ চারা রোপণ করা বিধেয়। নতুবা অবম জাতীয় রেণু উত্তম জাতীয় স্ত্রীকেশরে পতিত হইলে অধম বীজ্প উৎপাদন করিবে।

উদ্ভিদ্দিগের উৎকর্ষ সাধনের বিষয়।

পুর্বেশ্ব ব্যবস্থানুসারে কার্য্য করিলে চারা সকলের উৎকৃষ্টতা সমাধান হইতে পারে, কারন তদ্ধারা
তাহাদিগের কোন কোন বিশেষ গুণ উৎপন্ন হয়
এবং ঐ গুণ সহযোগে ক্রমে তাহাদিগের অপরাপর
উৎকৃষ্ট গুণ সমূহ উদ্ভূত হইতে থাকে। এতদ্বিন্ন উদ্ভিদদিগের কুল ও ফলের উৎকৃষ্টতা হইবার জন্য আরও

দুইটী কৌশল আছে তম্মধ্যে প্রথমটী স্বাভাবিক এবং দ্বিতীয়টী কুত্রিম। স্বভাবত কোন কোন ৰীজের চারায় কোন কোন বিশেষ গুণ উদ্ভুত হইয়া থাকে, ভাহাতে ইহার পত্রের আকৃতি বা ফুল ও ফলের বর্ণ পরি-বর্ত্তিত হইয়া যায়, কিন্তু কি কারণে এ রূপ ঘটে তাহার গৃঢ় তত্ত্ব অদ্যাপি আবিষ্কৃত হয় নাই। অতএব এতদ্বিয়ের এই মাত্র অবগত হওয়া গিয়াছে যে, কোন উদ্ভিদের কোন অংশে কোন প্রকার উৎকর্ষ জ্বনিলে. তাহার সেই অংশে সেই ৰূপ গুণ চিরকালই विताजगान थारक जर जे উद्धिम्मिरभत वीस्मर् বে চারা উৎপন্ন হয়, সেই চারা স্থকোশল সহকারে রোপিত হইলে তাহার সেই অংশে সেই গুণ প্রকাশিত হইতে পারে। যেমন এতদ্দেশীয় আত্র কাঁটালাদি যাহাদিগকে এক্ষণে অতি উৎকৃষ্ট রসাল ফল মধ্যে গণ্য করা যায়, তাহারা পুর্বেষ এ রূপ ছিল না। সভাৰতঃ এক্ষণে এৰপ উৎকৃষ্ট হইয়া উচিয়াছে। যেমন কলিকাতা বটেনিক উদ্যানে আলফাকা নামক এক প্রকার আত্র আছে, তাহার সদৃশ আত্র আর কোন স্থানে দৃষ্টিগোচর হয় না। ইহার এত উৎকৃ-ষ্টতার কারণ স্বাভাবিক কৌশলমাত্র্য তদ্ভিন্ন আর কিছুই বোধ ছয় না। ভ ড়ো নিবাসি এীযুক্ত বাবু রাজেন্দ্রলাল মিত্রজ মহাশয়ের উদ্যানেও এক প্রকার আত্র আছে,

সেই আত্র কাটিলে গোলাপের গন্ধ বহির্গত হয় এবং এক প্রকার কাঁটাল আছে, তাহার কোষের ভিতর বীজকে বেষ্ট্রন করিয়া এক স্থলী উৎপন্ন হয়, ঐ স্থলীর ভিতর মধু পাকে। ইহা ভিন্ন জনেক বুকের কল এমত পরিবর্ত্তিত হইয়া গিয়াছে থৈ, তাহাদিগকে ভজ্ঞাতীয় বলিয়া কখনই প্রতীত হয় না; বেমন একণে এক প্রকার পাতিলেবু উঠিয়াছে, উহা আকারে বাতাবি নেবুর সদৃশ, উহাকে কোন মতে পাতিলেবু বলিয়া বোধ হয় না। কোন কোন ইংলগুীয় উদ্ভিদ্বেন্তারা কহেন যে, কোন কোন লভা এই স্বাভাবিক কৌশল দারা পরিবর্ত্তিত হইয়া, বৃহৎ কাগুবিশিষ্ট বৃক্ষ হইয়াছে, কিন্তু এই বৃক্ষ এতদ্দেশীয় লোকদিগের অসম্ভব বলিয়া বোধ হইতে পারে, কারণ ইহার কোন বিশেষ কারণ দর্শাইতে পারা গেল না, কেবল উক্ত উদ্ভিদ্বেক্তাদিগের কথার উপর নির্ভর করিয়া এ কথা লেখা গেল।

আর , যদি কৃত্রিম কোশল দারা উদ্ভিদ্দিগের উন্নতি সাধনের চেষ্টা করা যায়, তাহা হইলেও তদিষয়ে কৃতকার্য্য হইক্তেপারা যায়। পুর্বের লিখিত হইয়াছে নে, আগামি বর্ষের কৃষ্কিার্য্যের জন্য অতি-শয় পরিপুষ্ট চারার বীজ রাখা আকশ্যক, কেননা বলিষ্ঠ পিতার শুক্রজাত সন্তান বলিষ্ঠই হয়। কিন্তু

ग्र-वरमत्रकीवी हाँतानिरगत शतक व्यक्तश कीमन তাদৃশ কলোপধায়ক হয় না, কারণ তাহাদিগের কোন হতন গুণ চিরাবলম্বিত করা অতিশয় স্থক্টিন। কিন্ত বহুকালস্থায়ী বুক্ষে এই প্রকার গুণ চিররন্ধিত হইতে পারে, যেহেতু তাহা হইতে অনায়ানে কলম করা যায়। কৃষকেরা বীজোৎপন্ন চারা সমূহকে যে অবস্থায় পরিণত করিবার চেন্টা করিকো তৎপুর্বের তাহাদিগকে সেই ञवञ्चात উপযোগी कृतिया लहरवन, नकत्नह अव-গত আছেন ধে, কোন চারার ফুল এবং ফল উৎপন্ন হইবামাত্র "মৃদ্যুপি ছিঁড়িয়া দেওয়া যায়, তাহা হইলে উহার শাখাও পত্রাদি অবশ্য প্রবল হয়, এই · ৰূপে যদি আলুর ফুল ও ফল **জন্মাই**বার ব্যাঘাত করা যায় তাহা হইলে আলু বৃহত্তর হয়, य जानूत हातार के कून ७ कन हरा ना; यनि कान উপায় দারা ভাহাকে ভেজোহীন, করা যায় ভাহা হইলে ঐ আলুর ফুল ও ফলজন্মে। অতএব যেআলুর চারাতে অতিশয় বড় আলু প্রস্তুত করিতে হইবেক, প্রথমতঃ কিয়ৎকাল ভাহার ফুল ফল জন্মাইবার ব্যাঘাত করা আবশ্যক, পরে যখন আলু অতিশয় বড় হই-য়াছে দেখিবে তখন, উত্তম বীক্ষ উৎপাদন করিবার জন্য ঐ আলুন বুদ্ধি নিবারণ করিবে ও তংসম্বন্ধীয় বে কোন উপায় বৃদ্ধিগোচর হইবে, তৎসমুদায় অব-

লম্বন করিলেই উৎকৃষ্ট পরিপুষ্ট বীজ অবশ্যই প্রাপ্ত হওয়া যাইবে। যে যে জাতীয় চারাতে যে ৰূপ কল জন্মে, যদি তাহাতে তদপেকা উৎকৃষ্ট কল করিবার বাসনা হয় তবে তাহাদিগের ফুল, উৎপন্ন হইবার গুর্বে সেই সকল চারা তৈজ্ঞজ্ঞর সারময় মৃতিকায় চুই বৎসর পর্যন্ত প্রোধিত রাখিবে এবং তদবস্থায় ফুল ও কল হইতে দিবে না, ফুল কল জ্ঞানিলে চারা তেজোহীন হইতে পারে, চারা তেজ্ঞ্জী হইলে পর ইহার কল্ঞাত বীজ্ঞ অতি উত্তম হয়।

কোন ত্তন প্রকার চারা উৎপাদন করিতে হইলে প্রাপ্তক্ত প্রকরণ অবলম্বন করিবার আবশ্যক নাই কেননা ভদ্তিয় আর একটি স্থকোশল আছে যদ্বারা অত্যুত্রম রূপে ঐ কার্য্য সমাধা হইতে পারে ও স্থগদ্ধি পুক্ষাচারা এবং নানা জাতীয় স্থস্বাদু ফল তরু উৎপন্ন
হইতে পারে। যাহারা বন্যাবস্থায় এতাদৃশ ছিলনা সেই
ডেলিয়া ও ভরবিনা পুক্ষা এই নিমুলিখিত কোশল অবলম্বনেই এর্প নানা বর্ণবিশিপ্ত ও মনোহর হইয়াছে;
এবং গোলাপ ফুল পুর্বের অন্য এক প্রকার পঞ্চদল বিশিপ্ত
ও কেশরে পরিপুরিত ছিল। কিন্তু উহা স্বারন্ধাত করাতে
নানা রূপে পরিণত হইয়াছে ও ক্ষবিকার্য্যের কোশলে
কেশর সকল পরিবর্ত্তিত হইয়া বহুদল্যবিশিপ্ত হইয়াছে।
এই কোশল অবলম্বন করিয়া বে চারা উৎপন্ন হয়,

তাহাকে জারজ চারা কহে। জারজাত কারা উৎপাদন করিবার বিশেষ প্রকরণ এই, কোন প্রক্রান্থিত স্ত্রীকেশরের উপরে অন্য জাতীয় পুষ্পের রজ আনিয়া সংযুক্ত করিয়া দিলে বিশেষ গুণ বিশিষ্ট বীজ উৎপদ্ম হয় এবং সেই বীজে ভিন্ন প্রকার চারা জন্মাইতে পারে। কিন্তু যে জাতীয় রজ সঙ্গত করিতে হইবে তাহাতে বিশেষ গুণ উৎপন্ন হইতে পারিবে কি না, তাহা পুর্বেব বিবেচনা করা উচিত। উষ্ণ দেশে শীতল পেশীয় চারা আনিয়া রোপণ করিলে, ভাষা রক্ষা পাইতে পারে না কিন্ত তত্ত্র জ্ঞাতীয় উষ্ণ দেশীয় কোন চারার সহিত যদি সঙ্গত করিয়া জারজাত চারা উৎপন্ন করা যায়, তাহা হইলে ভাহাতে যে বীজ উৎপন্ন হয়, সেই বীজন্ধাত চারা উষ্ণপ্রদেশে রোগিত হইলে অবশ্য রক্ষা পাইতে পারে। যেমন লবফের চারা এদেশে কখনই রক্ষা পায না কিন্তু পিমেট ভলগেরিশের সহিত ইহাকে সঙ্গত করিয়া দিয়া, যদি তাহা হইতে বীজোৎপাদন করা যায় তাহা হইলে সেই বীজজাত চারা অবশ্য রক্ষা পাইতে পারে এবং ভাহাতে উৎকৃষ্ট ফন ও জন্মিতে পারে। কিন্তু অস্মদেশীয় লোকের কবিবিদ্যায় তাদুশ উৎসাহ ও অনুরাগ নাই এজন্য কাহাকেও তাদুশ জায়াসসাধ্য কার্য্যে প্রবৃত্ত হইতে দেখা যায় না। যদি এতদ্দেশীয় কৃষকেরা এই অদ্ভুত ব্যাপারের অনুসন্ধানে বিশেষ

ৰূপ মনোষোগ্ৰ করে ভাষা হইলে ভাষারা বিলক্ষণ অর্থনাত করিতে পারে এবং অপরিসীম আনন্দ লাভ করিতে পারে। পৃথিবীতে যত প্রকার উদ্ভিদু আছে তাহার এক একটী এক এক রিশেষ গুণসম্পন্ন; কোনটীর ano कितिकीरन या, • मर्कामिष अ मर्काकात জিমতে পারে। কোনটীর প্রকা এরপ স্থান্ধি যে, তাহার আম্রাণ্যাত্রেই শরীর প্রলকিত হয় কোন্টীর পুষ্পের বর্ণ এত উৎকৃষ্ট যে তাহার শোভা বর্ণনা করা অসাধ্য, কোনটীর প্রক্রাগত সৌষ্ঠবের পরিসীমা নাই, কোনটী বা অপর্যাপ্ত পুষ্প ফলে অলক্ত হইয়া শোভা পায়; যদি উক্ত ৰূপ উপায় অবলম্বন পূৰ্ব্বক এক জাতীয় ভিন্ন ভিন্ন চারাদিগকে পরস্পার সম্বত করিয়া তাহাহইতে অপুর্ব্ব গুণসম্পন্ন পুষ্প ও ফল উৎপাদন করিতে পারা যায় ভাহা হইলে আনন্দের আর পরি-সীমা পাকে না, এবং ভাহা দেখিঁয়া লোকের একপ প্রতীতি হইতে পারে যে, ভূমণ্ডল বুঝি কোন অপৰূপ প্ৰকৃতি অবতীৰ্ণ করিয়া এৰূপ অদ্ভূত উদ্ভিদের সৃষ্টি করিয়াছে।

কোন কোন গ্রন্থে কথিত আছে যে, জ্বারস্তাত চারা মাতাপিতা উভয়েরই সম্পূর্ন গুণ প্রাপ্ত হয়; তাহার পুষ্পের গঠনে মাতৃগুণ ল্যুক্ষত হইয়া ধাকে এবং পত্র সকল পিতৃগুণ বিশিষ্ট হইয়া তৎস- দুশ আকার ধারণ করে। কিন্তু সকল চারাতে যে এই
কাপ হইবেক এমত স্বীকার করিতে পারা যায় না।
সম্প্রতি হটিকলচারল সোসাইটির উদ্যানে এক জ্ঞারজ্ঞাত চারা উৎপাদিত হইয়াছে, তাহার মাতার নাম
বেগোণিয়া প্রাটিনি কোলিয়া এবং তাহার পিতার
নাম বেগোণিয়া মালা বেটিরিকা উক্ত জ্ঞারক্ত চারাতে
কেবল মাতৃগুণ প্রকাশ পাইয়াছে অর্থাৎ মাতৃপত্রে
যেক্রপ প্রতবর্নের গোলাকার চিত্র থাকে উহার পত্রেও
অপেক্ষাকৃত কিঞ্ছিৎ বৃহত্তর সেই ক্রপ চিত্র হুইয়াছে।

ভিন্ন ভিন্ন জ্বাভীয় চারাদিগের কোন কোন অংশে সোসাদৃশ্য থাকিলেও তাহা হইতে জ্বারজ চারা উৎপন্ন হইতে পারে না, অনেকে এ বিষয়ে সচেষ্টিত হইয়াও কৃতকার্য্য হইতে পারেন নাই। অনেক ইংরাজী গ্রন্থে এরপ দৃষ্ট হইয়া থাকে যে, বিভিন্ন জ্বাভীয় চারার পুংকেশরের রক্ত জ্বীকেশরে সংযোগ করাইলেই জ্বারজ্ব চারা উৎপন্ন হয়। কিন্তু পরীক্ষা করিয়া দেখিলে এ বিষয়ের সকলি অলীক বলিয়া বোধ হয়। কেননা মটর, সীমের সহিত এবং কপি, মূলার সহিত সঙ্গত হইয়া কখনই জ্বারজ্ব চারা উৎপাদন করিতে পারে না।

যে যে জাতীয় চারা হইতে জারজ চারা উৎপাদন করিতে পারা যায়, তাহাদিগের সংখ্যা অপ্প; জন্ত-গণের জারজ সন্তান যে রূপ সহজেই উৎপন্ন হইয়া

थारक, मलूर्यात हिष्टीय छिद्धिम्भर्गत त्म क्रम इय না। কিন্তু স্বভাৰতঃ উদ্ভিদ্দিগের যে জারজ চারা উৎপন্ন হয়, তাহা সম্ভেচ্ছ হইয়া থাকে। অনেকা-নেক প্রকান্থিত পুংকেশরের রজ বায়ু বা প্রজাপতি প্রভৃতি পতঞ্চ দারা আমনীত হইয়া, তত্তজ্ঞাতীয় স্ত্রীকেশরে পতিত হয় এবং তাহাতে যে বীঙ্গ উৎপন্ন হয়. তাহা হইতে স্বাভাবিক জারজ চারা জন্মিয়া থাকে। কিন্তু ঐ সমস্ত জারজ চারা কখন কি রূপে উংপন্ন হয় তাহা আমরা জানিতে পারি না। জারজ চারার প্রকৃতি মাতা পিতার প্রকৃতি হইতে যে কত তুর পরিবর্ত্তিত হয় তাহা নির্বয় করা যায় না।

জারজ চারা উৎপাদন করিবার নিয়ম এই যে, যে যে জাতীয় উদ্ভিদে সঙ্গত করিতে হইবে তাহাদিগের উভয়েরই প্রক্রা, বিকসিত হইবা মাত্র, যাহার স্ত্রীকেশরে রন্ধ সংলগ্ন করাইতে হইবেক সেই উদ্ভিদের প্রংকেশর হইতে রম্প বহির্গত হইবার প্রর্কে প্রংকেশর গুলি কাটিয়া দিবেক; এবং যাহার রক্ষ উক্ত স্ত্রীকেশরে সংলগ্ন করিতে হইবেক ভাহার পুংকেশর হইতে রম্ব বহির্গত হই-বার পূর্বের স্ত্রীকেশর গুলি কাটিয়া দিবে । কারণ ভাহা না হইলে স্ব প্রংকেশরের রঞ্জ জীকেশরে সঙ্গত হইয়া স্বাভাবিক বীক্ষ উংপদ্ম ইংবে স্তরাং সেই বীক্ষজাত চারা ভক্ষাভিই প্রাপ্ত হইবার অধিক

সম্ভাবনা। রক্ত সংলগ্ন করিবার সময়ে স্থ্রীকেশরে যে এক প্রকার নির্ধাসবং রস থাকে তাহা সম্যক্র রূপে ঐ কেশরে ব্যাপ্ত হইয়াছে কি না প্রর্ক্তে তাহা দেখা আবশ্যক, যদি হইয়া থাকে, তাহা হইলে তৎ স্বজাতীয় অন্য চারার প্রংকেশরের সহিত রেপু আনিয়া তাহাতে সংলগ্ন করিয়া দিবে।

চারারোপণ করিবার জন্য ভূমি প্রস্তুত করিবার প্রকরণ।

বে কোন স্থানে ক্ষিকার্য্য করা হইয়া থাকে তাহাকে সামান্যতঃ ক্ষেত্র বা উদ্যান কহে। তন্মধ্যে যে নিম্নভূমি বৃতি বেষ্টিত না থাকে এবং যথায় কেবল এক হায়নীয় উদ্ভিদ্ন সকল রোপন করা হয় তাহাকে ক্ষেত্র কহে; আর যে ভূমি বেষ্টিত থাকে এবং যথায় বহু হায়নীয় চারা সকল রোপন করা হয় তাহাকে উদ্যান কহে। কিছু ক্ষেত্র হউক বা উদ্যান হউক, ক্ষিকার্য্যোপযোগিভূমি প্রস্তুত করিয়া লওয়া কৃষকের সর্ব্বতোভাবে বিধেয়। কেননা ভূমি উদ্ভিদ্দিশের আধার স্থান, এ ভূমি হইতে উদ্ভিদ্বেরা প্রষ্টিকর দ্রব্য সকল সঞ্চয় করিয়া খাকে। এই জন্য ভূমির উর্ব্রতাক্ষারে চারা সকল

তেজীয়ান্ হয়। কিন্ত ভূমি প্রস্তুত করিতে হইলে উদ্ভিদগণের ও এই দেশের প্রকৃতির পর্য্যালোচনা করা আৰশ্যক। ঋতু পরিবর্ত্তনানুসারে ভুমির প্রকৃতির পরিবর্ত্ত হইয়া যায় এজন্য ভূমি কখন আর্দ্র কখন বা শুষ্ক অবস্থায় থাকে। তদমুসারে কৃষিকর্দ্ম ও দ্বিবিধ হয়। य नकन উদ্ভिদ্ অধিক জল সহা করিতে প্লারেনা ও যাহার। মৃত্তিকার শুষ্ক অবস্থায় জন্মিয়া থাকে। তাধা-দিগকে রবি খন্দ বলে; যেমন সর্যপা, গোধুম, আকিং ইত্যাদি। আর যাহারা অধিক জল প্রাপ্ত না হইলে জন্মেনা ও যাহাদিগকে মৃত্তিকার আর্দ্র অবস্থায় রোপণ कति इंग् जोशिमिशिक विधियम वट्या (यगन धीना. ইকু, মকা ইত্যাদি। यपि রবিখন্দ প্রস্তুত করিতে হয় তবে ভাদ্র আখিন ও কার্ত্তিক এই মাসত্রয়ের মধ্যে ক্ষেত্র প্রস্তুত করা উচিত। কেননা এই সময় অতীত হইলে অনেক অমুবিধা ঘটিয়া থাকে। অগ্রহায়ণ পৌষ মাসে মৃত্তিকা এনত শুষ্ক হইয়া উঠে যে, তাহা খনন করিয়া ক্ষেত্র প্রস্তুত করা দুঃসাধ্য হয়, এজন্য কোন রবিখন্দ প্রস্তুত করিতে হইলে মৃত্তিকার আর্দ্র অব-স্থায় অর্থাৎ ভাদ্র মানে লাঙ্গল দারা ক্ষেত্র কর্ষণ করিয়া তদুপরি সার বিক্ষিপ্ত করা আবশ্যক। ইহাতে ঐ ক্ষেত্রের মৃত্তিকা বৃষ্টির জলে ভিজিয়া এতদ্রপ প্রস্তুত হইবে যে, ভাহাতে চারা রোপন করিবামাত্র মৃত্তিকার

উৎপাদিকাশক্তি আশ্চর্যান্তপে প্রকাশ গ্রাইবে । কিন্ত যদি গ্রীম্মকালে কোন প্রকার ফশল প্রস্তুত করিতে হয় তবে ভাদ্র আশ্বিন ও কার্ত্তিক এই মাসত্রয়ের মণ্যে যখন ইচ্ছা इইবে মৃত্তিকা প্রস্তুত করিবেক। আর য়ুপন ব্যার খন্দ প্রস্তুত করিতে হইবে তখন বৈশাখ মাসে তুই এক বার বৃষ্টি হইলেই ক্ষেত্র, লাঞ্চদারা কর্ষণ করিয়া প্রস্তুত করিয়া লইবেক কিন্তু কোন প্রকারে বিলম্ব করিবে না। কারণ বৈশাখান্তেই প্রায় বর্ষা আসিয়া উপস্থিত হয়। বর্ষার জলে সমুদয় ক্ষেত্র পরিপুর্ন হইয়া যার অতএব তদবস্থার মৃত্তিকা খনন করা। দুষ্কর হইয়। উঠে। আর এদেশে এরপ প্রথা আছে যে, ধান্যক্ষত্তে যখন ধান্যের চারা আনিয়া রোপণ করে তখন জল পারি-পুরিত ক্ষেত্রে লাগল দিয়া কর্ষণ পুর্বাক চারা রোপণ করে। কিন্তু এই ব্যবস্থা ধান্যাদি জনজ চারার পক্ষেই প্রচলিত হইতে পারে অন্যান্য চারার পক্ষে কখন শ্রেয়কর হয় না। প্রতিবৎসর যে ক্ষেত্রের আবাদ হইয়া থাকে তথায় কেবল লাঙ্গল ও গৈয়ের দারা ভূমি প্রস্তুত করিলেই হয়। কিন্ত কর্ষণ করিবার প্রবেষ মৃত্তিকার অবস্থা বিশেষ রূপে বিবেচনা করা আবশ্যক , কেননা यपि मृजिका कर्मात्मत गाप्ति (कांगल थाटक जटन তথায় লাঞ্চল দেওয়া উচিত নহে, তদবস্থায় মৃত্তিকা খনন করিলে লাঞ্চনমুখে চাপড়া মৃত্তিকা না

উঠিয়া কেবল স্থানে স্থানে নালার ন্যায় গহরর হইয়া যায় আর ঐ নালার পার্শ্বদ্য় কিঞ্চিৎ উচ্চ হইয়া উঠে এবং ভাষা স্থাযোগে এমত শুদ্ধ হইয়া উঠে যে, বহু পরিশ্রম না করিলে তাহাকে ওঁড়া করা যায় না; অতএব এমত অবস্থায়[®] ঐ ক্ষেত্রে হল চালন না কবিষা, কিঞ্জিং কচিন হইলে তৎক্ষণাৎ মই দেওয়া কর্ত্তব্য, কেন্দা মই দিতে বিলম্ব হইলে সেই মৃত্তিকা সকল এনত কঠিন হইয়া উঠে যে, পরে মই দিলে তাহা কখনই গুঁড়া হইতে পারে না। যদি ক্রমাগত বহুদিন ক্ষিকার্য্য দারা কোন ভুমির উৎপাদিকা শক্তির হীনতা জন্মে, তবে নিম্নলিখিত নিয়মানুসারে উহাকে সংশোধন করিতে হইবেকু। ভূমি উর্বরা করিবার জন্য ক্ষেত্রের স্থান এক হস্ত পরিমাণে খনন করিয়া উপরের মৃত্তিকা নিমভাগে এবং নিমভাগের মৃত্তিকা উপরে স্থাপন করিবেক, কিন্তু ভূমিতে এককালে এইরূপ খনন-কার্য্য সমাধা করা সহজ ব্যাপার নহে, তলিমিত্র ত্তিন চারি হস্ত পরিমাণ এক এক চৌকা কাটিবেক এবং ঐ চৌকার উপরের মৃত্তিকা একদিকে এবং নিমের মৃত্তিকা আর এক দিকে রাখিনেক, পরে ঐ চৌকা পরিপূর্ন করিবার সময়ে উপরের মৃত্তিকা অগ্রে ফলিয়া পরে নিম্নের মৃত্তিকা তদুপরি ফেলিনে, এই প্রকারে বহু চৌকা কাটিতে পারিলে ক্ষেত্র প্রস্তুত

हहेराक। यपि श्रुनः श्रुनः ध्यनवनिवस्त्रन कौन ভূমির উৎপাদিকা শক্তি বিলুপ্ত প্রায় হয়, কিম্বা বহুদিন পতিত থাকায় তাহাতে বন জগল জমে, তবে সেই সকল ভূমি লাক্ল ছারা কর্মণ করা চূম্বর হইয়া উঠে, কেননা বৃক্ষ ও অন্য উদ্ভিদের শিকড়ে অনেক অনিষ্ট হুইবার সম্ভবানা অতএব এই ৰূপ স্থলে উক্ত প্রকার চৌকা কাটিয়া মৃত্তিকা বিলোড়ন করাই কর্ত্তব্য। যে স্থলের মৃত্তিকা এমত কঠিন যে কোদালে বা লাঞ্চলে খনন করা চুম্বর, তথাকার মৃত্তিকা গাঁতি মারিয়া খনন করিবেক। ক্ষেত্রে অধিক উলু কিম্বা অন্য প্রকার ম্বাস পাকে তবে ত্রথায় লাঙ্গল দারা কর্ষণ করিলে য়ে সকল চাপড়া উটিবে তাহা ভাঙ্গিয়া খাস বাছিয়া ফেলা দুম্বরু এক্সন্য চৌকা কাটিয়া মৃত্তিকা বিলোড়ন করা আবশ্যক, ইহাতে ঘানের চাপড়া চৌকার নিম্নভাগে পতিত হইলে সমুদয় পচিয়া বিনষ্ট হইবেক। পরে মৃত্তিকা যে কোন উপায় দারা খনন করা হইলে ফেত্রের স্র্র স্থান এমত সমতল করা আবশ্যক যে, কোন স্থান ফোন নিম্ন বা উচ্চ না থাকে; ভূমি সমতল না করিয়া উচ্চাবচ রাখিলে বর্ষার জল নীচ স্থানে অধিক পরি-মাণে সঞ্জিত হইয়া তত্ৰস্থ চারা সকলকে বিন্ট ক্রিতে পারে, এজন্য স্থানে স্থানে মাটামধন্ত কেলিয়া ভূমি সমান • হইয়াছে কি না পরীক্ষা করিয়া দেখা কর্ত্তব্য । যদি তাহাতে ক্ষেত্রের সকল স্থান সমউচ্চ হইয়াছে একপ স্থির হয়, তবে তাহাতে বীজ বপন করা বিধেয় ।

যদি উদ্যান করিতে হাঁয় তবে আর্দ্র এবং শুষ্ক উভয় অবস্থার ভূমির প্রভাব উদ্ভিদেরা সহ্য করিয়া বাহাতে সংবংসরের মধ্যে বৃদ্ধিশীল হইতে পারে এমত উপায় অবলম্বন করিয়া মৃত্তিকা প্রস্তুতকরা আবশ্যক কিন্তু সেই মৃত্তিকা এমত প্রস্তুত করিয়া লইতে হইবেক মে, কোন কালে বেন ভাহার উৎপাদিকা শক্তি বিনষ্ট হইয়া না যায়। অর্থাৎ প্রথমতঃ চৌকা খনন প্রণালী অবলম্বন পূর্ব্বক সকল স্থানের মৃত্তিকা খনন করিয়া বিলোড়ন করিবেক এবং দেখিবে যে, ইহার ভিতর কোন স্থানে ইষ্টক প্রস্তুর বা কোন বৃক্ষের শিকড় আছে কি নাযদি কিছু পাকে ত্তবে তাহা উঠাইয়া কেলিবেক এবং বর্ষার লল পতিত হইলৈ কোনু স্থানে যাইয়া স্থিত হইবেক ও কোথা দিয়া যাইয়া বহির্গত হইবেক এই সকল িশেষ বিবেচনা করিয়া ভূমিকে এমত সগান করিতে হইবেক, যেন বর্ষার জল কোন স্থানে ভিত না হয় অর্ণাৎ উহার এক দিক এরপ নিম্ন করিতে হইবেক যেন জল পড়িবা মাত্র সেই দিকে গড়াইয়া পহির্গত হইয়া যায় এবং শীত ও গ্রীম্মের প্রভাবে মৃত্তিকার রস

ভিতরে যাইয়া প্রবেশ করিতে পারে। জুবশেষে চৈত্র বৈশাখ মানে ঐ জল কোথায় যাইয়া স্থিত হইবেক ইহা ধার্য্য করিয়া তদনুষায়ী উদ্যানের একাপ উচ্চু সীমা ধার্য্য করিবেক যেন তাহাতে চারা প্রতিলে ঐ চারার মূলাগ্রে রসের সঞ্চার চিরকাল সমভাবে থাকিতে পারে। আর যদি ভূমি অধিক উচ্চ হয় তাহা হইলেরস এমত অধিক নিম্নভাগে যাইয়া প্রবেশ করে যে, তথায় শিক্ত সকল যাইয়া কোন মতে রুস আকর্ষণ করিতে পারে না স্কতরাং ভাহাতে উদ্যানস্থিত চারা নষ্ট হইয়া যাইতে পারে, অতএব উদ্যানের উচ্চতা এক হৈন্তের অধিক कता जित्रिया। উদ্যানের পার্মে যে সকল রাস্ত। থাকিবেক ভাহাদিগের সহিত সমোচ্চ করিয়া উদ্যান না করিলে যাভায়াভের পক্ষে স্থবিধা হইতে পারে না। যদি কোন কারণবশতঃ ঐ ভূমি এক হস্তের অধিক উচ্চ থাকে তবে অবশ্য অনুমান হইতে পারে যে, গ্রীম্মকালে সমুদায় রস অতি নিমভাগে থাকিবে অতএব তথায় উদ্যান করা কোন মতে বিহিত নহে। কিন্ত এবস্পুকার উচ্চভূমি পশ্চিমাঞ্চলের পর্বত প্রদেশ ভিন্ন অন্য কোন স্থানে প্রায়ই দুষ্টইয় না, ফলতঃ পর্বতপ্রদেশে কৃষিকার্য্য কিছুই হয় না। যদি ওকোন উদ্ভিদ্ উহাতে থাকে তাহা হইলে, তাহারা চৈত্র-মানে মৃতপ্রার হইয়া যায় : পরে বর্ষাকালে কিঞ্চিৎ

প্রবল হইয়া • উঠে। অপর পর্বতের উপরে বে
সকল বৃক্ষ আছে, তাহার অনেক বৃক্ষ এই সময়ে রসবিহীন হইয়া মরিয়া যায়, কেবল যে স্থানে কিঞ্জিৎ
রসের সঞ্চার থাকে তথায় তাহারা জীবিত থাকে।
আমাদিগের এই বঙ্গরাজ্যের মধ্যে এমত অনেক
ভূমি আছে, যাহাদিগের ২ 1 ৪ অঙ্কুলি মৃত্তিকার নিম্নভাগ কেবল বালিতে পরিপূর্ণ তাহাতে
কোন উদ্ভিদ্ জন্মে না; তাহাদিগকে সামান্য ভাষায়
হানাপড়া ভূমি কহে। যদি এমত স্থলে উদ্যান
করিতে হয় তবে ঐ স্থানের সমুদ্য বালি ভূলিয়া
না কেলিলে কখনই উদ্যান হইতে পারে না।

উপরে যাহা লেখা হইয়াছে ইহা কেবল সাধারণ উদ্ভিদ্ পকে ব্যবস্থা হইতে পারে কিন্তু এমত অনেক বৃক্ষ আছে যে, তাহাদিগের জন্য অতিশয় নিম্নভূমি ব্যবস্থা করা কর্ত্তব্য । যেমন শুপারি ও নারিকেল প্রভৃতি । এবং অনেক বিলাতি উদ্ভিদ্ও এরপ আছে, যাহাদিগের জন্য উদ্যানের কোন অংশ উচ্চ করিতে হয় । তরিমিত্ত ক্ষকদিগকে এই বিধি দেওয়া যাইতেছে যে, উদ্ভিদের স্বভাবানুসারে ভূমি উচ্চ ও নিম্ন করিবেক ।

যদি বালুকাময় ক্ষেত্র কিম্বা ধান্য ক্ষেত্রের নিম্নভূমি প্রণ করিয়া উদ্যান করিতে হয় তবে

প্রেথমতঃ তাহার চতুর্দ্দিকে পগার দিয়া ধার উন্নত করিতে হয়, পরে কোথায় কি করিতে হইবেক তাহার এক খানি মানচিত্র কাগজে প্রস্তুত করিবেক অপর যে স্থলে বৈঠকখানা নির্দ্মিত হইবেক তাহার দক্ষিণ পূর্ববিদকে এক পুষরিণী কাটিয়া তাহার মৃত্তিকায় নিম্নভূমি পরিপুরিত করিবেক। পরে তদবস্থায় কিছু দিবদ ফেলিয়া রাখিবে কিম্বা এ দেশীয় প্রথান্ত্রসারে তথায় কদলীর চারা বরোপণ করিয়া দিবে কিন্তু অন্য কোন বুক্ষের চারা কোন ক্রমেই তথায় রোপণ করি-त्वक ना । कातन मुर्रे जिन वर्मत भंज ना हरेल के মৃত্তিকা উত্তম রূপে মিশ্রিত হইতে পারে না। কোন স্থানে চিক্তণের, কোথাও বালির, কোথাও বা বোদ মৃত্তি-কার ভাগ অধিক পড়িয়া থাকে কিন্তু এই তিন প্রকার মৃত্তিকা বৃষ্টির জলে কিমা কর্ষণে একত্র মিশ্রিত না হইলে উহারা স্বয়ং কখনই কৃষিকার্য্যের উপযোগী হইতে পারে না। আর হতন মৃত্তিকা নিম্নস্থ পুরাতন মৃত্তিকার সহিত যে পর্যান্ত মিশ্রিত না হয় তাবং উহা এমত আল্গা ভাবে থাকে যে, বর্ধার কিছু দিন পরেও উহা কিঞ্চিমাত্র রস ধারণ করিয়া হাখিতে পারে না মুক্তরাং তাহার উপর কোন চারা পোতা, থাকিলে রসাভাবপ্রযুক্ত শরিয়া যায় । বর্ষাকালে উদ্যানের উপর জন পতিত হইলে জলের সহিত উদ্যানত যে যৃত্তিকা

র্থেতি হইয়া **প্র**াধারের খানার পড়িয়া থাকে, ভাহা, তত্রস্থ জল শুষ্ক ইংলে তুলিয়া উদ্যানে ফেলিয়া দিলে তাহার উর্বরতাশক্তি বৃদ্ধি হইতে পারে। যদি রুষক এমত বিবেচনা করেন যে, প্রাগারের দারা জন্তুদিগের গভায়াত নিবারণ হইজে পারেনা, তবে উদ্যানের চতু-দ্দিকে বেড়া দিয়া বেষ্টন করিবেন। আমাদিগের এই দেশে গরান্ কিন্বা বাঁশের খুঁটি পুতিয়া বেড়া দিবার প্রথা আছে কিন্তু তাহা বহুকালস্থায়ী হয় না, এজন্য ভেরাণ্ডার শাখা পুভিয়া খুঁটি করিবে এবং তাহা-বিগের মধ্যে রাংচিজের শাখা আঁনিয়া ঘন করিয়া পুতিয়া দিবে, পরে তাহাতে নারিকেলের দড়ি দিয়া হঁংশের বাতা বান্ধিয়া বেড়া প্রস্তুত করিবে। 🏻 এইরূপে বেড়া দিলে বস্থকাল পাকিতে পারে, কারণ ভেরাগু ও রাংচিত্রের শাখা মৃত্তিকাসংযুক্ত হইলে শিক্ড বহিৰ্গত হইয়া চারা হইয়া উঠে স্থতরাং উহা বস্তু-ফালস্তায়ী হইবার সম্ভাবনা, কিন্তু তাহা ২। ১ বৎসর অন্তর বান্ধিয়া দিতে হয়, এজন্য উদ্যাদের চতুর্দ্দিকে নাটাকাঁটার বীজ ঘন করিয়া পুতিয়া দিলে তাহা হইতে যে লতা ৰহিৰ্গত হয় তাহা উদ্যানকে উত্তম-দ্যপে বেইটন করিয়া রাখিতে পারে। আর বক্ষের ক সানারস প্রভৃতি কউকরক্ষের চারা পুতিয়া বেড়া নিনে স্নৃদৃঢ় ও ভাহা হইতে কিছু কিছু লাভ হইডে

পারে। অপর যে ভূমিতে উদ্যান করিত্বৈ হয় তাহার পরিমাণ স্থির করা অত্যস্ত আবশ্যক। কারণ উদ্যানে রাস্তা পুল্পক্ষেত্র ও ঘাস আচ্ছাদিত স্থান প্রভৃতি যে ক্লপ পরিমাণে রাখা আবশ্যক সমুদ্য ভূমির পরিমাণ স্থির না করিলে কোন প্রকারে তাহা ধার্য্য হইতে পারে না, এই জন্য ভূমি পরিমাণের বিষয় কিঞ্ছিৎ লিখিত হইল।

जामानिरभत प्रतम कान ज्ञामत देवर्षा ४० इस उ প্রস্থান হন্ত হইলে কালি ৬৪০০ বর্গ হস্ত অথবা এক বিখা হয়। কিম্বা দৈৰ্ঘ্যে এক শত হস্ত ও প্ৰেষ্টে ৬৪ হস্ত ছইলেও কালি এক বিখা হইয়া থাকে; কিন্তু এৰূপ না হইয়া যদি দৈৰ্ঘ্যে ১০০ হস্ত ও প্ৰস্তে ৬০ হস্ত হয় তাহা হইলে কালি অবশ্যই এক বিঘার ম্যুন হইবে; এই জন্য উহাকে কাঠা করিয়া লইতে হইবে। ২০ হস্ত দৈৰ্ঘ্যে ও ১৬ হস্ত প্ৰস্থে হইলে কালি ৩২০ বৰ্গ इस अथवा बक काठी हरा। अडबव ১०० इस देनदर्श ও ৬০ হস্ত প্রাপ্তে উক্তা ভূমির ক্ষেত্রফলকে যদি ৩২০ দিয়া ভাগ করা যায়, তবে ৮৩ কাঠা হইবেক এবং অবশিষ্ট ২৪০ বৰ্গ হস্ত পাকিবে। কিন্তু ভূমি দৈৰ্ঘ্যে ১৬ इसु ७ श्राष्ट्र ६ इस्ट इरेल, क्वाबिकन ४० वर्ग इस অথবা এক প্রোয়া হয়; এবং দৈর্ঘো ১৬ হস্ত প্রয়ে ্ৰা০ হন্ত হইলে ক্ষেত্ৰফল ২০ বৰ্গ হন্ত অথবা এক ছটাৰ হয়। অতথ্য এস্থলে ২৪০ বর্গ হস্তে তিন পোয়া অর্থাৎ বার ছটাক কল হইবে। এক্ষণে উক্ত ভূমির ক্ষেত্রকল আঠার কাঠা বার ছটাক স্থির হইল। দৈর্ঘ্যে প্রেশ্ব করিয়া ভূমির কালি করা কেবল আয়ত ক্ষেত্রের পক্ষে বিহিত হইতে পারে। কিন্তু ত্রিভূজ ক্ষেত্রের ক্ষেত্রকল এরপে স্থির হয় না। উহার শীর্ষকোণ হইতে ভূমির উপর একটা লম্ব পাত করিতে হয়, পারে ঐ লম্ব ও ভূমির শুণকুলের অর্দ্ধেক লইলেই উক্ত ক্ষেত্রের ক্ষেত্রকল স্থির হইতে পারে। যথা; চছ জ্ব একটা ত্রিভূজ ক্ষেত্র ইহার লম্ব পরিমাণ ৬৪ হস্ত এবং চছ ভূমির পরিমাণ ২০০ হস্ত,

অত এব ৩৪ × ২০০ = ৩৪০০ বৰ্গ হস্ত অথবা ১ বিখা ইহার ক্ষেত্রকল হইবে ।

যদি কোন চতুত্ব জ ক্ষেত্রের এক দিক্ সংকীর্ণ থাকে তবে তাহার এক কোণ হইতে সমুখব্তী অপর কোন পর্যান্ত স্থত্তীশাত করিয়া দুইটী ত্রিভুজ ক্ষেত্র নির্মাণ



করিতে হইবেক। যেমন পার্শ্ববর্ত্তী ক্ষেত্রে ত ব ভূজ সংকীর্ন আছে, এক্সন্য প অবধিবপর্যান্ত স্থ্রুপাত

कतिता भक्त व अ भ छ व कृरेंगी जिल्ला क्लेंदि।

পুর্ব্বোক্ত প্রকারে লম্ব ও ভুমির গুণ করিলে ত্রিভুজ-দিগের ক্ষেত্রফল স্থির হইতে পারিবেক।

ক্ষেত্র যদি গোলাকার হয় তব্ব উহার ব্যাসের গরিমাণকে পরিধির প্রিমাণ দারা গুণ করিয়া যাহ ফুইবে তাহার চতুর্থাংশ অইলেই ঐ ভূমির ক্ষেত্রফল

হইবে ! যথা; ক খ গ ঘ গোল ক্ষেত্ৰ, ক শ ন্যানের পরিমাণ ২/০ বিঘা, ও পরিধি ৬/০ বিঘা, এই তুই রাশিরঞ্চণফল ১২/০ বিঘা হইতেছে,

क में थ

ইহার চতুর্থাংশ ৩/০-বিঘা ঐ ক্ষেত্রের কালি হইবে ।

'ষদি ভূমি অগুণার হয় তবে উহার দীর্ঘ ব্যাসার্ছ স্বশ্পব্যাসার্ছের সহিত গুণিত হইলে যাহা হয় তাহাকে তিনগুণ করিলেই উক্ত ক্ষেত্রের ফুল লব্ধহয়

যথা ; কখা গ শশ্এই অগুনার ক্ষেত্রের দীর্ঘ ব্যাদের অর্দ্ধেক, ক ঝ.২./০ বিখা ও স্বল্পব্যাদের অর্দ্ধেক গাঝ ১1১ এক বিখা ছয় কাঠা, এই দুই রাশির



গুণফল ২॥২ দুই বিখা বার কাঠা হইবে। ইছাকে তিন গুণ করিলে ৭ বিখা ৬১ বোল কাঠা কল হইবে। এই সকল নিয়ম যাহা প্রকাশ করা হইল ভদ্ধারা অপপ ভূমুির পরিমাণ করা যাইতে পারে। কিন্তু বৃহৎ ক্ষেত্র হইলে যে প্রকারে পরিমাণ করিতে হইবে তদিবরণ নিম্নে প্রকাশ করা যাইতেছে। যথা; ক্ষেত্রের এক দিকে দণ্ডারমান হইয়া নিরীক্ষণ পূর্বক ভূমির আফড়িয়ে রূপ তাহা নিরূপণ করিয়া, একখানি কাগজে তাহার মানচিত্র অন্ধিত করিবে। পরে ঐ ক্ষেত্রের মধ্যস্থলে স্থবিধা মত যত দূর অবধি পাওয়া ষাইতে পারে, চতু-ম্পার্মে স্থত্রপাত করিয়া ভিতরে সেই অবধি বৃহৎ এক চৌকা নির্মাণ করিয়া তাহার ক্ষেত্রকল স্থির করিবে; পরে পার্মবিস্থা অবশিষ্ট যে স্থান থাকিকে ভাহাতে ক্ষুদ্র ক্ষুদ্র চতু ভূজ ক্ষেত্র করিয়া কালি করিলে, ও সেই সমুদায় ক্ষেত্রের ফল একত্র চিক দিলে বৃহৎ ক্ষেত্রের কালি হইতে পারিবে।

উক্ত প্রকারে ভূমির পরিমাণ স্থির করা হইলে, উহার আকৃতি একখানি কাগজে আঁকিয়া, একটী পরিমাণ দণ্ড প্রস্তুত করিবে। যদি ভূমি এক শত হস্তু দীর্ঘ হয়, তবে দণ্ডকে এক শত সমান অংশে বিভাগ করিতে হুইবে; ভাহার এক এক অংশ এক এক হস্তের সমান হইছে। কাগজে বে ভূমির মানচিত্র অক্ষিত্র করা হইয়াছে, তাহার কোন অংশের পরিমাণ করিতে হইলে, ঐ পরিমাণদণ্ডের অংশ লইয়া মাপ করিলেই হইবে। যেমন সামান্য ভূমির কোন অংশ মাপ করিতে হইলে, এক শত হস্তু রক্ষা কিছা উহার কতক অংশ

লইয়া মাপ করিতে হয়, সেই রূপ লিখিত পরিমাণ-দণ্ডকে ভূমির মানচিত্তের দীর্ঘতার সহিত স্মান করিয়া লইয়া, ভাহাকে এক শত অংশে বিভাগ করিয়া লইলে তদ্বার্থ মানচিত্তের কোন অংশ, বা রাস্তা পুররিণী প্রভৃতির পরিমাণ করা যাইতে পারে অর্থাৎ ঐ রান্তা বা পুষরিণী যত হিন্ত হইবে পরিমাণ দণ্ডের তত অংশ কম্পানের চুই পায়াতে ধারণ করিয়া ঐ মান্চিত্তের যে অংশে রাস্তাবা পুন্ধরিণী প্রস্তুত করিতে হইবে তথায় ফেলিয়া পরিমাণ করিয়া লইবে। পরে উদ্যান মধ্যে যাহা কিছু করিতে হইবে তাহা অগ্রে পরিমাণ দণ্ডাতুসারে পরিমাণ করিয়া উহার মান্চিত্র मधा अंकिशा महेटा हहेटा, उर्भात यथेन छेनान করিতে হইবে তুখন মানচিত্তে যে রূপ অন্ধিত আছে তদন্ত্যায়ী সমুদায় কার্য্য ভূমির উপর করিলেই বিশেষ স্থাবিধ। হইবে।

উক্ত প্রকারে উদ্যান বা ক্ষেত্রের ভূমি প্রস্তুত করা হইলে, যে প্রকারে উদ্যান স্থাপন করিতে হইবে এক্ষণে তবিবরণ লেখা অত্যন্ত আবশ্যক। কেননা উদ্ভিদ্দিগের নানা অংশ মনুষ্যদিগের নানা বিষয়ে প্রয়োজন হইয়া থাকে, এই জন্য মাহার যে অংশ আবশ্যক তিনি তদংশের জন্য উদ্যান করিয়া থাকেন। কেহ কেবল শ্বিকড়ের জন্য কোন কোন

উদ্ভিদ্ রোপণ করিয়া থাকেন। কেহ বা কাণ্ডের জন্য, কেহ বা পত্রের জন্য, কেহ বা পুলেপর জন্য, কেহ বা কলের জন্য উদ্যান করিয়া থাকেন। অতএব সেই সকক উদ্যান স্থাপনের বিষয় বিশেষরূপে লিখিতে প্রবৃত্ত হইলাম।

মূলের জন্য উদ্যান প্রস্তুত করিবার প্রকরণ।

আউচ, অনন্তমূল প্রভৃতি উদ্ভিদ্ কেবল শিকড়ের স্থান্য রেপিত হইয়া থাকে। আউচ বৃক্ষের
শিকড়ে অতি উৎকৃষ্ট হরিদ্ধারস্থ প্রস্তুত করে এবং
অনস্তমূল মহোবধ শালসার পরিবর্ত্তে ব্যবহৃত হয়। অতএব কৃষকেরা এই অভিপ্রায়ে ইংাদিগকে রোপণ করিয়া
থাকেন যে, অন্যান্য অংশ অপোক্ষা যাহাতে ইহাদিগের
মূল অতি উৎকৃষ্ট হয় সেই রূপ আঁকিঞ্চন করাই শ্রেয়কর কিন্তু তাঁহাদিগের বিবেচনা করা আবশ্যক যে
স্থাভাবিক, এই নিয়ম অবধারিত আছে, যে এক
অংশেরহীনতা করিলে অন্যাংশের বৃদ্ধি হইয়া থাকে।
বেমন বৃক্ষের শাখা কাটিলে কাণ্ড বৃদ্ধি হয় কিন্তা
কোন বৃক্ষের বহু কল হইলে তাহার কতিপয় কল
ছিড়িয়া কেলিলে অবশিষ্ট কল সকল্প বৃদ্ধিত হইবে।

শ্বত এব যে উপায়ে মূল বৃদ্ধি পাইবে তাহাতে অন্যান্য অংশ ও বৃদ্ধি পাইতে পারে, এই জন্য অন্যান্য অংশের বৃদ্ধি নিবারণ করিয়া কেবল শিকড়কে উৎকৃষ্ট করা কখনই সম্ভব হইতে পারে না। ইহার কেবল একটী উপায় দেখা যহিতেছে যে, যে কোন উপায়ে ঐ সকন বুক্ষের ফুল ও ফল বন্ধ করিতে পারিলেই উহারা অত্যন্ত সতেজ ও উহাদির্গের শিকড় সকল উংকৃষ্ট হইতে পারে। অতএব উহাদিগের জন্য অনাবৃত অপচ পার্শ্ববন্তী বুক্ষের ছায়াতে আচ্ছাদিত, এমত স্থান নিৰূপন করিয়া লইবে, এবং সেই স্থান খনন করিয়া দুই তিন হস্ত পর্যান্ত যুক্তিকা বিলোড়ন করিয়াদিবে, পরে ভাহাতে বোদয়ভিকা সার উপযুক্ত পরিযাণে মিশ্রিত করিয়া ঐ ভূমির মধ্যে ২। ১ হস্ত পরিমাণে দাঁড়ার স্থান রাখিয়া, দুই হস্ত পরিমাণে পগার কাটিবে এবং ঐ মৃত্তিকাসহকারে মধ্যবন্তী দাঁড়া সকল দুই হস্ত উর্দ্ধে लेक्ठ कतिया निरव। এই क्रि कतिया मनू मय होता औ দাঁড়ার উপর পুঁতিয়া দিবে। কিন্ত ক্ষকের বিবেচনা করা উচিত যে, এত উচ্চ দাঁড়ার মধ্যবন্তী যে পগার থাকিবে তাহা অবশাই অত্যন্ত গভীর হইবে এবং বর্ষাকালে উহার মধ্যে এত অধিক জল আসিয়া স্থিত হইবে যে, তাহাতে চারার অনিষ্ট হইতে পারে। এই জন্য ঐ জলপগারে পড়িবাদাত্র যাহাতে বহির্গত হইয়া

যায় এমত পূথ রাখা অত্যন্ত আবশ্যক। এই কৌশল অবলম্বন করিলে দাঁড়োর উপর আল্গা মৃত্তিকা থাকা প্রযুক্ত শিকড় সকল প্রতিবন্ধক না পাইয়া মৃত্তিকায় প্রবিষ্ট ও স্থৃত্তিশীল হুইবে তাহার সন্দেহ নাই।

প্রকাণ্ড রুক্ষের উদ্যান ও রোপণ করিবার নিয়ম।

আমাদিনের দেশে প্রক'ণ্ড বৃক্ষ রোপণ করিবার প্রথা কোন কালে প্রচলিত নাই, উহারা স্থানে স্থানে স্বভাবতই উৎপন্ন হইয়া থাকে, বেমন স্থানরবনে স্বান্ধর ও বেহার প্রদেশের শালবনে শাল, কিন্তু কি প্রকারে তাহাদিগকে রোপণ করিছে হইবে তাদিষয়ের কিছুই উপদেশ পাওয়া যায় নাই। এজন্য তাহারা স্বভাবতঃ যে প্রকারে উৎপন্ন হইয়া থাকে তৎসমুদায় অনুসন্ধান করিয়া দেখিলে এ বিষয়্পের ব্যবস্থা প্রাপ্ত হওয়া যায়, অতএব বিবেচনা হইতেছে, যে, যে প্রকারে উক্ত সৃক্ষ সকল বৃদ্ধিশীল হইয়া থাকে তাহার কোশল সকল অবশ্য সংগ্রহ করা যাইতে পারে, এজন্য আগরা এ বিষয়্থে বৎকিঞ্চিৎ লিখিতে প্রবৃত্ত হইলান।

পৃথিবীর মধ্যে উদ্ভিদ্ নামে বাহারা পরিগণিত, তাহাদিগের ভিন্ন ভিন্ন জাতির ভিন্ন ভিন্ন কাণ্ড

আছে; কাহারও কাণ্ড সৃত্তিকায় আচ্চাদিত থাকিয়া বৃদ্ধিশীল হয় । কাছারও বা কাও মৃত্তিকার বহির্ভাগে বৃদ্ধি প্রাপ্ত হয়। কিন্তু যাহাদিগের কাণ্ড মৃত্তিকায় আচ্চাদিত তাহাদিগের পত্র এবং প্রক্ষা বাহিরে বহির্গত হয়, এই জন্য জনেকে প্রাস্তিবশতঃ তাহাদিগকে মূল বলিয়া থাকেন; যেমন পলাগু, কচু, ওল ও গেঁড়ু-বিশিষ্ট উদ্ভিজ্ঞ সকল ; কিন্তু উক্ত চুই প্রকার কাণ্ডের ভিতর কাটিয়া দেখিলে, উহারা অন্তর্বর্দ্ধিষ্ণু ও বহিব্দিষ্ ৰূপে দুই খেনীতে বিভক্ত দুষ্ট হয়। স্বস্তর্বন্ধিষ্ণুদিগের ভিতর অতিশয় কোঁমল ও ভিতর হইতে বহিভাগ ক্রমশঃ এরপ কচিন যে, তাহা অল্পে শীস্ত্র কাটিতে পারা যায় না। যেমন ভাল, নারিকেল, ভপারি; हेहामिरगत अर्छरत स्वाय ननी मकन পতा श्रीह হইতে উৎপন্ন হইয়াছে, উহারা ক্রমশঃ যুক্ত বুদ্ধি পায় তত অন্তরে প্রবেশ করিয়া পুরাতন নলীর সহিত মিলিত হইতে থাকে; ঐ নলী সকল এরপে সম্বন্ধ পাকে যে, তাহার ভিতর দিয়া অনায়াসে রেস গমনা-গমন করিতে পারে। আর ঐ সকল নলীর বৃদ্ধিতৈ উহারাও বৃদ্ধি প্রাপ্ত হয়, এঞ্চন্য উহাদিগের দীর্ঘে অধিক বৃদ্ধি হইয়া থাকে কিন্তু প্ৰস্থদিকে সম-ভাব थाकिया ब्रांस कांत्र के मकन ननी श्रास्ट वृक्ति हय না, যে রূপ অবস্থায় উৎপন্ন হয় তদবস্থায় থাকে

অপচ ক্রমশং, অস্তরে পরিপুরিত হইয়া পরিপক হয়। আর ইহারা পরস্পার এরূপ আলুগাভাবে সদদ্ধ থাকে যে, কাণ্ড কিঞ্চিৎ শুদ্ধ হইলেই অগ্রে ভিতরের নলী সকল ছাড়িয়া যায়, পরে কোন কারণে খেঁতো হইলে সকলই খুলিয়া যাইতে পারে। তালবৃক্ষের বহির্দেশ এমত কঠিন যে, তাহার নলী সকল কোনকালে খুলিতে পারে না। অপর যদি এই সকল বুক্ষের শিকড়ের বিষয় বিবেচনা করা যায় তবে এই দেখা যায় যে, শিকড় সকল ভিতর হইতে মূলদেশকে বিদারণ করিয়া বহির্গত হইয়াছে। আর প্রতিবৎসর এইরূপ হওয়াতে পুরাতন শিকড় সকল ফুতন শিকড়ে আচ্চাদিত হইয়া অনেক অংশে নম্ট হইয়া যায় এবং মূতন শিকড় সকল ক্রমশঃ প্রবল হইতে থাকে। অতএব বিবেচনা পুর্বাক- এমত আয়োজন করা জাবশ্যক যে, যাহাতে ঐ শিক্ত সকল অতি সহজে যাইয়া मृजिकांय প্রবেশ করিতে সমর্থ হয়, একারণ ইহাদিগের ক্ষেত্র, অতি নিম্নস্থানে করা কর্ত্তব্য । যথায় রনের সঞ্চার অধিক থাকিবে এবং মৃত্তিকা এমত আল্রা হইবে যে শিক্ত সকল ভাহার ভিতরে যাইবার যেন কোন প্রতিবন্ধকতা প্রাপ্ত না হয়। কারণ যদি মৃত্তিকা কঠিন হয় তবে শিক্ড় সকল তাহার ভিতরে অতি कर्ष्य প্রবেশ করে, তক্সনা অধিক রস আকর্ষণ

ক্রিতে পারে না অতএবু শীর্ণ ইয়া পড়ে মুভরাং তাহাতে ঐ সকল বৃক্ষও শীর্ণ হইতে থাকে। এই রূপ বুক্ষের উদ্যানে সর্বদা আল্গা মৃত্তিকা রাখা কর্ত্তব্য । এই স্থলে অন্তর্ব্দ্লিষ্ণু বৃক্ষের বিষয় অধিক লিখিবার প্রয়োজন করে লা, কারণ উহাদিগের কাণ্ডে মনুষ্যদিগের বিশেষ কোন কার্য্য হয় না, কেবল তালবক্ষের কাণ্ডে ছোঙ্গা ও সামান্য কড়ি বরগা হইয়া থাকে। অন্যান্য অন্তর্কার্দ্ধিফু বৃক্ষে কেবল ফল উৎপাদন করিয়া থাকে, এই জন্য উহাদিগের विषय करलामान कार्छ लिथा गहिरक । यनि वहि-র্বন্ধিষ্ণু বৃক্ষের কাণ্ডের ভিতরদিক কাটিয়া দেখা যায়, তবে অন্তর্বন্ধিষ্ণুর সকলই বিপরীত দেখিতে পাওয়া যায়, ফলতঃ অন্তর্দ্ধিষ্ণুর কেবল অন্তরে বৃদ্ধি হইয়া পাকে, এই জন্য তাহাদিগের অস্তর স্বতি কোমল কিন্ত বহিবলিঞ্রা কেবল বাহিরে বৃদ্ধি পায় এই জন্য ভাহা-দিগের বাহির অতি কোমল, ঐ কোমলভাগকে সামান্য क्रांश अभात कार्क विलया थारक। रथन ही ख हहेरा ভাহাদিপের অঙ্কুর বহির্গত হয় তখন উহাদিগের কার্চ ও তৃক্ কিছুমাত্র থাকে না কেবল ভাহাদিগের দুই দল, স্থর্যোত্তাপে বহিষ্কৃত হইয়া যখন রস পরিপাক করিতে থাকে তখন - তাহাদিগের ভিতরে এক স্তরকার্য উংপদ্ন হইয়া অন্তরের কাণ্ডকে চুই অংশে বিভাগ

করে। এক অংশ চুলি হয় আর এক অংশ কোনল মাইজ হইয়া থাকে। পরে কার্চ্চের এক এক স্তর বৃক্ষকে পরিবেটন করত প্রতিবংসর উৎপন্ন হইয়া উহাকে দীর্ঘে ও প্রস্থে বৃদ্ধি করে, এবৃং উহাদিগের রেখা অঞ্জু-রীয়াকার হয়। ঐ বৃক্ষকে প্রস্কেত পরিষ্কৃত করিয়া কাটিলে দেখা যায় যে এক প্রকার কিরণবং রেখা, বৃক্ষের মধ্য-হন হইতে ছালের নিকট পর্যান্ত আসিয়া পত্র-গ্রন্থির সহিত মিলিত হইয়াছে। যত পত্র দেখা যায় সকলের গ্রন্থিতে এক এক কিরণবৎ রেখা আছে; তাহাদিগের কার্য্য এই যে রস'সকল নির্গমনকালে উহাদিগের ভিতর দিয়া গমন করিয়া অভ্যন্তরস্থ কার্মন্তর মধ্যে প্রবেশ করে। মুদি এই কার্ম স্তরের কিয়নংশ অতি পাতলা করিয়া কাটিয়া অণুবীক্ষণ যন্ত্রদারা দেখা যায়, ভবে ইহারাও যে অন্তর্কাদ্ধিফুদিগের गांश ननीविभिष्ठे ७ के ननी मकन श्रांत समा ७ हेक्द्र আকার তাহা সপ্রমাণ হয়। কিন্ত ইহারা এমত দৃঢ়-তর রূপে জাবদ্ধ হইয়া আছে যে, কোন কারণবশতঃ ইহাদিগের বিভিন্ন হইবার সম্ভাবনা নাই, বরঞ একত্র লিপ্ত হইয়া পরিষ্কৃত কাঠ উৎপাদন করে। वहे मकन ननीत कार्या वहे य भिक्छ मकन यथन পৃথিবী হইতে রস আক্র্রণ করে তথন্ন ইহাদিপের ভিতর নিয়া ধাইয়া ঐ রুদ পত্রমধ্যে প্রবেশ করে পরে

তথায় পরিপাক পাইয়া যখন প্রত্যাগমন করে তখন ভাহার কিয়দংশ কির্নবং রেখা দিয়া ভিতরে প্রবেশ করে, তাহাতেই ঐ নলী সকল পরিপুষ্ট হইয়া দুঢ়কার্চ রূপে পরিণত ₹য়। এইরূপ কার্চের দুঢ়ভার ইতর বিশেষে বৃক্ষ সকল বিভিন্ন প্রকার হয়। কোন ব্রক্ষের নলীর ছিদ্র এমত বৃহৎ যে ভাহারা কোন কালে পরিপুরিত হয় না এ জন্য ঐ সকল বুক্লের কাষ্ঠ অত্যন্ত কমপোক্ত হয়। যেমন শব্দিনা ও আমড়ার কাষ্ঠ। অপর কোন কোন বৃক্ষের নলী এমত পরিপুরিত হয় যে, তাহাতে তাহাদিগের কাষ্ঠ নানাগুণ ধারণ করে। কোন বৃক্ষের কাঠ অতিশয় পুরিত হইয়া এমত কঠিন হয় যে উহাকে কিছু দিবস রোদ্রে শুদ্ধ হইতে দিলে এমত কাটিয়া যায় যে তাহাতে কোন কর্মা হইতে পারে না, কিন্তু জলে বহুকাল থাকিলেও ভাষারা পচিয়া যায় না। যেমন ঝাউ ও স্থন্দরী প্রভৃতি। আর কাহারও কাষ্ঠ এমত কোমল প্রকৃতি হয় य छा अञ्चर्कान ज्ञात थाकित्नरे भित्रा यांग्र उ तो एक थाकित्न मङ्गुष्ठि हहेशा श्राप्त । यगन निमून কার্চ অতএব যাহাদিগের কার্চ রোদ্রে বা জলে कारिया वा अठिया ना याय, मिर मक्न कार्यर মনুষৌর অত্যন্ত প্রয়োজনীয়, যেমন শাল, শেগুণ इन्डार्मि ।

অনেক প্রকার বৃক্ষের অভ্যন্তরক্ত রসের যোগা-যোগে কেবল যে নানা প্রকারে কার্চ পরিপুট হয় এমন নয়, তাহাতে সেই সকল বৃক্ষের কার্চ শেত পীত নীল লোহিতাদি নানা বর্ণবি,শিষ্ট ও বিবিধ গুণসম্পন্নও হইয়া থাকে। আর ঐ সকল ভরুর মধ্যে কাহারও কার্চ চিরিয়া অতি উত্তম তক্তা ও কাহারও কার্চে উত্তম রক্ষপ্রস্তুত হয়। এবং কোন কোন কার্চের ভক্তা অতিশয় অগন্ধিও হইয়া থাকে। কিন্তু এই সকল কার্চ কি কারণবশতঃ নানাগুণবিশিক্ত ও নানা বর্ণ যুক্ত হয়, তাহা অমুসন্ধান করিয়া নিরূপণ করা অতিশয় অক্টিন ব্যাপার। অনুমান হয় যে, যে সকল আদিভুত বস্তু সহকারে উহাদিগের কাণ্ড পরিপুক্ত হয়, তাহাদিগের ভিন্ন ভিন্ন প্রকার যোগা-যোগেই এইবাপ ঘটিয়া থাকে।

অপর যদি কোন বৃক্ষের বয়ংক্রম জানিবার আবশ্যক হয় তবে তাহার এই উপায় অবধারিত হইতে
পারে যে বাইবর্জিফু কাণ্ডে যে সকল চক্র উৎপন্ন হইয়া
ধাকে তাহাদিগকে গানা করিয়া যত হইবে, বৃক্ষের
বন্ধঃক্রম তত বংসর হইবে। কিন্তু তাহাদিগকে গানা
করা অভিশয় হুকটিন কর্মা। কারণ উহারা পরস্পার এমত
নিলিত হইয়া থাকে যে তাহা স্পান্ধ প্রতীয়্মান
হয় না, এই জন্য আর এক উপান্ন অবলম্বন করিলে

ব্যক্ষর বয়ংক্রম নিশ্চয় নিকপিত হইছে পারে। এক কাণ্ডের কোন স্থান হইতে চতুর্দ্দিক কাটিয়া এক খণ্ড কাষ্ঠ গ্রহণ করিবে, পরে সেই কার্চ খণ্ডের কার্চ-ভাগ অভ্যন্তর হইতে যত টুঁকু বাহির করিয়া লইবে ভাহার অর্দ্ধেক দিয়া ঐ কাণ্ডের ব্যাসাদ্ধিকে বিভাগ করিবে, কিন্ত কাণ্ডের ছাল পরিতাপি করিয়া যত দূর কাঠ থাকিবে ভাহাই উহার ব্যাস বোধ করিতে হইবে.এইরপে ব্যাসার্দ্ধকে বিভাগ করিয়া যাহা ফল হইবে তাহাকে সেই ক্ষুদ্রখণ্ডকার্চে যত চক্র থাকিৰে তদ্বারা ধ্রণ করিলে ব্লের ব্যাক্রম নিরূপিত হইবে। যদি ক্ষুদ্রকাঠাংশের ব্যাসার্দ্ধ চুই ইঞ হয় এবং কাণ্ডের ব্যাসার্দ্ধ বিংশতি ইঞ্চ হয় তবে ণেষোক্ত ব্যাসকে প্রথমোক্ত ব্যাসের দারা বিভাগ कतिता १०३४ कल हरेत्य, अथन कार्कारम यनि अष्टे हज्ज থাকে তবে সেই দশকে ঐ আট দিয়া গুণ করিলে ৮০ হইবে এই ৮০ বৎসরই বৃক্ষের বয়ংক্রম রোধ করিতে হইবে। যদি চক্র **দকল কার্চে**র চতুর্দ্ধিকে স্মপরিমাণে থাকে ত:ব এই রূপে ৰুক্ষের বয়ংক্রম নিশ্চয় নিরূপিত इरेंद किन्छ ममश्रीत्रभारंग ना थाकित्न अर्थाए कान দিকের চক্র পাতলাও কোন দিকের চক্র, অভিশয় ঘন বুইলে নিম্নলিখিত আর এক উপায় অবলম্ন করিতে হুইবে। কাণ্ডের দুই বিপরীত দিক হইতে

তুই অংশ কার্ফ্চনুই ইঞ্চ পরিমাণে কাটিয়া গ্রহণ করিবে, পরে তাহাদিগের ভিতর যতগুলি চক্র থাকিবে তাহাদিগের সমষ্টির অর্দ্ধেক দ্বারা উক্ত রূপে হরণ গুরণ করিলেই ব্কের বয়ঃক্রম নিরূপিত হইবে। অর্থাৎ যদি একখণ্ড কার্চ্চে দ্বাদশ চক্র ও অন্য কার্চাংশে অন্তচক্র থাকে তবে তাহাদিগের সমষ্টির অর্দ্ধেক দশ বোধ করিতে হইবে।

কার্য্য বিশেষে প্রকাণ্ড রক্ষদিগের উপযোগিতা।

বর্ণ ও গুণভেদে প্রকাণ্ড বৃক্ষ সকল ভিন্ন ভিন্ন
কার্য্যে ব্যবহৃত হইয়া থাকে। অতএব অগ্রে তাহাদিগকে কার্য্যোপযোগিতাত্যারে প্রেণিবজ করিয়া
পশ্চাৎ তাহাদিগের- রোপণ করিবার নিয়ম সকল
প্রকাশ করা যাইবে। আমাদিগের এই দেশে
যে সকল প্রকাণ্ড বৃক্ষ এক্ষণে বর্ত্তমান আছে,
ইহারা সকলেই এডদেশের স্বভাবজ্ঞাত নহে; ইহাদিগের মধ্যে কেহ কেহ বৈদেশিক্ত আছে অতএব
আমরা দেশী বিদেশী বলিয়া কোন বিশেষ করিলাম
না। ইহাদিগের মধ্যে কাহার কাণ্ডে তক্তা হর কাহার

কাণ্ডে রঙ্গ কাহার কাণ্ডে স্থান্ধ ও কাহার কাণ্ডে ছুরির বাঁট ডোঞ্চা ইত্যাদি প্রস্তুত হইয়া থাকে। যাহাদিগের কাঞে উৎকৃষ্ট ভক্তা প্রস্তুত তাহাদিগের মধ্যে মেহাগ্ন সর্ব্ব প্রধান; এই বৃক্ষ সভাবতঃ তামেরিকা দেশে জ্বমে এবং ইহা এত দীর্ঘাকার ও শাখাপাল্লবে পরিবেষ্টিত হয় যে, দর্শন করিলে বোধ হয় যেন গগনমগুলে মেঘোদয় হইয়াছে। ইহার পত্র নিম্নপত্র সদৃশ এই বৃক্ষের কাণ্ড এত প্রানস্ত হয় যে,প্রায় ৬ ছয় হইতে ১ হস্তপর্যান্ত তাহার পরিধি দুষ্ট হইয়া থাকে। ইহার কার্চ ঈষং রক্তবর্ণ ও ইহার আঁশ এমত স্থন্ম এবং তাহাতে এমত এক প্রকার আফুতি আছে যে, পরিষ্কার রূপে চাঁচিয়া বার নিশ করিলে কাচের ন্যায় ব্লক্ত, ও আকৃতি সকল দেখিতে অতি মনোহর হয়। এই কার্চ্চ অতিশয় ভারি ও জলে বা রোডে পচিয়া বা ফাটিয়া নষ্ট হয় না। উহাতে যে কিছু দ্রব্য নির্মাণ করা যায় সে সকলই অতি উত্তম হয়, এঞ্চন্য মেহগ্নি কাৰ্ছ বহু মূগ্যে বিক্ৰীত হইয়া থাকে। এই তরুর ফুল নিম্ফুলের সদুশ, ইহার ফল সিমুলের পাকড়ার ন্যায় হইয়া থাকে। এই দেশে সকল মেহগ্রি ভরুতে ফল হয় না কিন্তু ভাহার কারণ আমরা কিছু অনুসন্ধীন করিয়া স্থির করিতে পারি নাই।

স্ইটিনিয়া কোরকসিলন বা সাটিন উডটি এই বৃক্ষ আমেরিকা দেশে স্বভাবতঃ জন্মিয়া থাকে। ইহা অতিশয় দীর্ঘাকার; ইহার পত্রসকল বক্তরুর পত্রের সদৃশ, ইহার কাশু প্রস্থে মেহিনির ন্যায় কখনই হয় না। এই দেশে ইহার পরিধি তিন চারি হস্ত হইয়া থাকে। ইহার কার্চ শ্বেত্বর্ন এবং মার্জ্জিত করিলে হস্তীর দস্তের ন্যায় সকচ হয়। ইহাতে যাহা কিছু গঠিত করা যায় তাহাই অত্যুংকৃষ্ট হয়।

শেশুণ তরু বঙ্গদেশের কোন স্থানে সচরাচর দেখা যায় না। ইহারা কেবল ব্রহ্মদেশীয় ইংরাজ্ঞানের অধিকার মধ্যে পেশু নামক স্থানে ও এটেরান ও থনগান নদীতীরের স্থানে স্থানে ও মালাকর উপতীরে, ট্রাবেনকোর, গুজরাট, ক্যানেরা মালাকর এই কয়েক প্রসিদ্ধ স্থানে স্থভাবতঃ জিনায়া গাকে। এই বৃক্ষ দুই প্রকার হয়, টিক টোনা গ্রান্তিশ ওটিক টোনা হোলি টোনিয়ানা। প্রথমতঃ টিক টোনা গ্রান্তিশ। যাহা এই দেশে সেগুণ বৃক্ষ নামে প্রচলিত আছে। ইহা অতি বৃহৎ বৃক্ষ দীর্ঘে একশত হস্তেরও অধিক হইয়া থাকে। ইহাদিগের পরিধি দশ অব্ধি ১৪ হস্ত পর্যান্ত হয়। কিল্ক কলিকাতা বটেনিক উদ্যানস্থিত শেশুণের পরিধি এত অধিক দেখা যায় নাই। এই তরুর পত্র সকল প্রশস্ত এবং

এমত অপরিষ্কার যে, স্পর্শ করিলে খল খশ করে, ইহার পুষ্পা সকল মেতবর্ণ ক্ষুদ্র ক্ষুদ্র এবং পুষ্পা-দণ্ড বহুশাখাবিশি**ই স্ত**রে স্থশোভিত হইয়া থাকে; এই পুষ্প সকল বৰ্ষার সময়ে বিকশিত হয়। ইহার কলসকল কঠিন, শোলাকার লোমনিশিই এবং স্থালীর ন্যায় এক প্রকার স্তবে সম্পূর্ণরূপে আচ্চাদিত ও চারি ভাগে বিভক্ত থাকে এবং তাহার এক এক খণ্ডের ভিতর এক একটী বীজ থাকে কখন কখন कांग कांत्रग्रभं खक बक्षी करन बक्षी वीष इहेंग्रा খাকে বা কিছু মাত্র বীক্ষ থাকে না। এই কলের নখ,স্থল দিয়া স্বাভাবিক এক ছিদ্র থাকে। এই বীজ বহু কাল জীবিত পাকে এবং আচ্চাদন কঠিন বলিয়া নীত্র অঙ্কুরিত হইতে পারে না। অভএব শেশু-ণের বনে বীজসকল অঙ্কুরিত হইবার পুর্বের জলে जानिया जथना मार्गानल श्रुष्या मचे हहेया याय, স্তরাং চারা উৎপন্ন হয় না। শাল ও টারপিন-তৈল ভরুর বীঙ্গে কঠিন আচ্চাদন নাই এই নিমিত্ত তাহারা অতি শীম্র অঙ্করিত হইয়া অধিক চারা উৎপন্ন করিয়া পাকে। যদি শেগুণের বীজ বপন করিয়া চারা উৎপন্ন করিতে হয় তবে চৈত্র মানে ক্ষেত্র প্রস্তুত করিয়া ঐ ৰীজ ৩৬ ঘন্টা জলে ভিজাইয়া রাখিয়া পরে গর্ভ করিয়া বপন করিতে হয়। এবং ঐ ক্ষেত্রে ইডের

আক্রাদন দিয়া প্রতিদিবস বৈকালে জল দিতে হয়। এক পক্ষের পরে যখন ঐ সকল বীজ হইতে অঙ্কুর বহির্গত হইবেতখন খড়স্কল স্থানাস্তরিত করিয়া দিবে। পরে বর্ঘা আসিয়া উপস্থিত হইলে, ঐ চারা সকল উঠাইয়া ক্ষেত্রে ৬। হস্ত অন্তর করিয়া পুতিবে। এই চারা সকল aक वर्मत्तत हरूद्वा हेशमित्रात काटा यमि भाम शास्क তবে নিড়াইয়া দিবে ও ইহাদিগের পার্থবর্তিশাখা দকল ছেদ করিয়া দিবে। পারে দুই বৎসর গত হইলে কেবল শাখা ছেদ করা ভিন্ন অন্য কোন কে শল করি-বার আবশ্যক করে না। অপর ব্রহ্মদেশে শেগু-ণের স্বাভাবিক চারা উৎপন্ন হইবার অনেক ব্যাঘাত হইয়া থাকে। তথায় বন মধ্যে অনেক হাস থাকাতে দাবানলে সকলি পুজিয়া যায়। আর ইহাদিগের বীজ যে সময় মৃত্তিকায় পতিত হয় সেই সময় মৃত্তিকা এমত শুদ্ধ থাকে যে, তাহাতে ঐবীজের অঙ্কুর হইবার কোন সম্ভাবনা থাকে না, পরে ব্যা আসিয়া উপস্থিত হইলে, ঐ সকল বীজ জলে ভাসিয়া যায় এই দুই কারণ প্রযুক্তই স্বাভাবিক চারার উৎপত্তি হইতে পারে না। কিন্তু আমাদিগের এই বঙ্গরাজ্যমধ্যে চারা উৎপন্ন হইবার কোন ব্যাঘাত হয় না। এখানে নদীর তীরই এই জাতি ভরু প্রতি-বার উপযোগী স্থান হইতে পারে, কারণ ইহারা

নদীর তীরে প্রচুর পরিমাণে জ্বামা। নদী হইতে অর্দ্ধ ক্রোশ অন্তরে এই তরু অধিক দেখা যায় না। যদি পশ্চিম অঞ্চলে পর্বক্তীয় স্থানে এই ভক্ষকে রোপণ করা হয় তবে বহুকালে সামান্য রূপ তরু জন্মাইতে পারে। গেদিনীপুরে গোপ নামক স্থানে কোন মহাশর কভিপয় শেগুণ ভব্ন রোপণ করিয়াছেন, তথায় সেই বৃক্ষ বহুকালে বিশেষ প্ৰবৃদ্ধ না হইয়া অভি সামান্যতর হইয়া রহিয়াছে। এইৰূপ মালাকর দেশে পাহাড়ীয় স্থানে ইহা উক্ত প্রকার সামান্য রূপ জিমারা থাকে। কিন্ত যদি কোন জঙ্গলের ছারাপ্রদেশে ইহাকে রোপণ করা যায় তবে অতি শীস্ত্রই বৃহৎ হইয়া উঠে। অপর শুনা পিয়াছে কখন কখন এই ডক্তর দীর্ঘতা ৪০। ৫০ হস্ত ও পরিধি ৯। ১০ হস্ত হয়। কিন্তু আগা-দিগের এই দেশীয় শেগুণ তরু এত বৃহৎ হইতে কখনই দেখা যায় নাই। এই বৃক্ষ এখানে পরিধিতে ৪।৫ হস্ত ও উদ্ধে ই । ৩ হন্ত পৰ্য্যন্ত বাড়িয়া থাকে। শেওণ কার্স্ত এমত চমৎকার যে, ইহা রোক্তে থাকিলে ফাটিয়া যায় না ও কলে থাকিলেও নীন্ত্ৰ পচিয়া যায় না। ইহাতে অতি কুদ্ৰ দ্ৰব্য অৰধি অতি বৃহৎ বস্তু পৰ্যান্ত সকলই উত্তমরূপে নির্মাণ করা যাইতে পারে। বিশে-বডঃ জাহাজ ও নৌকা প্রস্তুত করিতে হইলে এইকার্চ বিশেষ উপযোগী হয়। এই সকল কার্য্যের জন্য টিনা-

শির্ম ও পেগুর শেগুণ অপেকা গালাবার শেগুণ অতি উত্তম। কেননা এই সকল স্থলে শেগুণ ভব্ন বৰ্দ্ধিত হইতে অধিক কাল বিলম্ব হয়, এই নিমিত্ত কাষ্ঠ এমত নিরেট ও তৈল যুক্ত হয় যে, তাহা অপ্পকালে কেঁপেরা হইয়ানষ্ট হইতে পারে না। যে বৃক্ষে তৈল বা ধূনা অধিক থাকে, সেই তব্ৰ শুখাইয়া বহুকালেও নফ ্হইতে পারে না। মালাবার শেগুণ বৃক্ষের মূল ঊর্দ্ধ-ভাগে যদি এক হস্ত পরিমাণে কিয়দংশ কার্ম্ব সহিত চতুর্দ্দিকের ছাল কাটিয়া দিয়া ঐ অবস্থায় দুই বৎসর পর্যান্ত রাখা বার তবে উহা মরিয়া শুষ হইয়া যায় কিন্তু উহাতে তৈল এমত অধিক পরিমাণে থাকে যে উহা পঞ্চ বৎসর গত না হইলে কখন সম্পূর্ণ রূপে শুষ্ক ও জলে ভাসিবার যোগ্য হয় না। কিন্ত টিনাশিরম শেগুণ কাটিবার পর দুই বৎসর গভ হইলেই এমত শুষ্ক হইয়া যায় যে, তাহা অনায়াসে জলে ভাসিতে পারে কিন্তু তাহাতে অনেক দোষও জন্মিয়া থাকে। কারণ ঐ স্থানের লোকেরা শেশুনের काश हजुम्मिटक हाँहिया किवल मुहे वश्मत एइ করিয়া বাণিজ্যের যোগ্য কাষ্ঠ প্রস্তুত করিয়াই হানে স্থায়ন পাঠাইয়া দেয়। ইহাতে তাহার ভিতর ভদ্ধ হইবার অনেক ব্যতিক্রম হইঁয়া॰থাকে। এই জন্য উহাতে যে কোন গঠন প্রস্তুত করা বায়,

ভাহাতে অনেক দোষ জন্মাইবার সম্ভাবনা থাকে।
ফলত ঐ কাঠের কোন গঠন বর্ষাকালে প্রস্তুত
করিলে দেই গঠন গ্রীন্মকাল উপস্থিত হইলে সমভাবে
থাকে নাঁ। ইহাতে স্পষ্ট বোধ হইতেছে যে, ঐ
কাঠ উত্তযরপে শুখাইয়া প্রস্তুত করা হয় নাই
এজন্য এই কাঠ বস্থকালস্থায়ী হইতে পারে না।
কিন্তু যদি ইহাকে চারি পাঁচ বংসর শুখাইয়া
প্রস্তুত করা হয়, তবে বোধ হয় যে উহাতে উক্ত দোৰ আর কিছুই শাকিতে পারে না। অপার শেগুন
বৃক্ষের পরীক্ষা করিবার নিমিত্ত যাহারা পেগুর জঙ্গলে
গমন করিয়াছিলেন তাঁহারা কহেন যে, যে কলল বৃক্ষ
বস্থকালাব্যি স্বাভাবিক কারণে ভূমিতে পড়িয়া থাকে
তাহাদিগের কাঠে এইরপ দোষ কিছুই থাকে না।

ব্রহ্মদেশীর শেগুণে আর এক দোষ দেখা যায়।
উহার মধ্যস্থলের কার্ফ বাহিরের কার্ফের ন্যায় কচিন
হয় না; মধ্যস্থলের কার্ফ অপেক্ষাকৃত নরম ও
কাঁপা হয়। এই দোষ প্রযুক্ত মোলদিনে যখন
কাণ্ডের নিম্নভাগ চিরিয়া কেলে তখন মধ্যস্থলের নরম
কার্চ সামান্য কার্য্যের জন্য চুই চারি জঙ্গুলি ভিন্ন
করিয়া রাখে। কিন্তু বটেনিক উদ্যানে যে সকল
শেশুণ বৃক্ষ হয় ভাঁহাতে উক্ত কপ মালার খাকে না।

টিকটোনা হেমিল টোনিয়ানা।

এই বৃক্ষের কাষ্ঠ সক্ষতোভাবে শেগুণ বৃক্ষের কার্ম্বের ন্যায় নানা গুণসম্পন্ন কেবল ইহার কাগুও পত্র শেগুণ বৃক্ষ অপেক্ষা ক্ষুদ্র এইনাত্র প্রভেদ হইয়া থাকে।

পিয়ার শাল, এই বৃক্ষ মেদিনীপুর অঞ্চলে অধিক পরিমাণে জন্মে। কলিকাতা অঞ্চলে একটীও নিখিতে পাএয়া যায় না; এই বৃক্ষ অতি বৃহৎ, যথন ইহা পালবে পরিবেষ্টিত হইয়া প্রকাণ্ড বৃক্ষরপে পরিণত হয়, তথন ইহাকে অতি যোরতর এক প্রকার আকর্য্য রূপ ধারণ করিতে দেখা যায়, ইহার কাণ্ড অতি বৃহৎ এবং ইহার পরিবি ৪। ৫ হস্তেরও অধিক হইয়া থাকে। এই কার্ছ শেগুণ কণরের সদৃশ অতি উত্তম কার্য্যোপ্যোগী ও বহুকালস্থায়ী হয়। ইহার আঁশ অতি হুদ্দ, এজনা ইহাতে প্রায় গকল প্রকার ক্রিয় উত্তম রোপণ করিবার জন্য বিশেষ কৌশল আধ্যাক করে শা। ইহা

করমা, এই বৃক্ষ পশ্চিম অঞ্চলে বহু সংখ্যক উৎপন্ন হইয়া থাকে। ইহার কার্চ হরিদ্রা বর্ণ ও অভিশয় লঘু। ইহাতে টেবিন, সিন্দুক ও বাক্স প্রভৃতি প্রস্তুত হইতে পারে।

ক্যারেশাননামক বৃক্ষ পশ্চিম অঞ্চলে জমিয়া

থাকে, ইহার কান্ধে উক্ত রূপ টেবিলাদ্নি সকল দ্রবাই প্রস্তুত হইতে পারে।

আব্লুস বা কেঁদ (ডাইওশ পাইরস মিল্যানকনিলন) ইহা পর্মিত প্রেদেশে অধিক জন্মিয়া থাকে,
এই ডরু গাবজাতীয় এবং ইহার পত্ত কুলও গাবের
সদৃশ হয়। ইহার কাগু শেগুন ও মেহগ্রির ন্যায়
বৃহৎ হয় না। ইহার কাগু অতি কটিন ভারী এবং
খার কৃষ্ণবর্ন। ইহার কাগু অতিশর দুর্লভ ও মহাধি।
ইহার কাগু অতিশর দুর্লভ ও মহাধি।
ইহাতে যে কোন পঠন করা যায় সকলই উৎকৃষ্ট হইতে
গারে। ইহার কাগু শিরীযকাগজ্জারা মার্জন করিলে
কৃষ্ণবর্প মারবেল প্রস্তরের ন্যায় হৃদ্দা হয়। আমানদিগের দেশে ইহাতে ক্কার মালিচা ও ভৌলদাঁড়ি
প্রভৃতি হইয়া খাকে।

মহানিষ ও বোড়ানিষ, এই তরুদ্নের কিচুমাত ভিন্নতা নাই। কেবল মহানিষের ছালে অনেক কটো কাটা চিত্র দেখা য য়, বেড়ানিষের ছালে নেরপ চিত্র হর না। ইহাদিগের কাও অভি বৃহৎ ও কার্চ দেখিতে ইয়ৎ রক্তবর্ণ। এই কার্চ পুর্বোক্ত কার্চদিগের ন্যার ভারী নহে, ইহাতে বাক্ল সিন্দুক ইভ্যাদি সকলই ংইতে পারে কিন্তু মার্ভিজত করিলে কাচের ন্যায়স্বচ্ছ হয় না। স্থাটনিয়া চাকরাসী, ইহা অভি বৃহৎ বৃক্ল ইহার পত্র সকল থে গিক দীর্ঘাকার ইহার কাগু মেছগ্রির সদৃশ বৃহৎ ও উত্তম হয় না। কিন্তু তাহার সদৃশ রক্ত-র্ন হইয়া থাকে। ইহাতে টেবেল বাক্স ইত্যাদি অতি উক্তম হইতে পারে।

আইসিকা বেঙ্গালেন সিস, এই বৃক্ষ অক্সন্দেশীয় জিওল বৃক্ষের সদৃশ কিন্ত জিওল বৃক্ষ অপেক্ষা ইহা সতি বৃহৎ এবং ইহার পত্র জিওল অপেকা। ক্ষুদ্র, ইহার কাঠ ইয়ং লালগর্ন, কর্মিন ও ভারী কিন্ত ইহার জাঁশ স্থক্ষ নয়, এজন্য ইহাতে উত্তমরূপ পালিস হয় না অতএব বোধ হয় থে, ইহাতে কোন উত্তম দ্বের প্রস্তুত হুইতে পারে না।

এই দেশের লোকেরা কাঁঠাল বৃক্ষকে কেবল কলের জ্বন্য উদ্যানে রোপণ করে, কিন্তু ইহার কাও দীর্ঘ ও প্রস্তে এমত বৃহৎ হয় যে, তাহাতে উত্তম ভক্তা হইতে পারে, ইহার কাঠ অবিপকাবস্থায় হরিদ্রাবর্ণ থাকে, পরে পরিপক্ষ হইলে ইবং রক্তবর্গ হয়। ইহাতে প্রায় সকল দ্রব্য গঠিত হইতে পারে। এবং শিরীষ কাগজে মার্জন করিলে সচ্চু হইয়া থাকে। ইহাকে এতদ্দেশের সর্কোংকৃষ্ট গঠন কর্ম্ন বলিয়া গণনা করা যাইতে পারে।

শিশু বৃক্ষা পশ্চিমাঞ্চলে অধিক উৎপন্ন হয় কিন্ত বঙ্গরাজ্য মধ্যে অভি অল্প দেখিতে পাওয়া যায়। ইহা অতি বৃহৎ বৃক্ষ ইহার পত্র অতি ক্ষুদ্র,ও গোলাকার।
ইহার কাণ্ড দীর্ঘে ২০। ৩০ হস্তের অধিক হইয়
থাকে ও পরিধি ৫। ৬ হস্ত হয়়। ইহার কাণ্ঠ ঈয়ৎ
ক্ষাবর্ণ ও ভারী; ইহার আঁশ অতি স্থক্ষা, এই জন্য
ইহাতে যেকোন দ্রব্য প্রস্তুত করিবে সে সকলই অতি
উত্তমরূপে প্রস্তুত হইতে পারে এবং গাঁঠিত বস্ত্র অত্যন্ত ভারী ও বহুকালস্থায়ী হয়, কেবল শিরীষ কাগক্ষে মার্জ্জন করিলে কাঁঠালের ন্যায় স্বচ্ছ হয় না।
এই বৃক্ষ দুই প্রকার, ত্যালভরজিয়া শিশু এবং ভ্যাল-পরজিয়া ল্যাটিকোলিয়া কিন্ত ইহাদিগের কাণ্ঠের

নিম্ন বৃক্ষের কাষ্ঠ দেখিতে কৈছু উত্তম বটে, কিন্তু যে সকল কার্ফের নিষয় উপরে লিখিত হইয়াছে ভাহাদিগের ন্যায় উত্তম নহে। তাহাদিগের ন্যায় ইহার কাণ্ডের গরিধিও বৃহৎ হয় না কিন্তু ইহাতে সর্ব্ব প্রকার গঠন হইতে পারে।

জারল বা ল্যাজনষ্ট্রোমিয়ারিজ্ঞাইনা, এই তর বভাবতঃ ভারতবর্ষে অধিক জম্মে, কিন্তু বঙ্গদেশে ইছা অতি অল্প আছে । ইছা মধ্যবিধ তরু পত্রও মধ্যবিধ বর্ষাকালে ইছার গোলাপি ও বেগুনিয়া বর্ণ প্লুচ্ছণ সকল বিকশিত হয় ও ইছার কল সকল চৈত্র বৈশাখে স্থপক হইরা উঠে। ইছার কাণ্ডের পরিধি উর্দ্ধ সংখ্যায়

দুই তিন হস্তের অধিক হয় না; কিন্তু কাণ্ডের আঁশ এমত মোটা যে, ইহাতে কোন স্থল গঠন উত্তমৰূপ হইতে পারে না এজন্য ইহাতে কেবল দর্জা জানালা প্রভৃতি প্রস্তুত হইয়া থাকে।

গাব বা ডাইয়শ পাইরসগুলুটিনোশা, এই তরু এই দেশে সভাবতঃ জিমিয়া থাকে, ইছার কলে নৌকা ও জালের কষ প্রস্তুত হইয়া থাকে। ইহার ভক্তাচিরিয়া কোন গঠন প্রস্তুত করিবার প্রথা এদেশে প্রচলিত নাহ, যদি ইহার ভক্তাতে কোন দ্রব্য প্রস্তুত করা হয় তবে অতি উত্তম হইতে পারে কিল্ক কোন স্থা কার্য্য হইতে পারে না। যাদও ইহা আব্লুস লাতীয় তথাপি ইহার কাঠ আব্লুস কার্ডের তুল্য নহে ও তৎসদুশ কৃষ্ণবর্ণ হয় না।

পশু ব আইল. কুলুনিয়াকুলিনা, এই তরু স্থানর
বনে অধিক জন্মিয়া থাকে ইহার আকার মধ্যবিধ পত্র
সকল কুদ্র ও গোলাকার হয়। পুপ্প সকল অভি কুদ্র
এবং কল লোড়ের সন্দা। ইহার কাণ্ডের পরিধি
উর্ন্ন সংখ্যায় এক বা দুই হস্ত হইয়া থাকে। ইহার
কার্চ্চ রক্তবর্ন এবং স্থান আঁশযুক্ত। যদি ইহার
তক্তাতে কোন গঠন কর: হয় ও তাহা শিরীয় কাগকে
সাম্যায় তবে কাচের ভায়ে সক্ত হয়।

स्मती वा हाति होति हो। वाक्रांनात मिक्श्रित

প্রদেশে এই ভরু অধিক জ্মিয়া থাকে, এই জন্য এ স্থানের নাম স্থন্দর বন হইয়াছে। এই তরু চুই জাতি আছে, এক জাতির পত্র বৃহৎ ও অপর জাতির প্র कुদ্র। ক্ষুদ্রপত্রবিশিষ্টকে যথার্থ রুক্দরী কহে। উভয়ে कार्छ द्योद्ध थाकिलाई कार्षिया याय, किन्छ ज्ञाल नह-कांन थाकित्व वर्षे हरा ना, वहे जना हेहार जन কোন গঠন হইতে পারেনা, কেবল নৌকার তলভাগ অতি উত্তম হইতে পারে, যেমন হুন্দর বনে হুন্দরী, তদ্রপ পশ্চিম অঞ্লে শাল বনে শাল তরু হয়, ইহার বৃহত্তর প্রকারকে চকর কছে ও অপর প্রকার-কে সামান্যতঃ দোকর কছে। এই তরু অতি বৃহং হইয়া থাকে, ইহার পত্ত সকল বৃহৎ এবং নান কার্য্যে ব্যবহৃত হয়। ইহার পুষ্প সকল শ্বেতবর্ণ ও বৃহৎ, বর্ষার কিছু পুর্বের পুষ্পাসকল বিকলিত হয়, পরে বৰ্ষার সময়ে কল স্থপক হইয়া ভূমিতে পতিত হইতে থাকে। এই কল সকল পাখা বিশিষ্ট এ নিমিত্ত বায়ু সংযোগে উড়িয়া বহু দুরে পতিত হয় এবং মৃত্তিকায় কিছু দিবস থাকিলে ইহ'র বীজ অল্করিত হইয়া চারা खेर भव करत, अरे जना भाग वन जल्मे मिवत्मत गर्धा অতি নিবিড় হইয়া, শালতক্র অক্ষয় ভাগুরেবৎ হইয়া উঠে। ইহার কাণ্ড দীর্ঘে **উ**র্দ্ধ সংখ্যায় ৩০ 1 ৪০ হস্ত পরিধিও ৫। ৬ হস্ত পরিমিত হইয়া পাকে। ইহাই

কাষ্ঠ এমত কৃঠিন যে, জলে বা রোদ্রে থাকিলে পচিয়া বা কাটিয়া নফ হয় না। ইহাতে কোন গঠন প্রস্তুত করিলে যে কতকাল স্থায়ী হয়, তাহার সংখ্যা করা স্থকঠিন; কিন্তু ইহা এমত ভারী ও ইহার জান এত মোটা যে ইহাতে কোন পরিষ্কৃত গঠন হইতে পারে না এই জন্য ইহাতে কড়ি বরগা প্রভৃতি প্রস্তুত করে।

চাপরাস, চালতা, সৎসার, খ্রীশ, মৌ, স্থাস, বাদাম, অশ্বথশিমুল, শেতশিমুল, কদম্ব, কেওড়া, বলশে এই সকল বৃক্ষের ভজা প্রস্তুত হয়, কিন্তু ঐ সকল ভজায় সামান্য কার্য্য সম্পন্ন হইয়া থাকে, কার্ণ ইহাদিসের ভাদুশ উৎকৃষ্ট গুণ নাই।

বকুল—এই তরু দেখিতে অতি হৃদর, এই জন্য ইহাকে উদ্যানের প্রকাশ্য স্থলে রোপণ করিবার প্রথা এই দেশে প্রচলিত আছে। ইহার পুষ্পা অতি হুগন্ধযুক্ত ইহার কাণ্ড কখন কখন অতি বৃহৎ হইয়া থাকে ইহার কাণ্ড প্রথম অবস্থায় মলিন ম্বতবর্ন থাকে পক হইলে ভিতরের মাইক্ষকান্ত ঘোর লালবর্ণ হয় এই কান্তে প্রায় নকল কার্য্যই হইতে পারে।

পুর্ব্বে জি যে সকল বৃক্ষের কার্ডের বিবরণ লিখিত ংইয়াছে, লে সকলই প্রায় অতি উৎকৃষ্ট ও কার্য্যো-গবোগী সন্দেহ নাই, কিন্তু বটেনিক উদ্যান সংস্থাপনাবধি যে সকল প্রকাশু বৃক্ষ তথায় রোপিত হইয়াছিল তাহার মধ্যে ১২৭২ সালের ২০ আম্মিন প্রীক্রী গাংদীয়া পুজার পঞ্চাী দিবসের মহাপ্রালয় বড়ে যে সকল বৃক্ষ পতিত হইয়া যায়, তাহাদিগের কাঞ্চের গুণাগুণ বিচার করিয়াও যে সকল বৈদেশিক তব্ধ এক্ষণে, বটেনিক উদ্যানে বর্ত্তমান আছে তাহাদিগের কিঞ্চিৎ বিবরণ নিম্নে লিখিতে প্রের ক্ত হইলাম।

रेउलमा रेज्यकि विलिश रेरात कार्य मैय९ रिक्रावर्ग।

কেশিয়াকিশ চিউলা বা সোঁদাল ইহার কার্চ ভাতি বংসামান্য, এই জন্য বিশেষ লিখিবার প্রয়ো-জন করে না।

निथतकनिलन—नवित्तिष्ठेम, ≷श्तंत कार्ष (अञ वर्ग अ यश्मीभाग ।

একেশিয়া—শিরিশা—শিরিশ, ইহার কার্চ খেত-বর্ন ও কঠিন; পরিপক হইয়া উঠিলে কুঞ্বর্ন হয় ইহাতে সামান্য ভাষ্য সম্পন্ন হয়।

ড্যালভরজিয়া জ্যারলেনিকা, ইহার কার্ছ খেত-বর্ন ও কঠিন। ইহা সামান্য কার্ম্যে ব্যবহৃত্ হইতে পারে।

एकिनिया - পেল্টেগিনিয়া, ইহার কার্চ **ইব**ং

গোলাপি বর্ণ ও কটিন; কিন্ত সহজে কাটিয়া যায়।

হার্ড উইকিয়া—বাইনেটা, ইহার কান্ঠ কঠিন, খয়ে-রের বর্ন ; ইহাতে যে কোন গঠন করিবে তাহাই অতি উত্তম হইতে পারে।

ডালভরজিয়া—সক্রাজ, - ইহার কাষ্ঠ থেতবর্ন কচিন।

বাহিনিয়া—পারভিফ্লোরা, ইহা এক**জ্ঞা**তি কাঞ্চন। ইহার কাঠ নরম খদিরবর্ধ।

টরসিনেলিয়াবিরাই, ইহার কাষ্ঠ নরম কিন্তু ফার্টিয়া যায়।

ভিটেক্স য়্যালাটা ইহার কাষ্ঠ শেতবর্ণ ও অত্যস্ত কঠিন। ইহাতে সামান্য কার্য্য হইতে পারে।

কিলিএন্থল এনগান্তিকোলিয়া ইহার কাষ্ঠ নরম ও শেভদর্ব।

ভাইয়শপাইরশ —রেমিফ্লোরা, ইহার কাষ্ঠ ঈবং গোলাপি ধর্ন ও কটিন কিন্তু মাজিকাষ্ঠ পরিপক ইয়া উঠিলে কৃষ্ণবর্ন হয়; এই কাষ্ঠ ফাটিয়া যাইতে পারে।

ইলিওডেনভুগগোলাকগ, ইহার কাষ্ঠ খেতবর্ন কঠিন সামান্য কার্যের ব্যবহৃত হইতে পারে।

আলবিজিয়াওডরেটিশিমা, ইহার কাঠ ভারী

কিন্তু বড় কঠিন নহে সামান্য কাৰ্য্যে ব্যবহৃত হইতে। পারে।

এন্টিভিষিমাভাইএনভূম, ইহার কান্ঠ শেতবর্ণ ত কঠিন কিন্তু কাটিয়া যায়।

সিজিয়মজেলোলেনিয়ম, ইছার কাষ্ঠ খরেরের বর্ণ ও ভারী সামান্য কার্যে ব্যবস্থত হইতে পারে।

গারডিনি রাল্যা**টি**কোলিয়া, ইহার কার্চ অতি উত্তম শেতবর্ণ ও সকল কার্যের ব্যবস্ত হইতে পারে।

ভাইয়শ পাইরশসগোটা, ইহার কার্চ ঈবৎ হরিদ্রা বর্ন, কঠিন ও সকল কাযেণ্য ব্যবহৃত ইইতে পারে।

ফ্রকিউলিয়াকিটিভা, ইহার কাষ্ঠ ভারে লঘু ও পেতবর্ণ উহা সামান্য কার্য্যে ব্যবহৃত হইতে পারে।

জেনথোকিমশপিকটোরিয়শ, ইহার কাষ্ঠ হাল্কা, কঠিন ও ফাটিয়া যায়। ইহা সামান্য কার্যের ব্যব-হুত হইতে পারে।

কাইক শ্যান জিকোলিয়া, ইহার কাষ্ঠা শ্বেতবর্ণ, হাল্কা ও নরম।

প্রোসোপিশইস্পিশিজিরা, ইহার কাষ্ঠ খেতবর্ণ, হাল্কা সামান্য কার্যের ব্যবহার হইতে পারে :

কিলিএনখনএমবিলিকা বা আমলকী ইহার কার্চ ইয়ং গোলাপি বর্ব, কঠিন কিন্তু সহজে কাটিয়া যায়। টেরোকারপশ মারশুপিয়ম, ইহার কাষ্ঠ খেতবর্ণ; কিন্তু মধ্যভাগের কাষ্ঠ পরিপক হইয়া উচিলে কৃষ্ণবর্গ প্রাপ্ত হয়।

ডাইয়শপাইরসমনটেনা, ইহার কাঠ খেতবর্ণ কিন্তু মাজিকার্চ কৃষ্ণবর্ণ ও অভিশয় কটিন হয়।

জেনথকি নশ—ডগশিশ, ইংগর কাঠ খেতবর্ন ও কটেয়া বায়।

কর িয়া গ্রাণ্ডিশ ইহার কাষ্ঠ স্বেতবর্গ ও সরম।

একেশিয়াকেটিচিউ, ইহার কাষ্ঠ হরিদ্রোবর্গ, কঠিব
ও কাঁঠাল ক'ষ্ঠের সদৃশ।

এলবিজিয়াইট্রীপিউলেটা, ইহা অতি নরম ও খেতনর্কয়।

ওআলম্বরা ইহার ক'ঠ খেতবর্ণ।

এনেলিয়াগ্রাটা, ইহার কার্চ পাটলবর্ন, কটিন ও ভারী, উহা সকল কার্য্যে ব্যবহৃত হুইতে পারে।

ইক্লাডলশিশ, বিলাতি তেঁতুল, ইহা অতি বৃহৎ বৃক্ষ। ইহাঁর পত্র সকল তেঁতুল পাডার অপেকা কিছু বৃহৎ হইয়া থাকে। ইহার কার্চ ভারী, থয়েরের বর্ব, কঠিন ও কটিয়া বায়।

টে:রাকারসাণ: তলভরজিওইডেশ ও টেরোকার-গশইগুকা, এই দুই বৃক্ষ অভিশব কৃহৎ হইয়া শাকে; ইহাদিগের কাণ্ডের ব্যাস দুই বা ভিন হস্ক হয়। এই দুই বৃক্ষ দেখিতে এক প্রেকার, কেবল পত্রের কিঞ্চিং ভেদ আছে। ইহাদিগের কার্চ খেতবর্ণ কঠিন নহে। ইহাতে অতি সামান্য কার্য্য হইতে পারে।

একেশিয়স্থ্যাব্রানা, এই তরু অতি বৃহং ও দীর্ঘাকার; ইহার পত্র সকল তেঁতুল পাতার সদৃশ আকারে
তেঁতুল পাতা অপেক্ষা কিঞ্চিৎ বৃহৎ হইয়া থাকে।
ইহার কাণ্ডের ব্যাস দুই হস্তেরও অধিক হইয়া থাকে।
ইহার কাঠ্চ অতিশয় কঠিন; ক্ষুবর্গ ও ভারী।
এইকাঠ্চে সকল কার্য্য হইতে পারে কিন্তু রৌদ্রে
কাটিয়া যায়।

কনক চম্পা (টেরেশপ্রমম এসুরিকোলিয়ম ইহা অতি বৃহৎ বৃক্ষা, এই তরু বহু বৃহৎ শাখা প্রারে বেষ্টিত হয়। ইহার কাঠ পরিপক হইয়া উঠিলে কৃষ্ণুবর্ণ ও ভারী হইয়া থাকে। এই কার্ছে দরজা চৌকাঠ প্রভৃতি উভ্য রূপ হইতে পারে কিন্তু এই কাঠ রোজে কাটিয়া যায়।

আশন, এই তক্ত বগড়ির জগলে অধিক জ্মিরা থাকে ইহা অতি বৃহৎ তক্ত ইহার নবীন পত্র সকল পিয়ারা পত্রের সদৃশ কিন্ত উক্ত পত্র পরিণত হইলে তদপেক্ষা কিঞ্চিৎ বৃহৎ হইয়া থাকে। ইহার কাফ ক্রতিশয় কঠিন ক্ষবর্ণ, ইহার আঁশ অতিশয় মোটা হইয়া থাকে। অতএব পালিশ করিলে উত্তম স্কৃদ্যা হয় না। এই কাঠে কড়ি বরগা প্রভাতি অতি উত্তম হইতে পারে। কিন্তু এই দেশীয় লোকেরা কহেন ইট্টক নির্দ্মিত গৃহে এই কাঠের কড়ি থাকিলে অল্প-কালেই নফ্ট হইয়া যায়, মৃত্তিকানির্দ্মিত গৃহে ইহার কড়ি বহুকালস্থায়ী হয়।

আড়মালা, ইহা অতি বৃহৎ তরু, বগড়ির জঞ্চলে অধিক পরিমানে জ্বানিয়া থাকে। ইহার পত্র সকল জ্বিত্রল পত্র সদৃশ। ইহার রক্তবর্ন কাষ্ঠ অতিশয় কঠিন হয় না। এই কার্ফে খাকুস দরজ্বা প্রভৃতি সকলই হইতে পারে, কিন্তু ভাহা অন্য অন্য কার্ফের ন্যায় বহুকালস্থায়ী হয় না।

কুত্বম বৃক্ষা, অতি বৃহৎ ইহা বগড়ির জঙ্গলে অবিক পরিমানে জন্মিয়া থাকে। ইহার পত্র সোঁদাল পত্র সদৃশ; ইহার কাঠ অতিশয় কঠিন ও রক্তবর্ন। এই দেশীয় লোকেরা কহে এই কাঠে অতি উত্তম কডি হইডে পারে।

ধাদিকে, এই তরু অতি বৃহৎ বগড়ির জঙ্গলে অধিক জন্মিয়া থাকে। ইহার পত্র সকল সরুও দীর্ঘাকার, কাঠ রক্তবর্ণ অতিশয় কটিন হয় না। ইহাতে দরজা প্রভৃতি প্রস্তুত্ত করা যাইতে পারে না। ইহার প্রস্পে লালরক উৎপন্ন হইয়া

পাকে। আমি এই বৃক্ষ বৃহৎ হইতে দেখি নাই কেবল অবণ করিয়া উক্ষ ৰূপ লিখিলাম।

আশাম দেশীয় প্রকাণ্ড রক্ষদিগের উপযোগিতার বিষয়।

যে সকল প্রকাশ্ত বৃক্ষ এক্ষণে কলিকাতার সহি-হিত স্থানে জন্মিয়া পাকে তাহাদিগের উপযোগিতার বিষয় পুর্বেবই উল্লেখ করা গিয়াছে। কলিকাতার দুরবন্তী স্থানোৎপন্ন তঞ্জ সকলের বিবরণ লিপিবদ্ধ করা অত্যস্ত আবশ্যক, কেননা তাহাতে কাৰ্চ্চ ব্যবসায়ী-দিগের বিশেষ উপকার হইবার সম্ভাবনা, কিল্ড আমরা নিতান্ত হীনাবস্থ বলিয়া পূর্ব্বোক্ত তব্ধ সকলের বিশেব বিবরণ লিখিতে অসমর্থ হুইলাম ৷ ইতিপুর্বের গবর্গ-মেন্টের বোটানিকেল উদ্যানে যে সকল ভব্রুর কার্ছ সং-গুহীত হয় তাহাদিগের বিবরণ অধ্যক্ষের িকট লিখিত ছিল কিন্তু সে উদ্যানের বর্ত্তমান অধ্যক্ষ ঘহাশয়ের অযত্নে সে সকল কাষ্ঠ ও লিখিত বিবরণপত্র নই হইয়া গিয়াছে। এখন আমাদিগের এমত কোন উপায় নাই, যে স্থানে স্থানে ভ্রমণ করিয়া সেই সকল নম্ভ কাঠর পুন রুকার সাধন করি স্কৃতরাং তাহাদিগের বিবরণ লিখিতে পারিলাম না। এক্ষণে কেবল হটিকালচার সোসাইটী দারা

আশান দেশীয় জঙ্গল হইতে যে সকল কান্ঠ সংগৃহীত হইয়াছে তাহাদিগের বিবরণ লিখিতে প্রবৃত্ত হইলাম। প্রথমতঃ। মেহুয়া ফেরিয়া; নাগকেশর, ইহা আশাম দেশস্থ জঙ্গলে উৎপন্ন হইয়া থাকে। তথায় ইহার আকার এতাদৃশ বৃহৎ হয় যে, তাহার কাঠ দারা সর্ব্বপ্রকার প্রয়োজনীয় কার্য্য অনায়াসে নির্ব্বাহ হইতে পারে। এই তরু অম্মদেশীয় কোন কোন উদ্যানে যে তুই একটী মাত্র দেখিতে পাওয়া যায় তাহাও আশাম দেশোৎপন্ন ভরুর ন্যায় বৃহৎ নয়। আশাম দেশে। পের এই বৃক্ষের কাঠ অধিক কালস্থায়ী হয়, এই নিমিত্ত উক্ত দেশ বাসীরা ইহাতে বারাগুার খুঁটী প্রস্তুত করিয়া থাকে। এই তত্ত্বর প্রতি আশাম দেশীয়েরা বিশেব অযন্ত করাতে ইহার তাদুশ ফল ভোগ করিতে পারে না। এই তরু তুই প্রকার হয়, আশামীয় ভাষায় তাহাদিগকে ডেরিকা নাহর ও বড় নাহর বলিরা থাকে। ডেরিকা নাহর-এই তরুর কার্ঠ অধিক সারবান হয় এবং ইহার আঁশ অতিশয় স্থন্ম বলিয়া ইহা দেখিতে অত্যম্ভ হন্ত্রী; ইহাতে উংকৃষ্ট খুঁটী প্রস্তুত হইয়া থাকে। এই কাঠ রোদ্রে ও বৃষ্টিতে পড়িয়া থাকিলেও ইহার কিছুমাত্র হানি হয় না।

দ্বিতীয়ত:। মেকাই (ডিপ্ট্রোকারপশ) এই

ভরু স্থলোম্ভ হয়, ইহার কাগু অতি পরিষ্কার ও তাহার কোন স্থানে অধিক গ্রন্থি দুষ্ট হয় না, এবং দীর্ঘে প্রস্থে অতিশয় বৃহৎ হইয়া থাকে। এই ভরু দুই প্রকার আছে। এক প্রকারের ছালের ভিতর হইতে গ্রীম্মকালে ধূনা বহির্গত হয়। নাগা নামক লোকেরা দেই তব্ধর গায়ে আঘাত করিয়া রাখে, পরে ধূনা বহির্গত হইলে চাঁচিয়া লইয়া বিক্রয় রুরে। এই ধূনা যে স্থান হইতে নিৰ্গত হয়, সেই স্থানস্থিত তরুত্ব শুদ্ধ হইয়া যায়। এই ধূনা অতিশয় উৎকৃষ্ট হয়। নাগাদিগের স্ত্রীলোকেরা ইহাতে অলকার প্রস্তুত করিয়া কর্নে পরিধান করে। ইহার গম বা আটা কোপাল বা গম এনিমনির ন্যায় চটচটে নহে ইহা তৈলের সহিত মিশ্রিত হয় না, এবং তিসির তৈল বা টারপিণ তৈলের সহিত গিশ্রিত করিয়া বার্নিশ প্রস্তুত হয় না। কিন্তু ইহাতে যে এক প্রকার স্থান্ধি তৈল আছে তাহা অগ্নির উত্তাপ লাগিলে উডিয়া যায়, তৈল উড়িয়া গেলে যাহা অবণিষ্ট থাকে তাহাই বার্নিশ।

আশাম দেশবাসীরা রোদ্র বা বৃষ্টি সংযোগে কার্চ প্রস্তুত করিবার প্রথা কিছুই অবগত নহে, এই জন্য তথাকার, অতি উৎক্লফ্ট কার্চও বহুকালস্থায়ী হইতে পারে না, অতি অপ্পকালেই বিনফ্ট হইয়া যায়। নাগকেশরের কার্চ উত্তমরূপে প্রস্তুত করিয়া লইলে রুয়েতে শীঘ্র নফ করিতে প্রণরে না অত-এব তাহাতে যে কোন গঠন প্রস্তুত করিবে ভাহাই বহুকালস্থায়ী হইবে। ইহার কাষ্ঠ স্থিতিস্থাপক বলিয়া ইহাতে কড়িকার্ফ হইতে পারে না। ইহার নুত্র কার্ছের বর্ণ অতি মনোহর ও মহণ বলিয়া ইহাতে আমেরিকা দেশের বল্লমের সদৃণ অত্যুৎকৃষ্ট বল্লমের বাঁট প্রস্তুত হইতে পারে। এই তর্র র্তন পত্র আশাম দেশবাদীরা চুলে প্রিয়া থাকে এবং ইংার পুষ্প অতিশয় স্থানির বলিয়া আদর পূর্বক ব, বহার করে। ইহার বীজ্প কার্ত্তিক মাসে পরিপক্ষ হয়। তাহাতে এক প্রকার তৈল প্রস্তুত হয়, বীষ্ণ যত হয় তৈল তাহার অর্দ্ধেক পরিমাণে উৎপন্ন হইয়া থাকে। ইহার তৈলে নানা প্রকার চর্দারোগ নিবারণ হইতে পারে এবং জ্বালাইবার কার্যাও চলে। এই ভরুর গাঁত্রে আঘাত করিলে এক প্রকার স্থনরগদ্ধযুক্ত আটা নিগভ হঁয়, ভাষা টার্সিণ ভৈলের সহিত মিঞিত করিলে উৎকৃষ্ট বার্নিশ প্রস্তুত হয়। এই দেশের মধ্যে ধনসি, রিডিব ও ধনগড় ইত্যাদি স্থান অপেকা নাগা পাঁহাড়ে এই বৃক্ষ অতি উৎকৃষ্ট ও বৃহৎ হয়। रेशिन दिश्व कार्य व्याप्त किन एवं कुर्शिन किन्त पृष्ठत ।

জুটেলি (লিকুই ডেম্বর) এই তর্ঞ এমত স্কুল যে ইহার কাণ্ডে আড়াই ২॥ হস্ত প্রস্থ তক্তা প্রস্তুত হইতে পারে, ইহার কাষ্ঠ ভারী কঠিন ও বহুকালস্থায়ী হয়। ইহার বীজ হইতে পরিষ্কার অন্দর বেন-যেনিন সদৃশ গন্ধযুক্ত ধুনা ফোঁটা ফোঁটা হইয়া বহির্গত হয়।

হলং, এই তক্ক ডিপ্টারাকার্পাস জাতীয়, কিন্তু
ইহা উক্ত বৃক্ষ অপুপক্ষা আকারে বৃহৎ ইহার কার্যু এমত
কঠিন যে তাহাতে উৎকৃষ্ট তক্তা, কড়ি ও ডোঙ্গা
প্রস্তুত হইতে পারে। এই তক্তর গাত্র চিরিয়া দিলে
তাহা হইতে ছতের ন্যায় এক প্রকার রস নির্গত হয়,
ঐ রস কাপ্টতৈলের ন্যায় গুণ বিশিষ্ট। আমরা
বলিতে পারি না যে এই তক্ত আরাকান দেশীয় কার্যুতৈল তক্ত কি না।

টিহাম, ইহা অতি উৎকৃষ্ট তরু, মেকাইও হলং
তরুর ন্যায় দীর্ঘে প্রস্থে বিশ্বিত হইয়া থাকে এবং
এই তরু নাগী পাহাড়ের বনে ঐ সকল তরুর সহিত
জিমিয়া থাকে। ইহার কাষ্ঠ আশাম ও গ্রীহট্ট বাসীরা
অত্যন্ত উৎকৃষ্ট বলিয়া প্রশংসা করিয়া থাকে।
এই কাষ্ঠ মালাকা দেশীয় চিরাবো কাষ্ঠের সদৃশ,
আশাম দেশে এই তরু দুই প্রকার দৃষ্ট হয়। তম্মশ্যে
ক্রম্থাল টিহামের কল আশামীয়েরা ভক্ষণ

করে ও ইংগার কার্ছ দারা ডোঙ্গা ও নৌকৃ। প্রস্তুত করিয়া থাকে।

জোবা হিঙ্গুরি (কোএরকশ) এই ভরু, ওক জাতীয় ইহারা পাহাডের উপর জন্মিয়া থাকে। ইহারা যে স্থানে জ্বন্মে সেই স্থানবাসীরা ইহার ব্যবহার উত্তম রূপে জ্ঞাত আছে। এই তরু অত্যন্ত বৃদ্ধ হইলে ইহার কাণ্ড ফাটিয়া ভক্তার ন্যায় হয়। ইহার অশ্ব অভি স্থক্ষ কৃষ্ণবর্ণ ও কাষ্ঠে কৃষিকার্য্যোপয়োগী অস্ত সমূহের বাঁট প্রস্ত হইয়া থাকে। এই বৃক্ষ বড় হিন্পরি ও কাস্তা হিঙ্গরির সহিত পাহাড়ের উপর এক বনে জ্ঞায়া থাকে। কান্তা হিঙ্গরির কার্চু যদি উত্তম রূপে প্রস্তুত করা যায়, তবে বড় উৎকৃষ্ট হইতে পারে। এই কাষ্ঠ অতি সহজে চিরিয়া তক্তার ন্যায় করা যাইতে পারে। সেই সকল তক্তা পরিষ্কার করিয়া চাঁচিয়া ঐ দেশীয় রাজাদিগের কাষ্ঠগৃহ নির্দ্মাণ হইয়া থাকে, এই গৃহকে হিঞ্চরিষর কছে।

সোপাঁ (মিচেলিয়া) এই জাতীয় বৃক্ষ পাঁচ প্রকার হয়। তম্মধ্যে তিতা সোপা ও কুরিকাসোপা এই চুই কাঠ আশাম দেশীয়দিগের মধ্যে অতিশয় প্রসিদ্ধ বক্ষাপুল্র নদের উত্তরস্থিত বনে এই দুই তরু জামিয়া থাকে। ইহা মেকাই নাহর ও হুলং সদৃশ সর্বব্র দৃষ্ট হয় না। তিতা সোপার কাঠে নোকা নির্দ্ধিত হুইয়া

থাকে। ইহাদিগের কার্গ্ন হাল্কা কঠিন ও বহুকাল-স্থায়ী হয়।

কুল দোপা, যাহাকে বস্পভাষায় চাঁপা কহিয়া থাকে। (মিচেলিক্সা চমপোকা) ইহার কার্স্ত তিভা দোপার ন্যায় ক্রিন নহে, ইহা অতি স্থান্দ্রি ও হাল্কা, এবং দীর্ঘকালস্থায়ী হয় না। ইহার ত্র্ক এদেশীয়ের্ধ পানের সহিত ভক্ষণ করিয়া থাকে।

হেলিকা (টরমিনেলিয়া সিষ্ট্রিনা) এই তরু অত্যন্ত কঠিন ও বভ্কালন্থায়ী, ইহাতে ঘরের খুঁটী প্রস্তুত করিলে বহুকালে নফ হয় না। এই দেশীয় লোকেরা ইহার ফল খাইয়া থাকে, কিন্ত তাহা ক্লুয়া লাগে। হিন্দুস্থানবানী লোকেরা ইহাকে হড় কহিয়া থাকে, এই তরু পাহাড়ে এবং প্রাস্তরে অধিক হয়। ইহার আকার অত্যন্ত বৃহৎ ও ইহার কার্চ্চ

বড় বোলা (টরমিনেলিয়া) সেগুণ ব্যতীত অন্য কোন প্রকার বৃদ্ধের কাষ্ঠ ইংগর সদৃশ হইতে পারে না। এই তরু তিন প্রকার আছে। বড় বোলা, হিলা বোলা ও ননী বোলা বা তুতপাতা বোলা, এই শেষোক্ত বোলার কাষ্ঠ হরিদ্রাবর্ণ, আঁশ স্বচ্ছ ও ঘন, কিন্তু অন্য বোলা অপেক্ষা ইহার কাষ্ঠের অধিক মূল্য নহে। বোলা দিগের কাষ্ঠ হালকা হওয়া প্রযুক্ত তদ্ধারা দাঁড় প্রস্তুত করিয়া থাকে। এই কাষ্ঠ জলে থাকিলে কৃষ্ণবর্গ কটিন হয়। এবং রোদ্রে থাকিলে কাটিয়া যায় না।

বোলা বৃক্ষ সকল কর্ত্তন করিয়া ব্রহ্মপুত্র নদ দিয়া ভাসাইয়া আনে, এবং চড়ায় ফেলিয়া কাটিয়া পাকে। অতি বৃহৎ বোলা সকল, প্রাস্তরের মধ্যে মটক নামক 'স্থানে জ্বািয়া পাকে।

তুঁদ বা নিড্রিলিয়াটুনা। আশাস রাজ্যে ইহাকে
হিণ্ডুরী পোমা কহে, ইহার বিষয় পুর্বেই উল্লেখ
করা গিয়াছে, ইহার কাষ্ঠ শুদ্ধ করিয়া তদ্বারা
কোন বস্তু প্রস্তুত করিলে অধিক কালস্থায়ী হয়।
উত্তর আশাম প্রদেশের পাহাড় ও প্রাস্ত্রর অপেকা
ভিহিং নদীর তীরে অধিক জন্মিয়া থাকে। এই
জাতীয় আর এক প্রকার তরু আছে; তাহাকে
আশাসীয় ভাষায় জেলাগুলোমা কহে। এই দুই
প্রকার তরুও কর্ত্তন করিয়া ব্রহ্ম পুত্র নদ দিয়া ভাষাইয়া প্রতিবংসর আনয়ন করে।

ব্রহ্মপুত্রের চড়াতে শিশুতরু অধিক পরিমাণে জিমায়া থাকে। ইহার বিষয় পুর্কেই উল্লেখ করা গিয়াছে।

মেজ (ইঙ্গা বিজুমিনা) ইহার কান্ঠ শিশু কাঠের সদুশ, ইহার জন্ম স্থান আশাম। কোরাই (একেসিয়া ওডরেটিসিমা বা মার জিনেটা) এই তরু এই অঞ্চলে অধিক হয় (বোধ হয় ইহাকেই শিরীষ তরু কছে)। এই তরু অধিক বড় হয় না। ইহার কাঠ পক হইলে রক্তবর্ণ হয়, ইহার অসার ভাগ জল লাগিলে পচিয়া যায়, সারভাগ জল লাগিলে অভিশয় শক্ত হয়-1

নেডেলা (একেনিয়া ইষ্টিপিউলেটা) ইহার কাঠে অনেক প্রকার কর্ম্ম হইতে পারে।

সোয়া, ইহাকে সিম কোরা গাইজুন কহে। ইহার কাষ্ঠ অভ্যন্ত স্থানারবর্গ এবং হালকা ও দীর্ঘকাল-স্থায়ী। ইহাতে আবার ধূম সংলগ্ন করিলে আরও অধিককালস্থায়ী হয় এবং নানা প্রকারে বক্র করা যাইতে পারে।

টর্নানেলিয়া প্যানিকিউলেটা, ইহা এক জাতি হলং ইহার কাঠে উক্ত ক্লেঙের ন্যায় কার্য্য দর্শে, কিন্তু ভিহুং ও ভিস্যাং নদীর জ্বলে ইহার কাঠ ও অন্য অন্য নানা গুন্বিশিষ্ট বৃক্ষের হাঠ পতিভ থাকিলে অভি উংকৃষ্ট গুণ্বিশিষ্ট হইয়া উঠে।

হিলশ বা (ইষ্টিলেগোবোনিয়শ,)ইহা অতি হৃদ্দর তরু, ইহার পত্র সকল ক্ষুদ্র ও খোর সবুজ্ব,বর্ন, ইহার কাশু অতি বৃহৎ হয় না, ব্যাস প্রায় এক হস্ত হইয়া থাকে। ইহার কার্চ সম্পূর্ন কৃষ্ণবর্ন, কঠিন অত্যন্ত ভারী এই জন্য এই কার্চের নাম লোহা biঠ বলিয়া থাকে। ভিহিং নদীর জলে ইহা কিছু দিন টিড়ারা থাকিলে অতি উৎকৃষ্ট হয়, এই অঞ্চলে এই চরু সচরাচর দৃষ্ট হয়।

মিছেলিয়া বা এক জ্বাতি সোপা, পুর্বের্ব আমরা য সোপার বিষয় লিখিয়াছি তাহা আমাদিগের এই দেশে চাঁপা নামে বিখ্যাত আছে কিন্তু এই স্থলে দার এক জ্বাতি চাম্পার বিবরণ লিখিতে প্রবৃত্ত ইতিছি। এই বৃক্ষের কাষ্ঠ বহুমূল্য এবং সগ্র্ণ কার্ফের ন্যায় জলে বহুকালস্থায়ী হইয়া গিকে। কিহুর বা ব্রিডেলিয়া লনজিকোলিয়া—এই তরু আশাম রাজ্যের লক্ষীপুর পাহাড়ে বিস্তর ইয়া থাকে। এ দেশীয় লোকেরা এই কাষ্ঠ হুমূল্য ও বহুকালস্থায়ী কহিয়া থাকে। ইহাড়ে স্কুমান হুয় যে এই কাষ্ঠ, রেইল ওএর কার্য্যে ও যে কর্মো অভিশয় কঠিন ও দৃচ কার্ফের প্রয়োদ্দন, সেই সকল কার্য্যে উদ্ভয় রূপে ব্যবহৃত হুইডে পারে।

পানি মুড়ি বা টরমিনেলিয়া, এই বৃক্ষ আশাম রাজ্যের পাহাড়ের প্রান্তভাগে অধিক জন্মিয়া গাকে। আশামের লোকেরা কছে যে এই কার্চ হকাল জলে থাকিলেও নই হয় না। পোমা বা সিড্রিলিয়া, এই দেশীয় লোকেরা ইহারে এক প্রকার পোমা বা টুন কহিয়া থাকে। এই বৃদ্ধ বিত্ত আকৃতিতে প্রোমার সদৃশ ৰটে, কিন্ত ইহার কান্ঠ পোমা অপোক্ষা ভারী এবং কঠিন হয়। অন্য গুণে মেহগ্নি কান্তের সদৃশ।

বন বুগরি বা জিজিফণ—ইহা এক প্রকার ক কুল বৃক্ষ, ইহার কাষ্ঠ দীর্ঘকালস্থায়ী ও জনে প্রচিয়া যায় না, কিন্তু গ্রীস্মের প্রভাবে ফাটিয়া যায়।

বড় কি লতা—ইহা এক বৃহৎ লাউকা ঐ দেশে উক্ত নামে বিখ্যাত আছে। ইহার কাঁটার অগ্রভাগ বঁড়শির ন্যায় বক্র হইয়া থাকে, ইহার কাঠে এক প্রকার হরিদ্রা বর্গ প্রস্তুত হইয়া থাকে।

গগারি বা গিলিনা ইহা এক প্রকার গাস্তার বৃক্ষ, ঐ অঞ্চলের পাহাড়ে জন্মে।

কটকোরা,ইহা এক প্রকার কন্টক বৃক্ষ ঐ দেশে অতি সাধারন। ইহার ফল আতার সদৃশ, কাঠের বর্ণ পরি-বর্ত্তিত হয় না, কিন্তু শ্বেতবর্ণ ও ঘন আঁশ প্রযুক্ত ইহাতে চিরনি ও অন্য অন্য দ্রব্য উত্তম রূপ হইতে পারে।

লতা আমারি, এই বৃক্ষের আকৃতি দে পিয়া অনুমান হইতেছে যে, মাফির সাহেবের ক্যান্বিয়া বা কেরিয়া-আরবোরিয়া হইবেক। বেইলু—ইকা অভি বৃহৎ বৃক্ষ, ইহার কাষ্ঠ অভি হালকা ইহাতে অনায়ানে নানা প্রকার কর্ম করা যাইতে পারে, বিশেষত ভিতরের কার্য্য, এবং হালকা বাকুস ও বৃহৎ ডোঙ্গা উত্তম হইতে পারে, কিন্তু দেই ডোঙ্গা দুই বৎসরের অধিক থাকে না, উপর আশামে ও মধ্য আশামে এই বৃক্ষ অভি সাধারণ।

হিউখন, এক জাতি ল্যাল্লরস্ট্রোমিয়া, জঙ্গলের
মধ্যে ইহা অতি বিখ্যাত বৃক্ষ। কখন কখন ইহা অতি
সরলভাবে উৎপন্ন হয়। ইহার শাখা সকল পরস্পর
সন্মুখবর্ত্তী হয় এবং দীর্ঘপত্রের সহিত নত হইয়া
পড়ে। ইহার পুস্প সকল বৃহৎ ও খেতবর্ন দেখিতে
অতি মনোহর, ফল সকলও বৃহৎ ও য়দৃশ্য হয়। এই
দেশীয় লোকেরা ইহাকে এক জ্বাতি হুলক কছে
কিন্তু পত্রে ও পুস্পে হুলকের সহিত ঐক্য হয় না
ইহার কার্চ্চে ভিতরের কার্য্য অতি উত্তম হইতে পারে।
পরেরেং,এই বৃক্ষ বৃহৎ পাহাড়ে জ্বামিয়া থাকে ইহার
কার্চ্চ অতি নাধারণ ও জ্বান্য।

বারটলেরিয়া পেশুট্টো এই তরু অভি সাধারণ কর্মিত ভূমিতে অভি শীপ্রজন্মিয়া পাকে। ইহার কাঠে অভি উত্তয় জ্বালানি কার্চ ও কয়লা হয়। ইহার কাণ্ড চিরিয়া দিলে লালবর্ন এক প্রকার গ্লাঁদ বহির্গত হয়_1 মরমোরি, এই তরু জঙ্গলে অতি সাধারণ এব অতি বৃহৎ হইলে ইহার মাইজ কাষ্ঠ লালবর্ন হয়। এই কাষ্ঠের আঁশ অতিশয় ঘন এবং ইহাতে অতি সহজে নানা কার্য্য করা যায় ও তাহা বহুকালস্থায়ী হয়।

বোৰান (ক্রাটেভা রাক্সবর্গা) ইহা অতি বৃহৎ
তর জঙ্গলে অধিক উৎপন্ন হইয়া থাকে। কেহ
কেহ কহেন যে ইহা ছিলেট অঞ্চলে অতি সাধারণ
ইহার কাঠে অতি সহজে নানা দ্রব্য প্রস্তুত করা
যাইতে পারে। এই কাঠ হাল্কা ও বহুকালস্থায়ী হয়।
ইহাতে বাক্স এবং কোন কোন দ্রব্যের ভিতরের
কার্য্য হইতে পারে।

লেটিখু-না পাইরারভিয়া সেপিডা, এই তব্ধর কল ঐ দেশীয় লোকেরা ভক্ষণ করে। ইহার আঁশ অভিখন এবং পারিপাট্য করিলে এই কাঠ বস্তকালস্থায়ী হয়। এই তব্ধ অতি বৃহৎ হয় না।

কোলিওধা, ইহা এক হাতি স্থাপর পুষ্পতর, উত্তর পাহাড়ে ও তরিয়ানিতে উৎপন্ন হিংয়া থাকে ইহার কান্ঠ হালকা ও ঘন আঁশযুক্ত ইহাতে স্কল হালকা কর্ম হইতে পারে।

বড় টেকরা বা গারসিনিয়া পিডন নকিউলেটা এই টেকরার, মধ্যে এক জাতি ভরুর অপাকৃ ফল এতদ্দেশীয় লোকেরা ভক্ষন করে এবং এই ফল আমচুরের ন্যায় কাটিয়া শুদ্ধ করিয়া বাজারে বিক্রয় করে। এই কল অতি উত্তম, এই তরুর কাষ্ঠ উত্তম রূপে প্রস্তুত করিলে সবিশেষ ব্যবহারযোগ্য হয়। পানিএল বা ফেলাকরটিয়া ক্যাটে ফ্রাকটা, ইহার

পান এল বা ফেলাকর চয়া ক্যাতে ফুলকতা, হহার কাষ্ঠ কঠিন, অশাশ খন, উত্তমরূপে প্রস্তুত করিলে ফ্কালস্থায়ী হয়।

টেকরামো-বা রিজোকিরা, ইহা অতি রুহৎ
ক্ষ পাহাড়ে জ্বিয়া থাকে। ইহার পত্র সকল ঘোর
দবুজ বর্ণ এবং দেখিতে অতি মনোহর। ইহার কাঠ
কঠিন ভারী ও বহুকালস্থায়ী।

টোকরা বা বাহিনিয়া টোকরা, এই ভব্ন অভি ঃহৎ হইয়া থাকে। ইহার কাষ্ঠ কঠিন ও বহুকাল স্থায়ী।

শোটিয়ানা বা এলতীেনিয়া কোলেরিশ, ইহাকে বঙ্গ ভাষায় ছাতিম কহে। এই দেশে ও আশাম রাজ্যে বহু সংখ্যক জনিয়া খাকে। এই বৃক্ষ অভিবৃহৎ ইহার হালেও আটায় ঔষধ প্রস্তুত হইয়া থাকে ইহার কাঠ হালকা ও বহুকালস্থায়ী এই কাঠে হালকা কাৰ্য্য ও বাকুম হইতে পারে।

ব্যানভূর ডিমা বা গোয়াভা বেনেকটিফিরা, ইহা অতি স্থন্দর তরু আশামের জগলে অন্নিক জ^{ন্}য়া থাকে। ইহার ফল দশপোণ্ড গোলার ন্যায় অভিত্তৎ কাশু হইতেই বহির্গত হয় এবং সেই ফ্লে এক প্রকার তৈল পাকে। এই ভব্লর কার্চ্চ খন সাঁশযুক্ত অভএর অনুমান হয় ব্যবহারের যোগ্য হইতে পারে।

কদম্ব বা নাকেলিয়া ক্যাডেম্বা, ইহা এই দেশেও অধিক হইয়া থাকে। ইহার কাঠ হাল্কা এবং নরম অভ্যব হাল্কা কার্য্য হইতে পারে।

বাল বা ইরিসিয়া সিরেটা, এই তরুর কার্চ হাল্কা উত্তমরূপে প্রস্তুত করিলে বহুকালস্থায়ী হয় এই কার্চে সিমকোদিগের করবালের খাক্ হয় এবং অতি বৃহৎ বৃক্ষের কার্চ হইলে বন্দুকের কুঁদা Gunstock হইতে পারে।

গ্যাশ মাহুতি, এই বৃক্ষের কৃষ্ঠি আর্ত স্থানে রাখিলে বহুকালস্থায়ী হয়।

স্থম বা টিট্রাপিয়া ল্যানশিকোলিয়া, ইহা অতি
স্থান্দর তরু, প্রকাশিত রাস্তার ধারে রোপণ করা হয়
ইহার পত্র সকল লারেল পত্র সদৃশ, অপক অবস্থায়
ইহার কার্ফ হইতে কপুরের গন্ধ বহির্গার্ড হয় এবং
ইহার পত্র মর্দ্দিত করিলেও ঐ রূপ গন্ধ বাহির হয়।

এমনিয়াব। স্পান্ডিয়েশ, ইহাতে কাল বাঁরনিশ বহিগত হইয়া থাকে। ইহার পত্র এবং শাখা স্পান-ডিয়াশের সদৃশ অপেক্ষাকৃত কিছু ক্ষুদ্র এইমাত্র প্রভেদ।

य नकन 'छे ९ कृषे कार्ष श्वर्स क करत्र क श्रुष्ठीय লিখিত হইয়াছে সেই সকল কাষ্ঠনির্মিত দ্রব্য সকলকে বহুকালস্থায়ী করিবার জন্য ঐ সকল দ্রব্যে কেছ তরলকেছ বা গাঢ় আলকাতরা লেপন করিয়া থাকেন। কিন্তু তরল আলকাত্রা লেপন করাতে বিশেষ ফলদায়ক হয় না, কারণ উহা অতি অপ্সকালেই শুদ্ধ হইয়া যায় অতএব গাঢ় আক্কাতরা ছুই চারি বার লেপন कतित्व के जनन स्वा वहकानश्वी हहेए शित्र, কারণ উহা এরূপ ঘন আচ্ছাদনের ন্যায় হইয়া থাকে যে কার্চ মধ্যে কোন পোকা সহজে প্রবেশ করিতে পারে না। বহু কাল পরে যখন ঐ আলকাভরার ভেজ কিছু মাত্র থাকেনা তখন আর এক বার লেপন করি-लिहे विरमय উপকার হয়। आंगानिरगत परम नत्रा ও খড়খড়িয়াতে হরিদ্রাবর্ণ ও সবুজ বর্ণের রঙ্গ লেপন ক্রিবার যে প্রখা প্রচলিত আছে, তাহাতে অভিশয় উপকার দর্শে, কারণ যে বস্তু সংযোগে এই চুই রঞ্চ প্রস্তুত হয় তাহা বিষাক, কোন পোকার মুখে লাগিবা মাত্র নরিয়া যায়। রঙ্গ লেপন কর। থাকিলে রই ইভাদি কোন পোকা ধরিতে পারে না, ভতএব যত দিন প্র্যান্ত সেই রঞ্ব না উঠিয়া যায় ততদিন জন কিম্বা কোন পোকা কাষ্ঠ ভেদ করিয়া ভিতরে প্রবেশ করিতে পারে না মৃত্রাং বছকালেও ন্ট হয় না।

সবুজ রঞ্চ তুঁতে, খড়িগাটী বা সফেদা ও মনিনার তৈল এই তিন বস্তু সংযোগে প্রস্তুত হইয়া থাকে। অপর যদি বাক, মেজ, কেদেরা প্রভৃতি কাষ্ঠ নির্দ্দিত দ্রবা সকল অনুশা ও বহুকালস্থায়ী করিতে হয় তবে উক্ত সবুজ রঙ্গ না মাখাইয়া প্রথমত স্থত্ত-ধরেরা ঘিশকাপে চাঁচিয়া ও শিরীষ কাগজে ঘর্ষণ করিয়া পরিষ্কার করে, পরে উহাদিগের উপর বার্নিশ লেপন করিয়া সমুজ্জুল করিয়া থাকে। এই বারনিশ নিম লিখিত প্রকারে প্রস্তুত করিতে হয়, প্রথম এক পৌও রজন ২৭ আউন্স মশিনার তৈলে কেলিয়া উত্তাপ সংলগ্ন করিবে পরে যখন গলিয়া যাইবে তখন অগ্নি হইতে অন্তর করিয়া তাহাতে ২৭ আউন্স গর্ম টারপিন रेजन छानिया मिर्द। किन्छ भागाना मिननात रेजिल धरे বারনিশ প্রস্তুত হয় না, লিখরেজের সহিত নিগ্রিত ও অগ্রির উত্তাপে ঘনীভূত মশিনার তৈল রজনের সহিত মিশ্রিত করিতে হয়। এই বারনিশ কার্চে লেপন করিলে অতি উত্তম হইতে পারে। ইহাঁভিন্ন আর এক প্রকার আত উৎকৃষ্ট বারনিশ আছে উহা নিম্ন লিখিত দ্ব্যানিতে প্রস্তুত করিতে হয়। পাইন বারনিশ এক পৌগু অগ্নিতে দ্রুব করিয়া ণ্ডিন চারি মিনিটের মধ্যে ১২ আউন্সা পরম পরিষ্কৃত মশিনার কৈল উহাতে ঢালিয়া দিবে পরে যথন

চটুচটে হইবে° তখন অগ্নি হইতে অন্তর করিয়া রাখিবে এবং শীতল হইলে ৬৮ আউন্স টারপিন তৈল উহাতে ঢালিয়া দিয়া কিঞ্চিৎকাল নাডিয়াখন করিলেই অতি উত্তম বার্নিশ প্রস্তুত হইবে সন্দেহ নাই। অপার যদি কোন বুহৎ কাষ্ঠ বহুকাল রক্ষা করিতে হয় তবে নিম্ন লিখিত প্রকারে অন্যানিধ বারনিশ প্রস্তুত করিবে। তিন বোতল গ্যামর ২২ বোতল ভ্যামর-তৈলে ফেলিয়া অতি অপ্প আগুনের উত্তাপে গলাইৰে। প:র গাঢ় হইয়া পাত্রের তলা<mark>য় জনাট</mark> হইয়া না যায় একারণ ভাহার উপর কিঞ্চিৎ চুন ছড়াইয়া দিবে। কিন্তু যে পর্যান্ত উহা পাতান্তর না করা হয় ততক্ষণ উহাকে উত্তম রূপে ঘাঁটিতে হইবে এবং প্রস্নত হইলে তাল বাঁধিয়া বোতলের আকার করিয়া রাখিবে। পরে কার্চে লেপন করিবার সময় কিঞ্চিৎ তৈল সংযুক্ত করিয়া উত্তাপিত করিলেই বিলক্ষণ লেপুনেশপ্যোগী হইবে। ইহা কার্চে লেপন করিলেই পোকা ধরিবার কোন সম্ভাবনা থ।কিবে না।

যে সকল কাষ্ঠে গাড়ীর চাকা প্রস্তুত হয় তাহাদিগের মধ্যে বাবলাই সর্ব্ব প্রধান বলিয়া গণনীয়,
কারণ উহার কাষ্ঠ যে ৰূপ বহুকালগুয়ী তাহাতে
চাকা প্রস্তুত করিলে কখনই তাহা দীন্ত্র•ভগ্ন হয় না।
এই বাবলা তব্দ সভাবত আরবদেশে জন্মিয়া থাকে।

এক্ষণে এই দেশে রোপণ করাতে এত অধিক পরিমাণে জিন্মিরাছে যে কোন রূপে ইহা ভিন্ন দেশীয় বলিয়া বোধ হয় না। আর এ দেশের জ্বল বায়ু ইহার এমত সহ্য হইয়াছে যে কৃষিকার্য্যের পারিপাট্য ব্যতি-রেকেও ইহা শ্মশান ও পতিত প্রান্তর ভূমিতে সহজেই অধিক পরিমাণে জন্মিয়া থাকে। কেবল উড়িষ্যা ও পশ্চিম অঞ্চলে কিছুমাত্র হয় না।

অর্জ্জুন, এই তার উড়িয্যাও পশ্চিম অঞ্চলে অধিক জন্মিয়া থাকে। এই নিমিত্ত ঐ সকল স্থান বাসীরা বাবলার অভাব জন্য উক্ত কার্ফে গাড়ীর চাকা প্রস্তুত করিয়া থাকে; কিন্তু এই কার্ড বাবলার ন্যায় শক্ত হয় না।

যে সকল রুক্ষের কাঠে খুঁটী হয় ভাহার বিবরণ।

গরান—ইহা দীর্ঘকাল মৃত্তিকায় প্রোথিত থাকিলেও গচিয়া বা পোকা ধরিয়া নফ হইয়া যায় না, এজন্য যে সকল বৃক্ষে খুঁটী হয় তন্মধ্যে গরানই সর্ব্বপ্রধান বলিয়া ঘীকার ক্সিতে হইবে । এই বৃক্ষ স্থাবত স্থাদরবনের মধ্যে উৎপন্ন হইয়া থাকে, অন্য কোন প্রদেশে স্থামে না। এই জন্য স্থাকর বনের নিক**টস্থ,স্থানে ই**হার অধিক ব্যবহার হইয়া ধাকে।

কপে-এই তব্ধ স্থানর বনে জন্মিয়া পাকে। ইহাতে যে খুঁটী হয় ভাহা বস্তকাল মৃত্তিকায় পাকিলেও পচিয়া যায় না কিন্তু ইহাকে পোকাতে শীস্ত্র নফ করিয়া কেলে এই জন্য ইহার খুঁটী কলিকাতা অঞ্জল ড.তি অপ্পাদেখিতে পাওয়া যায়।

কয়েশ,—এই বৃক্ষ মেদিনী পুর অঞ্চলে অধিক জিনিয়া থাকে। ইহা সভাবত খুঁটী হইতে পারে না কিছ ইহাতে খুঁটী প্রস্তত করিয়া লইলে বহুকালস্থায়ী হয়, এবং তাহা পোকায় শীঘ্র নফ করিতে পারে না। যে প্রদেশে খুঁটীর উপযুক্ত উক্ত বৃক্ষ সকল জন্মে না, সে প্রদেশে শাল বকুল প্রভৃতির খুঁটী প্রস্তত করিয়া থাকে। কিন্তু সেগুনের সার কাটিয়া খুঁটী করিলেও পোকায় নফ করিতে পারে না।

যে সকল রুক্ষের কাণ্ডে অস্ত্রের বাঁট হয় ভাহাদিগের বিবরণ।

স্ক্রি – এই কার্ফে কোন অন্তের বঁটে প্রস্তুত করিলে যেমন উত্তম হয়, অন্য কোন কার্ফের বঁটি করিলে তেমন উত্তম হইতে পারে না; কিন্তু সামান্য অক্টের বাঁট প্রায় অধ্য বৃক্ষের[নিক্ড়ে ও হরিং হাড়া বা বাবলার কার্চে প্রস্তুত হইয়া থাকে।

যে সকল রক্ষের কাতেও ধূনা উৎপন্ন হয় তাহাদিগের বিবরণ।

যে সকল বুক্ষকাণ্ড হইতে ধূনা উৎপন্ন হয়, ত হার মধ্যে শাল বুক্ষের নির্যাসের গুনাই আমাদিশের দেশে প্রচলিত হইয়া থাকে। আর বাজারে যাহাকে শ্বেত ধুনা বা গন্ধবিরাজ কচে, তাহা শামাডা ইণ্ডিকা বুক্ষ হই:ত উৎপন্ন হয়। এই ভক্ত অভি সামান্য ইহার পত্র আত্রপত্রের সদৃশ, ইহার ছাল ফাটিয়া ধূনা বহিগত হইয়া কাগু দিয়া গড়াইয়া পড়ে; ৰশওয়ে-লিয়। শিরেটা বুক্ষেও এক প্রকার ধূনা হয়; এই তরু মধাবিধ; ইহার পত্র বকের পত্র সনুশ, এই বৃক্ষ পশ্চিম অঞ্চলে পাহাড়ময় স্থানে যভাগত জ্বিয়া পাকে। এতদ্যতীত ধুনার আর এক বিশেষ रेक আছে, ত:হার বটেনিক নাম কোনোরস ইষ্ট্রিকটা—এই কুক অতি বৃহৎ হইয়া থাকে; ইহার পত্র সকল আমড়া পত্রের সদৃণ; ইহার ধূনা ক্ষণ্ডর্ণ, ঐ বৃক্ষের ছাল কাটিয়া ধূলা বহিষ্ট হয় এবং কাণ্ডের উপর দিয়া গড়াইয়া পড়ে। মালাকার প্রদেশে এক প্রকার

ধূনার রক্ষ আছে তাহার নাম ক্যানেরিয়ম কমিউনি; ইহা জতি বৃহৎ বৃক্ষ ইহার পত্র পেয়ারা পত্রের সদৃশ; ইহার ধূনা খেতবর্ণ বৃক্ষের কাণ্ড দিয়া প্রচুর পরিমাণে গড়াইয়া পড়িতে থাকে। ইহা অতি সহজে তুলিয়া লওয়া যাইতে পারে।

রঙ্গ উৎপাদক কাণ্ডের বিষয়।

আমাদিগের এই দেশে বক্ষ কার্চ্চেরক্স উৎপন্ন ইয়া থাকে। আর এক প্রকার কৃষ্ণ আছে তাহার ল্যাটিন নাম হেমিটকসিলন কেম্পেটিএনম; ত'হার কার্চে অতি উত্তম বেগুনিয়া রক্ষ প্রস্তুত হয়; আর আউচ বক্ষের শিক্ষতেও হরিদ্রাবর্গ রক্ষ প্রস্তুত হইয়া থাকে।

সুগন্ধি কাণ্ড।

এই শ্রেণীর মধ্যে খেতচন্দন কৃক্ষকে প্রধান বলিয়া গণনা করা যায়। এই কৃক্ষ গালাকা বা মালয় দেশে জন্মিয়া থাকে কিন্তু এক্ষণে ইহাকে বটেনিক উদ্যানে আনয়ন ক্রিয়া রোপণ করাতে, এ দেশে ঐ কৃক্ষ অনেক জন্মিয়াছে। ইহার গন্ধ অতি মনোহর।

রক্তচন্দন বা আভিন্যান্থিরা পেবোনিনা, ইহাও

জতি সদান্ধ যুক্ত; কিন্তু শ্বেতচন্দনের ন্যায় উৎকৃষ্ট নহে; এই বৃক্ষের বীজকে রক্ত কম্বল কহে।

কপূর হক্ষ ও ডালচিনি হক্ষ যে কি পর্যান্ত সদান্তব্যুক্ত ভাষা যাঁহার। ভক্ষণ করিয়াছেন তাঁহারাই অনুভব করিতে পারেন। আমার এ বিষয়ে আর অবিক নিধিবার প্রয়োজন করে না; কেবল এই মাত্র আমার বক্তব্য যে বাহা ডালচিনি, তাহা বৃক্ষের ছাল মাত্র আর কপুর, বৃক্ষের শাখা সিদ্ধ করিয়া প্রস্তুত করিতে হয়।

ज्ञान।निकाष्ठ ।

রক্ষের কাণ্ড ও শাখানিতে রন্ধন কার্য্য সম্পন্ন হইতে পারে; কিন্তু স্থানরিকান্ঠ এই শ্রেণীর মধ্যে উৎকৃষ্ট বলিয়া স্বীকার করিতে হইবে; কার্ব ইহা শীঘ্র জ্বলিয়া যায় নাও ইহার তারি অধিক ক্ষণ স্থায়ী হয়। আত্র ও বাবলা কার্ছের জ্বলাপ অধিক ক্ষণ বটে কিন্তু শীঘ্র প্রভিয়া যায়ও অত্রি \অধিক ক্ষণ থাকে না। বাবলার কয়লা এমত হাল্কা যে উহা অগ্রি স্পার্শ মাত্র টিকার ন্যায় ধরিয়া উঠে।

হোপিয়া ওডরেটা বা থনগান, এই বৃক্ষু ব্রহ্ম দেশে স্বভাবত জ্বিয়া থাকে। ইহা অতি বৃহৎ বৃক্ষ, ইহা দৈর্ঘে ও পরিষিতে সেগ্নুন অপেকা বৃহৎ হইয়া ধাকে; এই দেশীয় লোকেরা নে কা প্রস্তুত করিবার
জন্য দেশুণ অপেক্ষা ইহাকে অধিক মনোনীত করে।
হৈা হিন্দু স্থানের শাল বক্ষের সদৃশ; এবং ঐ বৃক্ষের
নায় ইহা হইতে প্রচুর ভ্যামর বহির্গত হয়; টিনেশির্ম প্রদেশে সমুদ্রভীরে উচ্চ ভূমিতে এই বৃক্ষ
ধবিক জনিয়া থাকে; ইহার কাঠ অধিক দিন জলে
ধাকিলেও নফ হয় না কিল্ত রোদ্রে থাকিলেই শীস্ত্র নাই হইয়া যায়।

নিল্যান হোরিয়া ভরনিক্স, এই বৃক্ষ দীর্ঘে ৪০ ফিট ও পরিবিতে ১১ ফিট ও ইঞ্চ বৃদ্ধি পায়। এবং ইহা প্রোম রাজ্যে বহু সংখ্যক উৎপন্ন হুইয়া প্রকে; ইহা ইতে বারনিশ করিবার উপযোগী এক প্রকার তৈল ইংপন্ন হয়। এই বৃক্ষের স্থানে স্থানে গর্ত্ত কাটিয়া ভাষানিগের ভিতরে, বাঁনের চোক্ষা কলমকাটার ন্যায় কাটিয়া প্রবেশ করাইয়া দিয়া, এ অবস্থায় ২৪ ঘটা রাপিলেই চোক্ষা সকল তৈলে পরিপ্রবিহ্যা উঠে। এই বৃহৎ বৃক্ষে ১০০ বা ১৫০ টোক্ষা সংলগ্ধ, করা বাইতে পারে।

খনগান জাতি এক প্রকার বৃক্ষ হইতে কার্চ্চ তৈল
উংপন্ন হইয়া থাচে। এই বৃক্ষ টিনাশিরম সমুদ্রতীরে
প্রচুর পরিমাণে জন্মিয়া থাকে। ইহার নাম ভিপুট্রোকারপশ লিভিন; ইহার তৈল বে দ্রব্যে লেপন করা

ৰায় ভাহা বহুকালস্থায়ী হয়; এবং পোকাতেও নই করিতে পারে না। বঙ্গ ভাৰায় এই তৈলকে গর্জ্জন তৈলে কহে। ঐরাবতী নদীর তীরে মৃত্তিকা হইতেও এক প্রকার তৈল উৎপন্ন হইয়া থাকে। সেই তৈলেও উক্ত তৈল সদৃশ, অতি চমৎকার গুণ দুই হইয়া থাকে।

প্রকাণ্ড রুক্ষ রোপণ করিবার বিধি।

যে সকল প্রকাশ্ত বৃক্ষের কান্ড মনুষ্যদিগের
ব্যবহারে লাগে, তাহাদিগের বিবরণ প্র্কলিখিত
কতিপর পৃষ্ঠে প্রকাশ করা হইয়াছে। এক্ষণে তাহাদিগকে যে প্রকারে রোপণ করিতে হইবে তাহার
বিবরণ লিখিতে প্রবৃত্ত হইলাম। যদিও ঐ প্রকাশু বৃক্ষ
সকলের ভিন্ন ভারতি ও ভিন্ন ভিন্ন গুণ দৃষ্ট হইয়া
খাকে তথাপি তাহাদিগের রোপণ বিশ্বে ভিন্ন ভিন্ন
নির্মা অবলহন করিবার আবশ্যক করে মা। এক রপ
নিয়ম, সকল জাতির পক্ষেই অবলঘন করা যাইতে
পারে। অপরকোনকোন বৃক্ষ স্থান বিশেষে স্বভাবতই
উত্তম বা অধ্য হইয়া থাকে; যেমন প্রশিক্ষাঞ্চলের
রক্তবর্ণ সৃত্তিকায় শাল বৃক্ষ প্রচুর পরিমাণে উৎপন্ন হয়।
হাদের বনের লবণ ভূমিতে স্বন্দরি,গরানুও ক্রপেপ্রভৃতি

উত্তম ৰূপ উৎপন্ন হইয়া থাকে। এবং ব্ৰহ্ম দেশে দেগুণ বৃক্ট অধিক হয়। এই সকল বৃক্ষ রোপণ করিবার জন্য উৎকৃষ্ট বা উর্বারা ভূমি আবশ্যক করে না; কারণ উর্মরা ভূমিতে অন্য প্রকার উদ্ভিদ্ন রোপণ করিলে যে পরিমাণে লাভ হইবার সম্ভাবনা প্রকাণ্ড বৃক্ষ রোপণ করিলে তাহা হইতে সেরপ লাভের আশা কখনই করা যাইতে পারে না। ফলত এই সকলবৃক্ষ ত্যুনাধিক ৩০।৪০ বংসর গত না হইলে পরিপুষ্ট হয় না। স্থতরাং এত দীর্ঘ কাল অপেক্ষা করিয়া রোপণকারী ঐ বিষয়ের লাভ ভোগ করিবেন এমত সম্ভাবনা থাকে না। কিন্তু তাঁহার ট্রুরাধিকারীরা সেই বিষয়ে অবশ্যই লাভবান হইতে পারেন। অপর এক বিঘা ভূমিতে মেহগুনি কিন্তা সেগুণ কে রোপণ করিতে হইলে বিংশতিহস্ত অন্তর করিয়া গারা পুঁতিতে হয়, অতএব এক বিঘাভূমিতে হ্যুনাধিক ১৬টী বৃক্ষ রোপণ করা শাইতে পারে আর ৪০ বৎসর कार के मर्गन रक्त পরিপুষ্ট इहेशा डिहिटन यति একটা গ্রহ্ম ১০০ একশত টাকা মূল্যে বিক্রয় করা যায় তবে ১৬ টী বৃক্ষে ১৯০০ টাকা উৎপন্ন **১ইতে পারে। কিন্তু যদি ঐ ভূমির রাজ্ঞস্ব বৎসরে** চারি টাকা- ধুরা যায় তবে ৪০ বৎসরে ১৬০ টাকা রাজস্ব এবং সেই টাকার হার ও কৃষি কৃার্য্যের ব্যর हेड्यापि के डेशक्क ३७०० छोका हरेटड यान पिटन

ম্যুনাধিক ২০০ দুই শত টাকা বাদ গিয়া অবশিষ্ঠ ১৪০০, টাকা অবশ্যই লাভ থাকিতে পারে। কিঃ ঐ ভুমিতে কেবল সেগুণ বৃক্ষ রোপণ করিলে এরণ লাভের সম্ভাবনা নাই।

অপর ঐ ভূমিতে প্রকাণ্ড বৃক্ষ রোপণ না করিয়া যদি সংৰৎসর জীবী কোন উদ্ভিদু রোপণ করা যায়, তাহা হইলে অপেক্ষাক্ত অধিক লাভ হইতে পারে এবং রোপণকারী অবশাই কল ভোগ করিয়া পরিশ্রমের সার্থকতা লাভ করিতে পারেন। কেনন এক বিখা ভূমিতে বদি কপিচারা রোপণ করা যায় তাৰা হইলে ঐ এক বিঘা ভূমিতে ফানাধিক, ১৬০০টা চারা রোপণ করা যাইতে পারে। এবং ঐ সকল চারা বড় হইলে যদি তাহাদের এক একটী কপিএক এক আনা মুল্যে বিক্রীত হয় তাথা হইলেও প্রতি বর্ষে ১৬০০ কপিতে ১৬০০ আনা অর্থাৎ ১০০ এক শত টাকা উৎপন্ন হইতে পারে, ইহাতে ৪০ চল্লিগ্ন বৎসরে ৪০০৭ চারিহালার টাকা লাভ হয়, তাহা হইটে কৃষিকার্য্যের বায় ও রাজস্ব ন্যুন্ধিক ১০০০, এক হাজার টাকা বাদ দিলেও ৩০০০ তিনহাজার টাকা লাভ থাকিতে পারে: প্রকাণ্ড রক্ষ রোপণ করাতে সাম্বৎসরিক অধিক লাভ নাই, অত্এব বহুকালে উহা হইতে অধিক লাভ হই বেক এই আশার উপর নির্ভর করিয়া উত্তম উর্বাভৃষি

তংক ধ্যে নিয়োজিত ক্রাকখনই যুক্তি নিদ্ধ হইতে পারে না। এই জন্য বিবেচনা হইতেছে, যে যথায় অন্য श्रक कि विकारी कि विवाद कीन महावना न थाक মর্থ বি প্রামের প্রাম্থে, তটিনীতটে, জঙ্গলে, পতিত ভূনিতে, ভাগাত্ডে, পগারে কিম্বা উদ্যানের এমত কোন স্থানে যথায় ঐ সকল কৃষ্ণ রোপণ করিলে অন্যান্য চারা সকল আবশ্যক মত ছায়া পাইতে পারে এ রূপ স্থলে তাহাদিগকে রোপণ করাই বিধেয়। আমাদিগের বঞ্চ দেশের প্রান্তবন্ত্রী কোন কে'ন স্থানে সভাবতঃ এত প্রচুর পরিমাণে প্রকাণ্ড ফুক্ষ জ্ঞায়া থাকে, যে সেই সকল স্থান ব্যাগ্রাদি হিংস্র অন্তগণের আবাদ ভূমি মহারণ্য বলিয়া বিখ্যাত হইয়া আছে। এবং ঐ অরণ্য ঐ সকল বুক্ষের এমত অক্ষয় ভাণ্ডার স্বরূপ হইয়া রহিয়াছে যে, একাল পর্যান্ত কত রক্ষ কাটিয়া আনয়ন করা হইভেছে তথাপি তাহার কিচুমাত্র হ্রান হয় নাই।' এই প্রকার স্থানের গুণামুসারে বাঙ্গালার দক্ষিণ প্রকর্ণিশে অন্দর্বন ও উত্তর পণ্ডিমে শাল-বন প্রভৃতি নানা স্থানে নানা বৃক্ষের বন হইয়া রহিয়াছে।

কৃষ্ট ভূমিতে প্রকাণ্ড রক্ষ রোপন করিয়া ক্ষি-কার্য্য করিবার প্রথা কোন কালে প্রচলিত নাই। ইহারা স্বভাবতঃ অকৃষ্ট পতিত ভূমিতেই উৎপন্ন হইয়া থাকে। কিন্তু এক্ষণে এদেশে বটেশিক উল্যান সংস্কৃতি হওয়াতে অন্য দেশ হইতে অনেক বহু-মূল্য প্রকাণ্ড হৃক্ষ আনয়ন করিয়া ভাহাতে রোপণ করা হইয়াছে। অতএব যদি ভাহাদিগের বীজ্ লইয়া রোপণ করিবার প্রথা প্রচলিত হয়, ভাষা হইলে বহুমূল্য কান্ঠ সকল যথেষ্ট উৎপন্ন ও অল্প-মূল্যে বিক্রীত হইতে পারে।

আমরা পুর্নের প্রকাশ করিয়াছি, যে প্রকাণ্ড হক্ষ রোপণ করিবার প্রথা এই দেশে প্রচলিত নাই। ইহারা স্বভাবতই প্রতিত ভূমিতে প্রচুর পরিমাণে উৎপন্ন হইয়া থাকে, মনুষ্যের ব্যবহার জন্য ক্রমশঃ সেই সকল कृष्ण कार्षिया आनीट उ वष्णरंग खन्मत्रवर्ग रुमती अ अन्तर्भना वर्त अना अना कार्क मूर्झ उ इहेशा উঠিয়াছে। পুর্বের যাহাকে চকর কহিত সংপ্রতি তাহা ফুষ্পাপ্য হইয়াছে। কলিকাতায়, যাহা আমদানি হয় সে সকলই প্রায় দোকর অতএব সদেশীয়াও বিদেশীয় প্রকাণ্ডরক্ষের উন্নতি জন্য যদি বঙ্গদেশবাসীরো আপনা-দিগের দেশে ভাষাদিগের রোপণ করিবার প্রথা প্রচ-লিভ না কারন ভবেকাঞ্চাভাবে তাঁহাদিগকে বিলক্ষণ কট পাইতে হইবে তাহাতে অণু মাত্র সন্দেহ নাই। একণকার কার্চের দর শুনিলেই তাহার প্রমাণ স্পাই প্রতীয়মান হইতে গারিবে। এই প্রকাণ্ড রক্ষ সমস্ত

যে প্রকারে রোপন করিতে হইবে তদ্বিরণ ক্রমশঃ প্রকাশ করিতে প্রবৃত্ত হইলাম।

বৈশাখ মানের কোন দিবসে রষ্টিপাত হইলেই অনাবৃত একখণ্ড ভূমি প্রথমতঃ দৃঢ় ৰূপে লাঞ্চল ও गरेरयुत होता कर्षण कतिया ममशुर्छ कतिया नरेरा। পরে উহাতে বোধ, মৃত্তিকা অথবা অন্য কোন প্রকার উদ্ভিজ্ঞদার বিস্তৃত করিয়া লাঙ্গলদারা भूनम् कर्षन ও বিলোড়न করিয়া দিবে। यम ভাহাতে বীজ বপন করিয়া চারা উৎপন্ন করিতে হয়. ত:ব মৃত্তিকা গুঁড়াইয়া এপ্রকার শিথিল (আলু গা) করিয়া রাধিবে যে চারার কোমল শিক্ত সকল বহিৰ্গত হইয়া অতি সহজে যেন মৃত্তিকা মধ্যে প্ৰবেশ করিতে পারে এবং ক্ষেত্রের চতুর্দ্দিক এমত সমান করিয়া রাখিবে যে বর্ধার জল ইহার কোন স্থানে অধস্থিত হইয়া যেন রোপিত চারাদিগকে বিনয় করিতে না প্লারে। এইকপো ক্ষেত্র প্রস্তুত হইলে বর্ঘা-কালে ঐ ক্ষেত্রের স্থানে স্থানে বীজ বিক্তীর্ করিয়া দিবে। কিন্তু যদি বড় বীজ হয় তবে উহাদিগকে না ছড়াইয়া প্রত্যে**ক** বীজ বিংশতি হস্ত অন্তরে পুঁতিয়া দিবে। পরে ঐ রোপিত বীজ সকল অঙ্গুরিত হইয়া চারা উৎপন্ন হইলে তাহাদিগকে তদবস্থায় এক বৎসর রাখিবে ৷ কিন্তু কৃষক যদি দেখেন যে চারা সকল বিশিষ্ট্র

ৰূপে বৃদ্ধি-শীল হইতেছে তবে উহাদিগের মধ্যস্থিত বক্র, ও শীর্ণ চারা সকল উৎপাটন করিয়া কেবল गएड छ अ तत्र होता नकलाक एक बगर्धा निविधे রাখিবেন। অবশেষে চুই চারি বিৎসর গত হইলে পুনশ্চ তন্মধ্য হইতে কতিপয় চারা উৎপাটন করিয়া এৰূপ পাতলা কৰিয়া দিবে, যেন অবশিষ্ট চারা সকল বেন পরস্পার ২০। .২৫ হস্ত অস্তবে থাকে এবং তাহাদিগের নিম্ন ভাগের শাখা সকল এৰপ পরিষ্কার করিয়া কাটিয়া দিবৈন যে, শাখার কোন চিহু ণেন কাণ্ডের উপরিভাগে দৃষ্ট ন। হয়। এই রূপে চারা সকল যত রৃদ্ধি পাইবে, ততই উহার নিং ভাগের শাখা চ্চেদ করিয়া দিবে। এবং তদিষয়ে এই রূপ সাবধান হওয়া উচিত যে, ঐ বুক্ষের ছেদ চিত্রে (অর্থাৎ যে স্থান হইতে শাখা কর্ত্তন করা হইয়াছে নেই স্থানে) যেন কোন কীট বা বৃষ্টিজন প্রবিষ্ট হইয়া অভান্তরস্থ কাষ্ঠ ফোঁপর্য (অন্তিঃসার বিহীন) করিতে না পারে। যদি ক্রক্তির এৰপ বোধ হয় যে ঐ ক্ষেত্রের উর্বারতা গুণ বিন্ট হইয়া গিয়াছে বীজ বপন করিলেও অঙ্গবিত হইবার কোন সন্তাবনা নাই, তবে গামলায় বীজ वलन कतिया हाता উৎপাদন করাই বিধেয়। কিন্ত অধিক চারার আবশ্যক হইলে গামলায় বীজ বপন

প্রণালী অনুসারে চারা প্রস্তুত করা বহুব্যয় সাধ্য ও তদতুসারে সমুদায় কর্মা সম্পন্ন করাও অভিশয় কঠিন হইয়া উঠে, অতএব এরপ স্থলে তাহা না করিয়া যতম্র এক চারাক্ষেত্র প্রস্তুত করিয়া লওয়া উচিত। এবং তথায় বীজ বপন করিলে যে সকল চারা উৎপন্ন হইবে ভাহাদিগকে উৎপটেন করিয়া অনুর্বর ক্ষেত্রে রোপণ করিবার পুর্বের নিম্ন লিখিত প্রকারে উক্ত ক্ষেত্রের সংশোধন করা সর্বভোভাবে কর্ত্ব্য। সেই ভূমির নিম্নে বহুদুর পর্যান্ত খনন করিয়া তাহার উপর চিক্রণ মৃত্তিকা এবং গোবরদার বিস্তৃত করিয়া বিলোড়ন করিয়া দিবে। পরে সেই সংশোধিত মৃত্তিকার গুণপরীক্ষার্থ কোন শাকের বীঞ্চ তদুপরি ছড়াইয়া রাখিবে, যদি ভাহাতে ঐ শাক উত্তগ উৎপন্ন হয় ভবে উক্ত ভূমি বৃক্ষ রোপণের সম্পূর্ণযোগ্য বলিয়া জ্ঞাদ্ধ করিতে হইনে আর যদি তাহাতে শাক স্থন্দর রূপ না জন্ম তবে এই গোধ করিতে হইবে যে উক্ত মৃত্তিকার সমার সংশোধন হয় নাই। কিন্ত ভাহার পুনঃ সংশোধন বিষয়ে অন্যরূপ যত্ন না করিয়া কেবল বিংশতি হস্ত অস্তরে ২। ৩ হস্ত পরিমিতব্যাস এক এক গোলাকার গর্ভখনন করিয়া পুর্বলিখিত প্রণালী ক্রমে সংশোষিত মৃত্তিকাদারা সেই সকল গঠ পরিপুরণ করিয়া তরুপরি চারা রোপণ করিলেই কোন
প্রকার বিন্ন ঘটিবার সম্ভাবনা থাকে না। কারণ বৃক্ষণণ
পর্ত্তান্তরন্থ সংশোধিত মৃত্তিকার রস ভোগ করিয়া
জনায়ানে বৃদ্ধি পাইতে থাকিবে। এবং ক্ষেত্রন্থ অপরাপর ঊষর মৃত্তিকাও উক্ত নবোদ্ধৃত বৃক্ষের পতিত পত্র
সকল পচাইয়া ক্রমশঃ সেই ভুমির ঊর্বরতা সম্পাদন
করিতে থাকিবে।

যদি ভূমি পর্বভীয় ও উন্নতাবনত হয় তবে তথাকার মৃত্তিকা সমপৃষ্ঠ করিয়া ততুপরি বীজ বপন করিতে গেলে অধিক ব্যয় হ'ইতে পারে। অতএব ঐ রূপ স্থলে গর্ত্ত করিয়া চারা রোপণ ব্যবস্থাই যুক্তি মার্গানুসারিণী। কিন্ত কর্ষিত ও উর্বারা ভূমিতে চার। রোপণ বিষয়ে নিম্ন লিখিত উভয় বিধিই উপ-যোগী হইতে পারে। অর্থাৎ উক্ত প্রকার গর্ভ করিয়া পুঁতিলেও উত্তম হইতে পারে. অথবা ক্ষেত্রের মধ্যে মধ্যে ২০হন্ত অন্তরে এঃহন্ত প্রস্থ নালা ক(টয়া ডাঁড়া বাঁধিয়া দিলেও চলে। কিন্তু ক্ষক ভদ্বিয়ে সভত এইৰপ সাবধান থাকিবেন যেন বৃষ্টির জল নালার ভিতর পতিত হইয়া অবস্থিত হইতে না পারে। এবং জ্বল বহির্গমনার্থ স্থানে স্থানে এরপ পথ করিয়া রাখিতে হইবে য, তদ্বারা যেন বৃষ্টির জল পতিত হইবা মাত্র বহির্গত হইয়া যায়। অপর প্রকাণ্ড

বুক্কের রোপণ স্থানে গো, মেষাদি পশুর উপদ্রব নিবারণার্থ দুই চারি বৎসরের নিমিত্ত বেড়া বাঁধিয়া দেওয়া উচিত। এবং উদ্যানের চতুর্দ্দিকে পগার কাটিয়া সীমাচিত্র ও জল বহির্গমনের পথ রাখা কর্ত্তব্য। - এই সমস্ত অনুষ্ঠান সম্পন্ন হইলে পর চারা উৎপাদনার্থ যে ক্ষেত্রে বীজ, বিক্ষিপ্ত হইয়াছিল সেই স্থান হইতে চারা সকল বর্ষাকালে উৎপাটন করিয়া হুতন ক্ষেত্রে পুঁতিতে হইবে। কারণ অস্মদ্দেশে অন্য কালে চারা পুঁতিলে ভূমির ভঙ্কতা ও স্থর্যকিরণের ভীক্ষভা প্রযুক্ত মরিয়া যায়। আর চারাদিগকে ক্ষেত্র হইতে উৎপাটন করিবার সময়ে প্রায় মূল শিকড় ছিন্ন হইয়া যায় এই জন্য কোন ইং-লণ্ডীয় উদ্যানকারী কহিয়াছেন যে, চারা সকলকে প্রথম বৎসরে উৎপাটন না করিয়া কেবল তাহানিগের মুল শিকড় কাটিয়া রাখিবে, পর বৎসরে ভাহাদিগকে উৎপাটন ষ্ণারিয়া অভিদ্বিত ক্ষেত্রে রোপণ করিবে। किन्छ मा क्रिया यिन ठजुन्मार्थक किविन्द মৃত্তিকার সহিত চারা সকলকে উৎপাটন করিয়া স্থানান্তরে প্রোথিত করা যায় (যাহাকে সামান্য ভাষায় গলে মারা কহে) তাহা হইলে কোন ব্যতি-ক্রমের সম্ভাবনা থাকে না। অপর যখন চারা রোপন করিতে হইবে তখন ঐ নালার ভিতর ২০ হস্ত অন্তর

করিয়া বসাইবে; এবং ঐ সকল চারা যত বৃদ্ধি
শীল হইতে থাকিবে ততাই প্রতিশর্ষে বর্ধান্তে ভাঁড়ার
মৃত্তিকা ভাঙ্গিয়া বৃক্লের মূল পরিপূর্ণ করিয়া দিবে।
অপর যে স্থানে বায়ু প্রবল বেগে সঞ্চালিত হইতে
থাকে (যেমন সমুদ্র ভটে) সেই স্থানে প্রকাণ
বৃক্লের চারা রোপন করিলে বায়ুর অভ্যাঘাতে চারা
সকল বিন্ফ হইবার সম্পূর্ণ সম্ভাবনা বলিয়া নিম্ন
লিখিত নিয়ম সকল অবলম্বন করিতে হইবে।

সমুদ্র তটে বা তং সদৃশ কোন বায়ু প্রবাহ স্থানে প্রকাণ্ড বৃক্ষ রোপর্য করিতে হইলে প্রথমে ২০ হন্ত প্রস্তে এক ক্ষেত্র প্রস্তুত করিয়া, তাহাতে একপ কোন বৃক্ষ রোপণ করিতে হইবে যাহা অতি শীল্র শীল্র বৃদ্ধি পাইয়া বায়ুকে অবরোধ করিতে পারে। এতদ্বেশে বাঁশঝাড়ই বায়ু বোধক, অতএব উক্ত ক্ষেত্রে অরোধ তাহাই রোপণ করা বিধেয়। অপর যদি কোন পর্বরতীয় স্থানের সৃত্তিকা বিবিধপ্রকার গুণি সম্পন্ন হয়, তবে কোন স্থানে কোন প্রকার বৃক্ষ উৎপন্ন হইবে, তাহা সহসা নিরূপিত হইতে পারে না। এই জন্য প্রস্তুকার বাজ্যকত্র মিপ্রিত করিয়া বুপন করাই যুক্তিয়ুক্ত, কেননা উক্ত প্রকারে বীজ্ব বিক্তিপ্ত হইনে তথাকার মৃত্তিকার গুণে যে বৃক্ষ বৃদ্ধিশীল হইবে তাহা রাখিয়া অন্যান্য বৃক্ষ উৎপাটন

করিয়া কেলিবে,। কিন্তু যদি ঐ স্থলে দুই প্রকার
চারা সমভাবে প্রবল হয় তবে ক্ষক অধিক মূল্যবানু বৃক্ষের চারা রাখিয়া অবশিষ্ট চারা উৎপাটন
করিয়া কেলিবেন।

যে স্থানের মৃত্তিকা কৃষির উপযোগী, অথবা यिथारंन डेे शयुक्त शिव्रमार्ग वाश्रू अवर तरमत मक्शेत ধাকে, তথায় প্রকাণ্ড বৃক্ষ সকল অতি শীঘ্রস্থচারুরূপে বৃদ্ধি পাইতে পারে, অতএব যে স্থানের মৃত্তিকা জল-সিক্ত এবং যেখ্রানকার বায়ু স্থবিধাকর নছে সেই স্থানে প্রকাণ্ড রুক্ষ রোপণ করা কর্ত্তব্য নয়। এই কারণেই বঙ্গ রাজ্যের জ্বলসিক্ত নিম্ন ভূমিতে প্রকাণ্ড বৃক্ষ অধিক উৎপন্ন হয় না, এবং পশ্চিম অঞ্চলের শুদ্ধ কঠিন মৃত্তিকায় প্রাকাণ্ড বৃক্ষ প্রচুর পরিমানে জন্মাইয়া পাকে। অধুনা যদিচ এ দেশের স্থানে স্থানে মেহগ্নি, সেগুণ প্রভৃতি বৈদেশিক প্রকাণ্ড তরু উৎপন্ন কৃষয়াছে বটে তথাপি তাহাও পশ্চিমা-ঞ্লে রোপিত রক্ষের ন্যায় বৃদ্ধিশীল ও সারবান্নয়। ফলতঃ বঙ্গ ভূমিতে সেৰূপ নানা গুণসম্পন্ন হইবার কোন সম্ভাবনা নাই।

শোভার জন্য প্রকাণ্ড রক্ষের রোপণ প্রণালী।

জগৎ প্রারম্ভে জগৎপাতা এক এক উদ্ভিদকে এক এক বিশেষরূপ আকার প্রদান করিয়াছেন। কেহ শাখ পল্লবে বেষ্ট্ৰিত হইয়া স্থশোভিত থাকে কেহ বা ফল প্লেপ শোভাধারী হয়। কিন্তু ঐ সকল রক্ষের অবয়ব সমভাবে থাকিবার অনেক ব্যাহ্বাত ঘটে। শাখা সকল প্রথমতঃ যে অবস্থায় বহির্গত হয়, চির্কাল যদি সেই অবস্থায় সমভাবে থাকে, তবে প্রকৃতির প্রথম অবস্থার ৰূপের বৈলক্ষণ্য বলা যাইতে পারে না,কিন্ত বাতাদির ম্যানাধিকা বশতঃ উহারা চিরকাল সমভাবে থাকে না, কালক্রমে ভিন্ন ভিন্ন রূপ প্রাপ্ত হয়। স্পার যদি নবোদ্ধত শাখা সকল মনুষ্য কর্ত্তৃক কোন প্রকারে এরপ আবদ্ধ থাকে যে তদ্ধারা ঐ ভাব চিরকাল সমভাবে রক্ষিত হয়, তবে স্বাভাবিক সৌন্দর্য্যের কোন বৈলক্ষণ্য ঘটে না। ফলতঃ স্বাভাবিক শাখা মুখে উলিত হইতে থাকে; যদি তাহারা অব্যাঘাতে সেইৰূপে বৃদ্ধি পায়, তবে সম্বিক শোভাস্পদ হইয়া উঠে, তাহাতে সন্দেহ নাই। কিন্তু বাতাদির বাধা ৰশতঃ ভাহারা কখনই সেরপে থাকিতে পায় না।

কোন শাখা ঊৰ্দ্বগামী হয়, কোন কোনটা বক্ৰ হইয়া অধোগামী বা পার্ম্ব চর হইয়া থাকে। অতএব শোভার জন্য প্রকাণ্ড বৃক্ষ রোপন করিবার প্রণালীতে এমত নিয়্য প্রতিপাল্লন করা আবশ্যক যে, শাখা সকল নানা দিকে বৃদ্ধি পাইলেও কোন রূপে যেন, বৃক্ষের শোভা বিনষ্ট না হয়। হিন্দু কৃষকদিগের এত দ্বিষয়ে কোন নিয়ম দেখিতে পাওয়া যায় না। কেবল গ্রীমন্ত্রাগবত নামক সংস্কৃত গ্রন্থে এই মাত্র ব্যক্ত আছে যে ভগবানু এ ফুঞ্চ ব্রন্ধলীলার সময়ে এমতী त्राधिकात छिछितिरगामनार्थ वृन्मार्थन धारमं निधूतन, নিকুঞ্জবন, তমালবন, ভাগুীরবনপ্রভৃতি অতিশয় মনোরম স্থান সকল নির্দ্যাণ করিয়াছিলেন। সেই ममल मत्नाहत छेश्वन अक्तरंग विमामान नारे, अवर উহারা কি প্রণালীতে নির্মিত হইয়াছিল তাহাও জানিবার কোন উপায় নাই। অতএব একণে কি প্রবালী ভ্রবলম্বন করিলে সেই ৰূপ উপবন সং-স্থাপিত করিতে পারা যায়, তদিশেষ জানিবার নিমিত্ত তামি এক অরণ্য মধ্যে প্রবেশ করিয়া দেখিলাগ যে, যে স্থানে কোন এক জাতীয় বুক্কের প্রাচুর্য্য আছে সে স্থানে অন্য জাতি বৃক্ষ সকল স্বপ্রভাব প্রকাশ করিতে না পারিয়া প্রায়ই শাখা পল্লবে বিশীর্ন হইয়া মুমুর্ অবস্থায় অবস্থিতি করি**তেছে।** এবং ঐ প্রবল জাতি বৃক্ষ সকল উপযোগিনী মৃত্তিকা প্রাপ্ত হইয়া বিদ্ধিত হইয়াছে। ইহাতে বোধ হইল যে কাল-ক্রেয়ে যদি ভত্রত্য মৃত্তিকার পরিবর্ত্তন হয় এবং অন্য কোন জাতীয় বৃক্ষ সমষ্টি শাখা পল্লবে বৰ্দ্ধিত **হ**ইয়া উঠে, তবে উহারা ঐ প্রবল স্বাতীয় বৃক্ষ সকলের সহিত সমবেত হইয়া প্রকৃতির অপুর্ব্ব শোভা সম্প:-দন করিতে পারে। আরও দেখিলাম কোন কোন স্থান বহু গুলাসমাকীর্ব হইয়া ভূভারে মেঘমানার ন্যায় অপুর্ব্ব শোক্তা ধারণ করিয়াছে, কোথাও বা বহ্বায়ত শাখাধারী বৃক্ষ সকল গগণস্পাশী রূপে দণ্ডায়মান আছে, দেখিলে বোধ হয় যেন, তাহারা গগন্মগুলের সীমা নিরূপণার্থ গ্রীবা উল্লভ করিয়া রহিয়াছে। কোথাও বা বৃক্ষান্তিতা লভা সকল বৃক্ষ হইতে বৃক্ষাস্তরে গমন ক্রিতেছে এবং তাহার কিয়দংশ আনত ও লিগু হইয়া নিকুঞ্জ ৰূপে প্ৰতীয়-মান হইতেছে। কোন স্থানে উন্নতাবন**্**পর্কিতাপরি ভরু গুল্মাদি উদ্ভিদ্ সকল সমারত হইয়া অপুর্ব্ব শোভা ধারণ করিতেছে এবং ক্ষুদ্র ক্ষুদ্র কল্লোলিনীসকল পর্বত হইতে বহিৰ্গত হইয়া বিবিধ কুন্তম শোভিত বৃক্ষ পরি-পূর্ব কাননের মধ্য দিয়া কলকলরবে মৃত্যুদ্দ গমন করত দর্শকের চিত্তবিনোদিনী হইয়া প্রবাহিত হই-তেছে। কোপাও বা সমশীর্ষ ক্ষুদ্র কুদ্র হরিছর্ব

ত্র রাশি সমাচ্চন্ন ভূমিভাগ, হরিদ্ধ,মির ন্যায় শে:ভা পাইতেছে। সেই স্থলে বসন্ত কাল সমাগত হইলে বৃক্ষ সকল **খেত পীত নীল লোহিতাদি** নানা পুচ্পেও নব নব পল্লবে স্থােভিত হইয়া অপ্বৰ্ধ শােভা পাইতে থাকে। বিশেষতঃ পলাশপুষ্প সকল এই সময়ে প্রক্রাটিত হইয়া প্রজ্বলিত অ্রিনিখার ন্যায় নভোমগুলে দেদীপ্যমান হয়। এরপ নয়নাভিরাম মনোহর স্বভাব শোভা সন্দর্শন করিলে, কাহার মন আনন্দরসে অভিষিক্ত না হয় ? ফলতঃ কোন মনুষ্যই প্রাপ্তরিত স্বাভাবিক বনশোভা, ক্রত্রিয় উপবনে আদির্ভাব করিতে পারেন না। কারণ স্বভাবের শোভা যাদুশ মনোহারিণী কুত্রিমশোভা কখনই ভাদুশ হইতে পারে না, তবে স্বভাবের শোভা যেরপ নিয়মে সৃষ্ট হইয়াছে, সেরপ নিয়ম পালন করিতে পারিলে কথঞ্চিৎ প্রাকৃতিক শোভার কিয়দংশ অনুকৃত **হইতে পারে।** কুত্রিম উপবন খাভাবিক ব**ন** শোভায় ফুলোভিত করিতে হইলে নিম লিখিত বিধি-০০ফীয়ের অন্যুসরণ করিতে হয়।

প্রথম বিধি, স্থানের গুণান্ত্সারে রুফের হাস রবির স্থালোচন শ্বিতীয়, কোন্ রক্ষা কোন্ স্থানে রোপণ করিলে কিরপে স্থানিভিত হয়। তৃতীয়, কোন্ জাতি বৃক্ষ কোন্ স্থানে রোপন করিলে স্থাজ্ঞী চূত হয়।

চতুর্থ, ভূমির বন্ধুরত্বাদির সমালোচন, নিম্নলিখিত তিন প্রকার হানে প্রকাণ্ড বৃক্ষ সকলকে যথা নিয়নে রোপণ করিলে **স্থশোভিত হয়।** গ্রামের মধ্যস্থিত কৃত্রিয বনোপযোগী প্রশস্ত ভুমিতে, বাসস্থানের অনতিচুরবর্ত্তী যথোপযুক্ত স্থলে, গ্রামের বহির্দেশে ও রহৎ প্রান্তর মধ্যে, প্রকাণ্ড রক্ষ সৰলকে ব্যবস্থামত রোপণ ও যথা-বিধি পালন করিতে পারিলে সম্ধিক শোভাস্পদ্হইতে পারে। কিছ প্রথম ও দিতীয় প্রকার স্থানে বৃক্ষাদি রোপণ করিতে হইলে যদি কোন সম্মুখন্ত স্থর্য্য হর্ম্যাদির শোভা হানি রূপ অনুল্লজ্ঞ্মনীয় বিশ্ব উপস্থিত থাকে, ্বে উপায়ান্তর অবন্তমন করিয়া অভীষ্ট সিদ্ধকরিতে ২য় ৷ তৃতীয় প্রকার স্থানে অর্থাৎ যদি কোন প্রান্তর মধ্যে প্রকাণ্ড রক্ষ রোপণ করিয়া স্বাভাবিক শোভায় খ্ৰোভিত করিতে হয়, তবে ক্ষক আপন ইচ্ছা মত প্রকাণ্ড বুক্ষের চারা রোপণ করিতে পারিবেন। এবং সেই স্থানে বাস গৃহাদির শোভা হাঁনি নিবন্ধন কোন বাধা নাই বলিয়া অনায়াসে সেদির্য্য সম্বর্জনার্থ ন্ন: উপায় অবলম্বন করিতে পারেন।

অপর যদি কোন উন্নতাবনত স্থানে প্রকাণ্ড বৃক্ষ রোপণ করিয়া শোভাস্পদ করিনার বাঞ্ছা থাকে। তিবে উচ্চ স্থানে বৃক্ষ রোপণ করাই উচিত। নিম্ন স্থানে রোপণ করিবার প্রয়োজন নাই। কেননা পর্বতের উপরিভাগে বৃক্ষ সকল রোপিত থাকিলে নেরপ শোভাজনক হয়, নিম্ন স্থলে রোপিত হইলে কখনই তদ্রপ শোভাস্পদ হইতে পারে না। ফলতঃ হিমাতিশয্যে পর্বতের উপরিভাগে বৃক্ষাদি উৎপন্ন হয় না. উপত্যকা মধ্যেই যে কিছু বৃহৎ বৃক্ষ দৃষ্ট হইয়া থাকে। অতএব সৌন্দর্য্য বিধানার্থ বন্ধুর ভূমির উচ্চ স্থানে বৃক্ষ রোপণ করাই প্রকৃতির নিয়ম।

শোভাষিত রুক্ষের বিষয়।

যে সকল বৃক্ষের কল হইতে উপরি ভাগ পর্যান্ত শাখা পত্রাদি মগুলাকারে বা দীর্ঘাকারে বেষ্টিত থাকে, তাহাদিগকে শোভাধারী বৃক্ষ বলা যায়। তন্মধ্যে আম, তেতুল, অশ্বন্থ, বট, বকুল ইভ্যাদি মগুলাকার, ও ঝাউ, দেবদারু প্রভৃতি বৃক্ষ সকল দীর্ঘাকার বলিয়া প্রসিদ্ধ । আর্থর যে সকল বৃক্ষ এই উভয় শ্রেণীর অন্তর্কর্ত্তী নহে তাহারা 'হুশোভন বলিয়া পরিগণিত হইতে পারে না। প্রকাণ্ড বৃক্ষের মধ্যে বাদাম বৃক্ষই সমধিক শোভাসম্পন্ধ, তাহার শাখা সকল ধরাতল রেখার আকার ধারণ করিয়া কাণ্ড হইতে বহিগত হয় ও ন্তর্করে স্থাকার বৃক্ষর মধ্যে যদি দীর্ঘাকার বৃক্ষ সকলকে

শ্রেণীবন্ধ ও মণ্ডলাকার বৃক্ষ সকলকৈ সমষ্টিবন্ধ করিয়া রোপণ করা যায়, তবে উভয় প্রকার বৃক্ষই যথা কালে সম্বন্ধিত ও শাখা পল্লবে পরিবেম্নিত হইয়া সমধিক শোভাস্পদ হইতে পারে। যদিচ মণ্ডলাকার বৃক্ষ সমষ্টির শীর্মভাগ পরস্পার সন্মিলিত হইয়া যে রূপ অপুর্ব্ব শোভা বিস্তার করিতে থাকে, দীর্ঘাকার বৃক্ষ শ্রেণীর কখনই সেরূপ শেভা হইবার সম্ভাবনা নাই তথাপি উহারা অনেকা**ং**শে মণ্ডলাকারের সহিত তুলিত হইতে পারে, এজন্য এই উভয় বিধ রক্ষ এক স্থানে থাকিলেও শোভার হানি হয় না। অপর দীর্ঘাকার বুক্ষের মধ্যে কোন কোন হক্ষের অগ্রভাগ এভাদুশ স্থুমা হয় যে, তাহাতে শোভার ব্যভিচার ঘটিয়া উঠে। যেমন ঝাউ জাতীয় বৃক্ষ সকল কোন প্রকারে মগুলাকারের সহিত উপমিত হইতে পারে না। কেবল ভাহারা উদ্ভিদ্ নির্দ্দিত বৃতি মধ্যে রোপিত থাকিলে হরিদ্র্ব দুষ্ট হয়।

অপর বৃক্ষদিগের আকৃতি কোন বিশিষ্ট কারে বশতঃ বিকৃত হইলে মণ্ডলাকার বৃক্ষ নকল দীর্ঘাকার বৃক্ষদিগকে হতন্ত্রী করে। এই জন্য রোপণ সময়ে চারা সকল বাভিয়া লওয়া কত্তব্য যদিচ সেওড়া ও কামিনী প্রভৃতি বৃক্ষের সামান্যতঃ একরূপ বটে। তথাপি ভাহা-দিগের শাখা:ছেন করিয়া নানা অব্যবী করা বাইতে পারে। অত্এব প্রস্মদেশীয় প্রায় সকল উদ্যানকারী ব্যক্তিরাই এই সকল বৃক্ষ উদ্যানে রোপণ করিয়া মণ্ডলাকারে শোভিত করিয়া থাকেন।

অপার যে নিয়ম অবলম্বন করিয়া এই বিষয় সম্পন্ন করিতে হয়, তাহা এই স্থলে না লিখিয়া শাখাচ্চেদ প্রকরণে প্রকাশ করা যাইবে। এক্ষণে বলি কোন বুক্ষের আঁকার শাখার ন্যায় করিবার আবশ্যক হয় তবে উহার প্রথম অবস্থায় সম্মুখস্থ দুই দিকের শাখা ভিন্ন অন্য শাখা সকল ছেদন করিয়া নিবে। যদি ঐ দুই দিকের শাখার মধ্যে 'কোন শাখা সতেজ হইয়াউঠে তবে ভজ্জাতীয় চারা আনিয়া উভয়ের ক'তেও যোড়কলম করিতে হইবে, পরে ঐ চারার পশ্চাতে বাকারি বা কার্ফের উচ্চ রতি প্রস্তুত করণা-নম্ভর তাহার উপর ঐ সকল শাখা সমান্তর নাপে বিস্থার করিয়া এরপ বন্ধন করিয়া রাখিবে যে, তুক मकन विक्रिक इंडेटन की भाषा मकन (यन, मिरे छोटन চিরস্থায়ী থাকে।

সুসজ্জা করিয়া রোপণ।

প্রকাণ্ড কৃষ্ণ সকল হুসজ্জা ক্রমে রোপন করিতে হইলে প্রথমতঃ ঐ কুষ্ণদিগের ক্ষেত্রের বিষয় বিবেচনা

করিতে হইবে। সেই কেত্র হুই প্রকার হইতে পারে, সহন্ধ বিহীন ও সহন্ধযুক্ত। সমন্ধ বিহীন ক্ষেত্র প্রস্তুত করিতে হইলে অন্য কোন বিবেচনার আবশ্যক করে না, উদ্যানকারী আপনার বিবেচনা মত প্রস্তুত করিয়া লইবেন। অর্থাৎ কোন স্থানে কুত্রিম ব্যবস্থা-মতে গোলকবন্ধ নির্মিত করিতে হইলে, যেমন এক কেন্দ্র কতকগুলি বৃত্ত অঙ্কিত করিয়া ভাহার পরিধির উপর বৃক্ষাদি রোপণ করিতে হয়, কিম্বা খভাবানুযায়িকেত্রের আকৃতি করিতে হইলে যেসন এক লিপ্তাকার বন ও বৃক্ষ সমষ্টির মধ্যভাগ তৃণাচ্চন্ন ও অনাবৃত করিতে হয়, ইহাতেও সেইরূপ ব্যবস্থা করিতে ঁ হইশে। কিন্তু সম্বন্ধবিশিষ্ট ক্ষেত্র প্রস্তুত করিতে হইলে তাহা না করিয়া যে ভূমিতে ক্ষেত্র হইবে তাহার আঁকতির সহিত এবং তথাকার অন্যান্য বস্তুর সহিত স্থানন রাখিয়া ক্ষেত্রের আকৃতি নির্মাণ করিতে হইবে। অপর যদি গ্রামের মধ্যে বা বার্মস্থলের সন্ধি-কটে ঐ ক্ষেত্র প্রস্তুত করিতে হয়,তবে তথাকার অট্রা-লিকা, উদ্যান ও পুষ্করিণ্যাদির সহিত ঐ ক্ষেত্রের ঐক্য রাখিতে হইবে। এই রূপ নিয়ম করিলে উপস্থিত সেক্ষা অধিকতর উজ্জ্ব হইবে এবং • ছিন্নভিন্ন বিশৃঞ্জন বস্তু সকলের বিভিন্ন শোভা একত্রিত হইবে। কিন্তু যদি ঐ স্থলে কোন দোষ থাকে তবে

ঐ স্থান আচ্ছাদন দারা কিখা অন্য কোন উপায় দারা এমউ এক লিপ্তাকার করিতে হইবে যে, দর্শন করিবা মাত্র যেন, সমুদায় স্থললিভ একখানি বস্তু দেখায় ৷ ফলতঃ এরূপ করণের অন্য উপায় আর কিছুই নাই কেবল স্বভাবের অনুকরণ করিলেই সকল দিক্রক্ষা হইতে পারে; অর্থাৎ রক্ষ সকলকে সমষ্টি ক্রমে রোপণ করিলেই পরস্পরের মিলন থাকিতে পারিবে। অপর যদি পথের দুই পার্যে চুই ভোণী প্রকাণ্ড বৃক্ষ রোপণ করা যায়, তবে চুই পার্ষের ভূমিতে যে কোন দোষ থাকে, ভীহা ঐ বৃক্ষ সকলের কার্থে আচ্ছাদিত হইয়া বিবিধাকার সৌন্দর্য্য দেখাইতে পারে। উহা দূর হইতে দেখিলে বোধ হইবে যেন, উপবন বৰ্দ্ধিত হইয়া রাস্তা আচ্ছাদন করিয়া আছে। অপর চানকের পথে যেরূপ দৃষ্ট হয়, রোপন-কারী ঐ বৃক্ষ সকলকে সেই রূপে এক রেখাস্থ করিয়া রোপর্ণ করিবেন। এবং যে স্থলে উহার শেষ হইবে তথায় যদি উদ্যান থাকে তবে তাহার সহিত मिमालन तार्विदन। आंत्र यनि श्रीखत मद्या दृक्त রোপণ করিতে হয়, তবে ভাষা এমত করিয়া রোপণ করিতে হইবে বে, পশ্চাদ্বর্তী গ্রামে যেন ঝড় না লাগিতে পায়। আর যদি তৃণাচ্ছাদিত,গৃহের নিকট রোপণ করিতে হয় তবে এগত করিয়া রোপণ করিতে

হইবে যে, বায়ু যেন অনিষ্টকর হা এক্বারে অবরুদ্ধ ন। হয়। যদি পুষ্করিণীতটে রক্ষাদি রেপিণ করিতে হয়, তবে যাহাতে জলমধ্যে পত্রাদি পড়িয়া তাহাকে বিকৃত করিতে না পারে, এমত উপায় অবধারিত করা কর্ত্তব্য। সম্বন্ধবিহীন ও সম্বন্ধযুক্ত ক্ষেত্র প্রস্তুত করিয়া বৃক্ষ রোপণের ব্যবস্থা এক প্রকার কথিত হইল। এক্ষণে সেই সকল ক্ষেত্র প্রস্তুত করণের প্রণালী বলা যাইতেছে। এই ক্ষেত্ৰ চুইৰূপে নিৰ্দ্মিত হইতে পারে, স্বাভাবিক ও কুত্রিম; যদি কুত্রিম মতে ক্ষেত্র প্রস্তুত করিতে হয় তবে কোৰাও গোলাকার, কোণাও মণ্ডলা-কার, কোথাও ত্রিকোণ, কে'থাও বা চতুর্ত্ব ভাতি নানা আকৃতি করিতে হইবে। যদি অপ্প প্রশন্ত ভূমি অভিশয় দীর্ঘ হয়, তবে তাহাকে রাম্বা রূপে পরিণত করিয়া ভতুভয় পার্শ্বে শ্রেণীবদ্ধ রক্ষ রোপণ করিয়া স্মোভিত করিতে হইবে। অপর যদি ভূমি দীর্ঘ প্রস্থ উভয় নিকে তুল্য হয়, তবে তমাধ্যে রাস্তা করিয়া উক্তরূপে ক্ষেত্র দি নির্মাণ করা উচিত, কিন্ত সাভাবিক ব্যবস্থানুসারে ক্ষেত্র প্রস্তুত করা অভিশয় কঠিন। কারণ উহাতে সকলই অনিয়মিত দৃষ্ট হয়। অতএব যেন্থলে যেৰূপ প্ৰয়োজন হইবে তথায় দেইরূপ অনিয়মিত আকৃতি করিতে হইবে।

এক্ষণে কোন বাসস্থান নির্দাণ জন্য যদি প্রকাণ্ড

ফুকের কেত্রসকৃল এীস্তত করিতে হয় তবে স্বাভ¦ৰিক ও কৃত্রিম এই দুই প্রকার ব্যবস্থা মতেই প্রস্তুত করা যাইতে পারে। স্বাভাবিক ব্যবস্থায় ক্ষেত্রের আফুতির নিয়ম নাই, কিন্তু কৃত্রিম ব্যবস্থায় নিয়মিত আকৃতি করা আবশ্যক। এই উভয় ব্যবস্থাতেই প্রথমতঃ ভূমির একখণ্ডে এক প্রধান বাটিকা প্রস্তুত করিতে হইবে, পরে অন্যান্য বাটিকা সকল এমত ভাবে বিন্যস্ত করিতে হইবে যে, ভাহাতে যেন এরপ অনুমিত হইতে থাকে যে, অন্যান্য বাটিকা সকল ঐ প্রধান ৰাটিকা হইতে নিৰ্গত হইয়াছে, এবং অট্টালিকা, প্রশ্বরিশী প্রভৃতি যাহা কিছু ঐ ভূমিতে প্রস্তুত করি-ব'র প্রয়োজন হয়, সে সকলই যেন ঐ প্রধান বার্টকার সহিত সন্মিলন করিতে পারা যায়। এই রূপে উক্ত অট্টালিকা ইত্যাদির সহিত মিলন রাখিয়া বাটিকা প্রস্তুত করিতে পারিলে অতিশয় হৃদৃশ্য হইতে পারে। পরস্ত ঐ বাটকার আক্রতির সহিত ও তথাকার অন্য অন্য বস্তু ও ক্ষুদ্র বাটিকা সকলের আকৃতির সহিত একপ সাদৃশ্য রাখিয়া নির্মাণ ও ভৎসমুদায়কে এমত ভাবে সংস্থাপিত করিতে হইবে যে, দর্শন করিলেই যেন উহাদিগের মধ্যবন্তী স্থান নকল অতি বৃহৎ দেধাইতে থাকে, এবং এক এক খণ্ডের প্রতি দৃষ্টি করিলে যেন প্রত্যেকে একখানি

সম্পূর্ণ বাটকা বোদ হয়। আর্গ বৃক্ষ্ সমস্থীর বিবিবাকার যোগাযোগে যেন উহাদিগের িনিধাকারে
শোভা বৃদ্ধি হয়। এই সকল বিষয় সামান্যতঃ প্রকাল
শিত হইল। কোন স্থ:ল বিশেষরূপ প্রমোদকানন প্রস্তুত করিতে হইলে যে সকল নির্ম পালন
করা আবশ্যক তাহা আমরা পুর্পোল্যানখণ্ডে বিশেষ
রপে প্রকাশ করিব। পরস্তু এই স্থলে এই মাত্র বক্তব্য
যে, উক্ত নির্মে যে সকল ক্ষেত্রের আকৃতি নির্মাণ
করিতে হইনে দেই সকল ক্ষেত্রের আকৃতি নির্মাণ
করিতে হইনে দেই সকল ক্ষেত্র যেন অবিক প্রশস্ত্র
না হয়। আক্রার বিবিধ রূপ হইলেও ক্ষতি নাই।
কিন্তু যদি ঐ ভূমি বন্ধুর হয় তবে স্বাভাবিক ব্যবস্থান্থ্যায়ী কার্য্য করাই স্থবিধেয়।

অপর ভূমির নিম্নানে রাস্তা ও জলাশয়
প্রস্তুত করিয়া উচ্চ ভূমিতে বৃক্ষ রোপণ করিবে।
এবং ক্ষেত্র নকল ঐ উচ্চ স্থানের আকৃতির সহিত
ঐক্য রাখিয়া প্রস্তুত করিতে হইবে। আর যদি অল্ল
ভূমিতে বৃক্ষ রোপণ করিতেহয়, তবে সমুদায় ভূমিতে
বৃক্ষ রোপণ না করিয়া অভ্যস্তরে কিঞ্চিৎ ফাক্ রাডিয়া
যে কোন ক্ষেত্রাবর কেবল প্রাস্তভাগে বৃক্ষনকল
রোপণ করিলেই অতি স্থন্দর দেখাইবে। এবং সমুদায়
ভূমিতে বৃক্ষ রোপণ করিলে যেরপ কলদ য়ক হয়
ইহাতেও ভক্ষপ কললাভ হইতে পারিবে। কেননা

অপ্প ভূমির সমুদ্র ভূভাগে বৃক্ষ রোপিত হইলে খভাস্তরের সৌন্দর্য্য কিছুই থাকে না, কেবল বাহি-রের কিঞ্জিমাত্র শোভা দুষ্ট হয়। অপর যদি কোন পাহ'ড়ের নির ভূমিতে রক্ষ সক্র রোপণ ক্রিভে হয়, তবে উক্ত প্রকারে রোপণ করিলে বিপরীত ফল উংপা হইয়া থাকে। কেননা এরপ স্থান উর্ন্ধ-মুখে নিরীক্ষণ করিতে হয়, অতএগ রক্ষণগুলীর মধ্যে যে স্থান ফাক থাকে ভাষা স্বস্পাইই দেখিতে পাওয়া যায়, হৃতরাং পর্বত বৃক্ষমানায় বেষ্টিভের ন্যায় শোভ^{;স্পাৰ} দুষ্ট হয় না। কিন্ত স্বভাৰতঃ যে **অৰ-**স্থায় ক্লু সকল এক লিপ্তাকারে পর্বতের উপর উৎ-পন্ন হইয়া থাকে, ভাহার ৌন্দর্য্য অবশ্য ইহা অপেকা অধিক। ক্ষেত্র সকল যে রক্ষের বাটিকা প্রকারে নির্দাণ করিতে হইবে তত্তিরল যংকিঞ্জিং প্রকাশ করা হইল। এক্ষ: ণ যে প্রকারে বৃক্ষ সকল রোপণ করিতে হইবে তদ্বিব প্রণ লিখিতে প্রবৃত্ত হইলাম।

যদি কোন স্থানে কৃত্রিম ব্যবস্থানুসা: র বৃক্ষরোপন করিতে হয়, তাবে যত স্থনিয়মিত রূপে রোপন করিবে ততই অভিপ্রায় স্থানিদ্ধ হইবে। কিন্তু স্থাভানিক ব্যবস্থানতে বৃক্ষদিগকে রোপন করিতে হইকে অনিয়মিত রূপে রোপন করাই আবশ্যক। কারণ স্থভাবিক বৃক্ষ সকল অনিয়মিত রূপে উদ্ভূত হইয়া

পাকে, তাহাতে কোন নিয়ম নাই। অভএব এই ব্যবস্থা বৃহৎ বা ক্ষুদ্র ক্ষেত্রে সমভাবে করা যাইডে পারে। বিশেষতঃ বাসস্থলের সমীপে বৃক্ষ সকল প্রায়ই বিশৃঙ্খল রূপে অবস্থিত থাকে সেখানে বৃক্ষ রোপণ করিয়া শোভিত করিতে হইলে স্বাভাবিক ব্যবস্থা ব্যতীত ঐ বৃক্ষদিগের মধ্যের ফাঁক সকল অন্য বৃক্ষদ্বারা আরুত হইতে পারেনা। কিন্ত স্থাভা-विक नियम अवलयन कृतिया वृक्तिभित्क त्रिंभन করিতে হইলে স্থানে স্থানে পুঞ্জ পুঞ্জ করিয়া রোপণ করা আবশান। কারণ কোন স্থলে যদি এক প্রকার রক্ষ থাকে ভবে তাধার কেবল স্বাভাবিক সামান্য শোভাই প্রকাশ পায়; সেই শোভা সমু-চ্ছুল করিতে হইলে উহার নিকটে অন্য প্রকার চুই চারিটী বৃক্ষ রোপণ না করিলে কখনই সম্পূর্ণ শোভাস্পদ হইতে পারে না। আর যদি কোন স্থল স্বাভাবিক বিধিমতে রক্ষ সমষ্টি রোপিত থাকে, তবে উহাদের কাণ্ড সকল কোন রূপ ক্রমবদ্ধ না হইয়া বিশৃঞ্জভাবে অবস্থিত থাকিয়া যেরপ অপ্থর্ক শোভা मम्भानन करत, कृतिम विधिमान छेशातत कांछ সকল শ্ৰেণী বৃদ্ধ থাকিলে কখনই তাদুশ শোড়া পাইতে পারে না। অপর যদি কোন পথের পার্যে কিয়া অন্য কোন প্ৰকাশ্য স্থলে ছায়া কিম্বা কোন কুং সৈত স্থান

আবরণ করিবার জ্ন্য রক্ষ রে'পণ করিতে হয় তবে কেবল শ্রেমী বন্ধ করিয়া স্থাপন করিলেই অভীষ্ট সিদ্ধ হইতে পারে। ফলতঃ রক্ষ সমষ্টির এই মহদগুণ দুষ্ট হয় যে, উহাদারা ভূমির এক এক খণ্ডকে বিধি-ধাকার দেখাইতে পারে, ভিন্ন ভিন্ন বস্তুকে একত্রিত করিতে পারে, এবং যে খণ্ড সমগ্র রূপে সংস্থাপিত হয় নাই নেই খণ্ডের সমস্ত বস্তুকে একত্রিত করিয়া সম্পূর্ণ একখানি বস্তু দেখাইতে পারে। যদিও কোন ন্তানে বৃহৎ ও ক্ষুদ্র সমষ্টি একত্র মংস্থাপিত রাখা যায় তথাপি চুই কিছা তিন বৃক্ষ সমান অন্তরে বা ত্রিভূঞ গেত্রের তিন কোণে বা চতুরু জ ফেত্রের চারিকোণে া অই ভুজক্ষে:ত্রর অই কোণে এক একটা বৃক্ষ কখনই রোপণ করা যাইতে পারে না। কারণ এমত্র সংস্থানিত হইলে যেরপ হুন্দর দেখার পৃথকু থাকিলে কখন তারুশ হয় লা। যদি কেহ ভিন্ন ভিন্ন বৃক্ষ ভিন্ন ভিন্ন রূপে ক্ষেত্রের প্রত্যেক কোনে স্থাপন করিয়া ভদ্রপ ণোভালাতে অভিলাবী হন তবে কখনই তাহা সিদ্ধ হইতে প'রে না।

লিপ্তসংমিলন।

অনেকগুনি এক জাতীয় চ'রা ভতিশয় ঘন রূপে বোপণ করিলে তাহাদিগের পত্র সকল একত্র সালিগু

হইয়া অতি চমৎকার শোভা ধারণ করে। যেমন ধান্য ও ধঞ্চে ক্ষেত্রে ধান্য বা 'ধঞ্চে' একত্র সংলিপ্ত সমান অবস্থা দেখিতে পাওয়া যায়। ধঞে বৃক্ষসকল প্রথমাবস্থায় মৃত্তিকার উৎকৃট নিক্ষ গুণানুসারে কোথাও উন্নত কোথাও বা খৰ্ম হইয়া একত্ৰ সংলিও ধাকাতে এক অতি আশ্চর্য্য শোভা ধারণ করে; এবং কোন কোন স্থলে স্বাভাবিক উপবনেরও ঐরপ শোভা দেখিতে পাওয়া যায়। এরগুবন,ভাঁটবন,দেওড়া বন ইল্যাদি সামান্য বন সকলও একত্র মিলিত হইরা অপুর্বা সভাবনিদ্ধ শোভায় শোভান্তিত হইয়া থাকে। কিন্তু মনুষ্টোর বাসস্থলের সন্নিকটে প্রকাণ্ড বৃক্ষ রোপণ করিয়া উক্ত প্রকার সংলিপ্ত-শোভা সম্পাদন করিতে হইলে উক্ত প্রকারে ঘন করিয়া বৃক্ষ পুঁতিলে কখনই স্থবিধানত শোভাস্পদ হইতে পারে না; কারণ সমুদায় ভূমি যদি প্রকাণ্ড রক্ষে আচ্ছন্ন করা হয় তবে গণনাগণনের হেবিধা, হইতে পারে না, এবং অন্যান্য নানা প্রকার অনিষ্ঠিত ষটিতে পারে। অতএব তাথা উক্ত প্রকারে সং-লিপ্ত না করিয়া বরং লিখিতানুসারে ক্ষেত্র নির্মাণ পুর্ব্বক এক এক ক্ষেত্রে বাটিকার এক এক জাতীয় বক্ষের সমষ্টি হা শন করিয়া ঐ সকল ক্ষেত্রের মধ্যন্তিত স্থানসকল ধাসে আচ্চাদিত করিয়া রাখিবে। পরে

ভ্রথায় অট্টানিকা। পুল্পবাটিকা পুদ্ধরিনী প্রভৃতি যে কোন বস্ত পাকিবে ভাহাদিগের সহিত উক্ত ক্ষেত্র সকলের পরস্পর সন্মিলন করিতে হইবে। এবং বৃক্ষসমষ্টির আকৃতি ও পত্রের যাহাতে মিলন থাকে ভাহাও করিতে হইবে। অর্থাৎ বটের সমষ্টির নিকট অন্ধণ্যের সমষ্টি ও ভাল বৃক্ষের সমষ্টির নিকট মুগারী বৃক্ষের সমষ্টি মেহগিনী বৃক্ষের নিকট খোড়া-নিধের সমষ্টি ভাগিত করা কর্ত্ব্য।

এই বাপে সকল বস্তুর পরস্পার যত চুর মিলন হই:ত পারে তদনুসারে বৃক্ষসমষ্টি স্থাপন করিতে পারিলে পরস্পার মিলিত হইয়া অতি চমৎকার শোভা দেখাইতে পারে। কিন্তু যদি এক এক ক্ষেত্রে দশ দশ প্রকার বৃক্ষ স্থাপন করা হয়, তবে তাহারা ভিন্ন ভাকারে বর্দ্ধিত হইয়া ক্ষেত্রের সমুদায় শোভা বিনম্ভ করিয়া কেলে।

शुःक्षान्तर्भन।

আনন্দ সন্তোগ করিবার জন্য বিশ্রামের স্থল সকলের পুক্ষেই আবন্যক। অতএব ঐ বিশ্রাম স্থল এরূপ স্থাজ্জিত ও স্থোপযোগী করা কর্ত্তব্য যে, তথার দণ্ডায়মান ইইবামাত্র মহয্যের ইন্দ্রিয়গণ যেন আনন্দে পুন্ধিত হইতে থাকে, মৃতরাং যে দেশে ঐ মনোরম স্থল নির্দ্যাণ করিতে হইবে সেই দেশের সভাবানুযায়ী কেশিন অবলম্বন করিয়া তাহা স্থসজ্জিত করিতে পারি:লই অভীষ্ট অসিদ্ধ হইতে পারে। আমাদিগের এই ক্রীক্ষ প্রধান দেশে প্রখর রৌদ্রের উত্তাপে অধিরত ঘর্মাবারি নিঃস্থত হওয়াতে যখন শরীর নিতাস্ত ক্লাস্ত হয়, তখন শীতল স্থল ব্যতীত কিছুতেই তাহার শান্তি হয় না, এই নিনিত্ত দে সময়ে খাস'চ্ছানিত ভূমিতে বা কৃক্ষক্ৰায়াকৃত স্থানে উপ-বেশন করা কর্ত্তব্য, যে হেতু ঘাদাচ্ছাদিত ভূমির উপর ঘাদ থাকাতে উত্তাপ তাদুশ প্রথর বোধ হয় না, অভাগৰ একান্ত ক্লান্ত হইলে তৃণাচ্ছন শীতল স্থলে উপবেশন করিয়া কিয়ৎক্ষণ ততি-বাহিত করিতে পারিলে আভি দূর ও মনে বিপুল আনন্দ উপস্থিত হয়, এবং তড্জন্য শরীর পুলকিত হইতে থাকে। ঐ স্থান যদি এমত প্লোন পুজ্পায়ক রোপণ করা থাকে যে তাহাদিগের প্রাক্তান্তিভ পুলেপর গদ বায়ুবারা সঞ্চানিত হইয়া ছানেন্দ্র-য়কে আনন্দিত করে, অথবা ঐ প্রক্ষা সকল খেত পীত নীল গেহিতানি নানা বর্নে স্থগোভিত থাকিয়া দর্শন ইন্দ্রিয়ের স্থাজনক হয়, ভাহা হইলে প্রাপ্তক হথের বিশেষ অধিক্য হয়; এই প্রযুক্ত

। দেশে বৃহৎ বৃক্ষা, ক্ষুদ্র পুপ্সচারা ও ত্ণাচ্ছাদিত ক্ষেত্র সমিকট রাখা করিব্য। যদি কেহ এরপ মনো-রম উদ্যানের অনুপম স্থসম্ভোগ করিতে অভি-দায় করেন তবে এক দিবন বসস্তকালে কোন মনোরম উদ্যানে উপাধিষ্ট হইলেই বৃদ্ধিতে পারি-বেন।

এৰপ ছখের স্থল নিৰ্মাণ করিতে হইলে এনৰ এক খণ্ড ভূমি দেখিয়া লইতে হইবে যথায় উত্তাপ, জন, বায়ু প্রভৃতির কোন প্রতিবন্ধক না থাকে। আমাদিনের এই দেশে স্বাভ'বিক 'উত্তাপ যে পরি-মাণে আছে তাহাতেই উদ্যানের কার্য্য উত্তম রূপে সম্পন্ন হইতে পারে, ক্তিম উত্তাপ সংলগ্ন করিবার প্রয়োজন হয় না ; কেবল স্থর্ট্যের উত্তরায়ণ ও দক্ষিণায়নের বিষয় িবেচনা করিলেই কার্য্য সম্পন্ন হয়। ফলতঃ উত্তরারনের সময় সূর্য্য যে উদ্যাপ-নের উপর দির্মা গ্যান করেন তাহা যেরূপ উত্তপ্ত হয়, । किनायन काल महे इल कथन है महे क्री है इस েইতে পারে না। তথায় সেই সময়ে শীত আদিয়া ²পহিত হয়। অপর যে স্থানের ভূমি সমতল নহে, ধার উচ্চতা ও নিম্নতার অপেকারত ফুন্যাধিক্যান্-গারে উত্তাপেরও হ্রাস, বৃদ্ধি হই া থাকে, অপর ামুদ্রের ধারে বা নদীতীরস্থ স্থানে উত্তাপের

আধিকা দেখিতে পাওয়া যায়, কিন্তু সেই সকল স্থানের মৃত্তিকা স্থর্ব্যের উত্তাপে যে পরিমাণে শুষ্ক ও উত্তপ্ত হই:ত থাকে, জলনিক্ত ব য়ুবিল্লোন সঞ্চালিত ছইয়া তীরস্থ ক্ষেত্র সকলকে সেই পরিনাণে সিজ कतिए थारक । छेना न कतिव त ममरशु रयमन ध िव-য়ের বিবেচনা করা কর্ন্তব্য দেই দ্বাপ ব'য়ুর নিয়নিত পতির বিষয়ও বিদেচনা করা বি.ষয়। আমাদি গর দেশে যে চুই প্রকার বায়ু ভিন্ন ভিন্ন বিচ্হইতে প্রবাহিত হইয়া থাকে, তন্মধ্যে দক্ষিণ পূর্দ্দ হইতে যে বায়ু প্রব'িত হয় তাহাই উদ্যানের উপকারক, আর যে বারু উত্তর-গতিস হটতে প্রবাহিত হয় তাহা অতিশয় শুষ্ক ও তল'রা প্রচণ্ড বাড়ও উৎপন্ন হইতে পারে, অতএব উহাতে উদ্যানের বিশেষ বিশ্ব ঘটিবার সন্তাবনা। এ নিহত্ত তাহার পথ আবরণ করা মর্ব্বতোভাবে কর্ত্তর। অপর উচ্চ হল হইনে যে রূপ ঝড় লাগিয়া থাকে নিম্ন প্রান্তীর মথ্যে তাদুশ লাগে না। আর যদি দুই হান সমান উচ্চ হয়, তবে যে, স্থান পশ্চিম দিকে থাকে তাহাতেই অধিক বাড লানিয়া থাকে, যেস্থান তাহার পূর্বাদিকে অবস্থিত তাহাতে তত অধিক ঝড় কোন রূপেই লাগিতে পারে না। অপুর যদি কোন উন্নতাবনত ভূমি পর্ব্বতাদিদ্বারা বেষ্টিত থাকে তবে সেই স্থলে উক্ত পর্বত রূপ আফাদেন 'থাকাতে অধিক বাড় লাগিতে পারে না। ভজ্জন্য তথায় বিশেষ অনিষ্টও হয় না।

অপ্য যদি পর্মতের উপরিভাগে উদ্যান করিতে হয়,তবে প্রথমতঃ উহার পশ্চিম দিকে কঠিন বুকাদি রোপণ করিয়া আক্ষ'নিত করিতে হয়। পরে সেই সকল বৃক্ষ বর্ত্তিত হইরা উঠি:ল যদি তাহার প্রকাদিকে উন্যান করা যায়, তবে ব্যাঘাত ঘটিবার সম্ভাবনা থাকে না। বিশেষ চঃ যদি ঐ ভূমির দক্ষিণ্ মুখ আহত না হয় তবে তাহাতে অতি উত্তম উদ্যান হইতে পারে: কারণ গ্রীপ্নকালে ঐ নিকু হইতে সর্ব্বদা কায়ু সঞ্চালিত হয় বলিয়া ঐ স্থান সতত শীতল থাকে এবং ভন্নিবন্ধন অবশ্যই বুক্ষের পোষক হইতে পারে ! কিন্তু যে ভূমির উত্তরদিক অশাহত ও দকিণ দিকু অবরুদ্ধ থাকে তথায় বায়ু সঞ্চালিত হইবার সনেক ব্যাঘাত হইতে পারে; কেন্না দকিণ্দিকু হইতে বায় প্রবাহিত হইয়া উদ্যাদের পশ্চান্তাকে দংলগ হইলে কোন মতে িশেষ উপকার হয় না এবং পশ্চাং ভাগে বৈঠকখানা থাকিলে ভাহাতে উত্তয় ৰূপে দিকিণ বায়ু গমনাগমন করিতে পারে না, স্কুতরাং বাসগৃহে বায়ু রুদ্ধ **হ**ইবার বিল**ক্ষ**ন মহানা থাকে। উদ্যান সংস্থাপিত করিতে হইলে

যে রূপ ব'য়ুর বিষয় সমালোচন করিছে হয়; মৃত্তিকার বিষয়ও ভদ্রপ বিবেচনা করা আবশ্যক। হত্তিকার কোন দোষ থাকিলে পুর্বালিখিত নিয়্যানুসারে সং-(माध्य कि. या नाउया कर्डवा, किन्छ **डेम्गान ब्रह**९ इहेत ফুত্রিম ব্যবস্থানুসারে মৃত্তিকার সংশোধন করা কর্ত্তব্য হয় না, কেননা সেকপে মৃত্তিকা শোধন করা অভিশয় কৰ্মনাধ্য এই জন্য যে স্থলে স্বাভাবিক উত্তম মৃত্তিকা থাকে, দেই স্থলই উদ্যান নির্মাণের প্রকৃষ্ট উপ-যোগী বলিরা মনোনীত করিয়া লইতে হয়। মৃত্তিকা কোন্ গুণ অবলম্বন করিলে উদ্যানের পক্ষে উত্য हय, देश विद्युचन। कतिया मिथित अहे भाग्र इहेरड পারে যে, যে মিশ্রিত মৃদ্ধিকার চিকুকণের অংশ অধিক থাকে এবং যাহার উপরিভাগ একপ শুষ হয় যে, কিঞ্চিৎ খনন করিলেই রসের সঞ্চার নেৰিতে পাওয়া যায়, সেই মৃত্তিকা সর্ব্বপ্রকারে উদ্যানের পক্ষে উপকারীও উপযুক্ত বলিয়া গণ্য হইতে পারে। কিন্ত যদি ইহাতে বালির অংশ অধিক পাকে (যেমন হুগলী প্রদেশস্থ বা গন্ধার তীরস্থ কোন কোন স্থানে দেখা যায়) তবে তাহাতে পুষ্পাচারা রোপণ করিলে উত্তম রূপে বৃঞ্জিশীল হইতে পারে না এই নিমিত্ত বালুকা ভূমিতে উদ্যান করা कथमरे कर्जवा न रह।

ঘদি মৃত্তিকার চিত্কগের অংশ এরূপ অধিক পাকে যে, তাহাঁতে জন পতিত হইলে আটার ন্যায় হইয়া যায় ও বর্ষাকালে এমত কাদা হয় যে তথায় ভ্রমণ করা দুষ্কর হইয়া উঠে, তবে নেই মৃত্তিকার উপর অট্রালিকা নির্মাণ করা অবিধেয় কেননা সেই মৃত্তি গা জন পাইলে ক্ষীত, ও রোদ্রে শুষ্ক ও সঙ্গুচিত হইতে পারে মতরাং ঐ অট্রালিকা হেলিয়া বা ফাটিয়া শীল্র িনষ্ট হইবার সম্ভাবনা ; এবং উহাতে ক্ষমিকার্ন্য করিটেও হটলেও উপযুক্ত পরিমানে বালি নিশাইয়া সংশোধন করিতে হয়। তাহা না করিলে ঐ ভূমিতে পৃক্ত সারা সকল কখনই সভাক্রণে উৎপন্ন হইতে পারে না। উপরি উক্ত প্রকারে মৃত্তিকা নিরূপিত হইলে গভাস্তরস্থ মৃত্তিকার পরীক্ষা করা আংবশ্যক। কারণ উপরের মৃত্তিকা অতি **উত্তম হইলেও** ভিতরের মৃত্তিকায় এরপ দোষ থাকিতে পারে যে, তাহাতে উপরের इंडिकोश खर्ग रैकोन कल मर्ट्स ना। खोत्र यनि निर्देश দৃত্তিক৷ সরস হয় চিম্বা ভাহাতে প্রস্তরাদি কোন কটিন দ্রব্য নিপ্রিত থাকে, তবে উহার উপরি ভাগের रिङ्का महम शांकिया अचि ऐखग कार्याप्रशांभी চইতে পারে ৷ (গ্রনা প্রস্তাদিদ্রা কখনই কবিক রস যুক্ত ব; অধিক শুষ্ক হয়না; এজনা উছার উপরিস্থিত মৃত্তিকাও ঐ রূপ ওণশালী হয়। অপর

যদি নিম্ন ভাগের মৃত্তিকায় লোহযুক্ত কোন দ্র্যা থাকে, তবে তথায় ফলের বৃক্ষ রোপণ করিলে রোগ গ্রস্ত হইয়া দকলই মরিয়া যাইতে পারে, এজনা ভথায় কলের বৃক্ষ রোপণনা করিয়া শাকের বীজ বপন করা কর্ত্তবা। আমাদিগের পশ্চিম দেশস্থ মৃতি-কায় এই রূপ লোহ সংযুক্ত দ্ধব্য অধিক থাকে বলিয়া ओं गुडिकात तक **के**य€ तक वर्त ह्या এই वक्र म्रा মধ্যে যদি কোন স্থলে অধিক লোহ মিশ্রিত দ্রব্য থাকে, তবে তথাকার মৃত্তিকার সংশোশন না করিয়া কৃষি कार्या कतिला मकलारे विकल रहा। किन्न धक्करन अरहरन মৃত্তিকায় যে পরিমাণে লোহের ভাগ দেখা যাই তেছে, তাহা শস্যোৎপাদনে তাদৃশ হানি জনক হইতে পারে না। অপর আমাদিগের বঙ্গ রাজ্যের মধ্যে কোন কোন স্থলে মৃত্তিকার নিম্ন ভাগে বালির অংশ অধিক থাকে বলিয়াঐ সকল ভূমিতে মরু ভূমির ন্যায় বৃক্ষানি কিছুই জন্ম না; এবং মনুষ্যগণ বাস করিলেও অধিক-কাল জীবিত ধাকিতে পারে না, এজন্য ঐ সকল ভূমিকে সামান্য ভাষায় হানা পড়া ভূমি কহে। বঙ্গ দেশের কোন কোন স্থলে যেরূপ অবস্থায় জল সংস্থাপিত আছে, ভাহা দেখিবামাত্র স্পেষ্টই প্রভীয়মান হয় যে, এই মৃত্তিকা সভত সরস থাকাতেই এ দেশের উদ্ভিদ্যাণ পর্যাপ্ত রস ভোগ করিয়া এরপ রন্ধি- নীল হইয়া থাকে। ফলত ঐ সকল স্থান সমুদ্রের অতি নিকটবন্তী বলিয়া অতি শুদ্ধ সময়েও দশ বার হস্ত খনন করিলেই জল উপিত হয়; এবং নিমে এক হস্ত মৃত্তিকার মধ্যে জলের সঞ্চার থাকে। আর এ দেশের বায়ুতেও এত অধিক পরিমাণে রুসের সঞ্চার দৃষ্ঠ হয় যে, তাহাতে মৃত্তিকার উপরি ভাগ প্রায়ই সরস থাকে; এবং সর্ব্বতে জল প্রবাহ থাকা প্রযুক্ত সর্বাদা শিশির, কুয়ানা, বৃষ্টিপাত হওয়াতে মৃত্তিকা বংসরাবধি সরসাবস্থায় অবস্থিত থাকে।

বেহার প্রদেশের মৃতিকায় এই রপ রস নাই তথায় একশত হস্ত খনন না করিলে জ্ঞালের সঞ্চার দৃষ্ট হয় না, এই জ্ঞান্য সেই দেশে নদীতীরস্থ ভূমি সকলই সরস দেখিতে পাওয়া যায়; তদ্তিম গ্রীস্ম কালে জন্য কোন স্থানের মৃতিকায় রস দৃষ্ট হয় না। অতএব ঐ সকল প্রদেশে বর্ধার প্রভাবে যে সকল শস্য উৎপন্ন হইতে পারে তাহাই জ্ঞান্যা থাকে, অন্য কালে ভূমি সকল অকর্মাণ্য অবস্থায় অবস্থিত থাকে। অতএব ঐ সকল স্থলে উদ্যান করিতে হইলে জ্ঞালের হ্বিধা বুঝিয়া কার্য্য করা কর্ত্তর। আর তথা হইতে যত উত্তর পশ্চিমাঞ্চলে গমন করা যায়, ততই অপেক্ষাকৃত বায়ুর অধিক শুষ্ঠা দৃষ্ট হইতে থাকে, এজন্য সেই সকল দেশের মৃতিকা প্রায় লীরস হয়। এই উত্তর

কারনবশতঃ তথায় উদ্যান করা দুক্ষর হইয়া উঠে: আমাদিশের এই বঙ্গ ভূমির মধ্যে প্রায় সক্র স্থানেই উদ্যান প্রস্তুত করা যাইতে পারে, কারে এই দেশে জল ও সরস্বায়ু উভয়ই অ্লভ, কেবল এই নগর মধ্যে উল্লিখিত কাপ এক প্রাশস্ত ভূমি খণ্ড প্রাপ্ত হওয়া দুষ্কর বলিয়া এই সহরের যৈ স্থান লোকালয় অপপ থাকে ও যেখানে কৃষিকার্য্যের কোন অন্ধবিধা না হয়, এমত কোন স্থান অস্বেষণ করিয়া লইতে পারিলে এই বগর্মধ্যেও অতি মনোর্ম উদ্যান প্রস্তুত হইতে পারে। কিন্তু উদ্যানভূমির দীর্ঘতার বিষয় বিবেচনা করিতে হইলে এই নিৰূপণ হইতে পারে যে, এক বিখা হইতে উর্ন্নংখ্যায় যত বিখা অধিক হয়, উদ্যান তত উত্তম হইতে পারে। কিঙ ভূমি অল্ল হইলে তাহা স্থসজ্জিত করা অত্যস্ত কচিন, এই জন্য উদ্যান করিতে হইলে অফেকারত অধিক ভূমির আবশাক হয়।

যদি ঐ ভূমির আকার সমচতুদ্ধোণ হয় অংগৎ বর্গ ক্ষেত্র হয়, তাব ভাহার সকলদিকেই সমান রূপে রৃতি বাঁধিয়া আহত করিতে হয়। আর ঐ ভূমির প্রস্থ অপে হইলে ও ভাহাঁর দৈর্ঘ্যের দিকে অধিক পরিমাণে রক্ষ থাকিলে, ভাহার পার্থে বেড়ার উপযোগী কোন ক্ষুদ্র রক্ষ কখনই ভাহার তুলা

অসিতে পারে না। বৃহৎ ভূমিতে উদ্যান করিতে হইলে আফুর্তির বিষয় বিবেচ নার আবশ্যক নাই। এই রূপে ভূমি বৃতি-বেষ্টিত ও জলবাতাদির বিষয় অবণারিত হইলে, ঐ ভূমি হুশোভিত করিবার নিমিত্ত নিম্ন লিখিত নিয়ম গুলি অবলম্বন করা আব্দ্যক। প্রথমতঃ ভূমির চতুর্দিকে রাংচিত্রা অথবা লোহময় বেড়া দিতে হয় পরে প্রবৃষ্ট রূপে কর্ষণ করিয়া মৃত্তিকার অভ্যন্তরম্ব কটিন দ্রব্য সকল তুলিয়া কেলিয়া সমতল করিতে হয়; দেরপ না করিলে চারার পক্ষৈ অনেক অনিষ্ট ঘটিবার সম্ভাবনা থাকে । অপর উহার ভিতরে রাস্তা, পুষ্করিণী ও পুষ্পক্ষেত্র প্রভৃতি যাহা কিছুপ্রস্তুত করি-বার আবশ্যক হয়, তাহাদিগের স্থান নিরূপণ করিতে হইলে রাস্তার দুই পার্থে, ও যে যে স্থলে অট্রা-লিকা, পুষ্বিণী ও পুঞ্কেত্রাদি নির্মাণ করিতে हइतः छाहात हजू बित्क, शांकां ने श्रु जिया ना शिवा लहेट इहेट्य । अहे ममस विषय महनीनी इहेटल ঐ ভূ মির পরিমাণ যত বিখা হইবে তাহা থাগ্য করিয়া ভাহার এক এক খণ্ডে যেরপ পুষ্করিণী, পুস্পাক্তর বা অট্টালিকার চিত্র নিরূপিত বংয়াছে তাহার প্রমাণ স্থির করিয়া এক কাগতুজ প্রতিহৃতি অক্ষিত করিতে হইবে। নেই প্রতিকৃতির শিল্প ভাগে

এৰূপ এক প্রিমাণদণ্ড অঙ্কিত করিতে হইবে যে, সেই পরিমাণ দণ্ডকে ভূমির পরিমাণান্ত্রণায়ী ভাগ করিয়া লইলে যেন চিহু সকল নির্দেশ করিতে পার। যায়। ফলত ঐ ভূমি ১০০হন্ত দীর্ঘ হইলে পরিমাণ দণ্ডকে ১০০ ভাগে বিভক্ত করিতে হইবে এবং সেই ভাগানুষাগ্রী মান চিত্র মধ্যে যে কোন চিত্র পাকিবে ভাহাদিগের পরিমাণ স্থির হইবে। ভূমির দৈর্ঘ্য ৩০ হস্ত হইলে ঐ মানদণ্ড ৩০ ভাগে বিভক্ত করিয়া উক্ত রূপে মান চিত্র অধিত করিতে হইবে। এইরূপে চিত্র প্রস্তুত হইলে **डेंगात्न यांश किंडू कतिएंड हरेरेंद (म मकन**हें অনায়ানে ধার্য্য হইতে পারে। কিন্তু যে সকল নিয়ম অবলম্বন করিয়া উদ্যান প্রস্তুত করিতে হয় হিন্দু-দিগের মধ্যে তাহার কিছুই দেখিতে পাওয়া যায় না, ইংলণ্ডীয় পুস্তকে যে সকল ব্যবস্থা অবশারিত আছে, তাহা এই দেশীয় উদ্যান নির্মাণ কার্য্যে ব্যবহৃত হইতে পারে না। ইংলগুদেশ অতিশয় শীতল তথায় উদ্যান করিতে হইলে উত্তাপ সঞ্চার লক্ষ্য করিয়া সমুদায় ব্যবস্থা নিরূপণ করিতে হয়। আমা-দিগের এই উষ্ণ প্রধান দেশে যে কোন প্রকারে উদ্যান শীতল হয়, সেই রূপ ব্যবস্থা করাই বিষ্ণেয়। এই উভয় প্রকার দেশে উদ্যান করণের প্রধালীর ভিন্নতা দেখিয়া কোন এক তূতন ব্যবস্থা প্রকাশ করিবার

मानरम अनुमक्तान क्रिया (मथीरभन यः) (य मकन খাভাবিক ব্যবস্থা নিরূপিত আছে ভাহা অবলম্বন করিয়া উদ্যান করিলে কোন প্রতিবন্ধক থাকে না। প্রমেশ্বরের এই সংসাররূপ মহা উদ্যান নানাবিধ উদ্ভিদ্গণে স্থােভিত রহিয়াছে এবং কোন স্থানে পৰ্বত কোপায় বা সমুদ্ৰ কোপায় বা নদ নদী প্ৰবাহিত **रहेर्डिह। बहे मकन पर्भन कतिया यिन कि** তদমুরূপ উদ্যান করিতে ইচ্ছা করেন, ভবে কোন এক ৰূপ উদ্যান হইতে পাৱে বটে, কিন্তু তাহা উদ্যান কারীর অভিপ্রায়ামুযায়ী স্থরম্য ^{*}হইতে পারে না। কেননা এরূপ হইলে উ্দ্যান ও বনে কিছুই বিশেষ থাকে না, সকলই একরপ দুষ্ট হয়। অপর যদি কোন ব্যক্তি কোন পর্ব্বতের গহরর মধ্যে বাস করিয়া ভন্নিকটবন্ত্ৰী বন উপবন সকলকে উদ্যান রূপ জ্ঞান করেন ভবে কি তাহা উদ্যান বলিয়া প্রতিপন্ন হইতে পারে? কখনই নয়। অতএব কোন কার্য্যে প্রবৃত্ত হইতে হইলে প্রথমতঃ তাহার উদ্দেশ্য বিবেচনা করা আবশ্যক। তৎপরে সেই অভিপ্রায় কি ৰূপে সিদ্ধ হইতে পারে তদমুৰূপ চেফা করা কর্তব্য। লোকে হুখ সম্ভোগ করিবার অভিপ্রায়ে উদ্যান করিয়া থাকে, শুদ্ধ বনে বসিয়া থাকিলে উক্ত ছুখ ভোগ করা যাইতে পারে না। অতএব উদ্যান কারীর

অভিপ্রায় ও স্বাভাবিক ব্যবস্থা এই দুই একত্র মিলন করিয়া যদি উদ্যান করা যায়, তাহা হইলে অতি উত্তম হইতে পারে। কিন্ত ভূমি অল্ল হইলে উদ্যান কারীর অভিপ্রায়ানুরপকার্য্য হুসম্পন্ন হওয়া কটিন ৷ কেননা বিশেষ নৈপুন্য না বাকিলে অতি অলু সীমার ম:ব্য সমুদার অভিপ্রায় নিদ্ধ হইতে পারে না। ভূমি অধিক হইলে উদ্যানকারীর অভিপ্রায় সিদ্ধ করিবার জন্য তাদুশ বিবেচনার আবশ্যক নাই। তদ্বিয়য় উদ্যানকারী আপন অভীষ্টমত কার্য্য অনায়াসেই সিদ্ধ করিতে পারেন। আর তাহাতে যদি কোন রূপ দোষ জ্বামা, তাবে তাহা সংশোধন করিতেও অধিক কফ হয় না। অতএব উদ্যান কার্ব্যে মনুষ্যের অভিপ্রায় ছসিদ্ধ করিতে হইলে কিছু কৃত্রিম ন্যবস্থা প্রকাশ করা আৰশ্যক। কারণ আমরা পুর্বের যেমন অভিপ্রায় প্রকাশ করিয়াছি (আমাদিগের ইদ্রিয় গণের সম্ভোষ জ্বন্য উদানে করা হয়) কেবল স্বাভাবিক ব্যবস্থানুরূপ উদ্যান করিলে সেরূপ গনের সম্ভোষ হইতে পারে না, অর্থাৎ যদি কোন ব্যক্তি নেকড়া বা কাগজের গোলাপ পুক্ত প্রস্তুত করেন এবং তাহার রক্স গোলাপ প্রজ্পের রক্ষের সদুখ করা হয়, তবে তাহা প্রথমতঃ দুখন করিলে যথার্থ বলিয়া মনের সম্ভোষ জম্মে বটে:

কিন্তু তাহা ,আন্ত্রা করিয়া কৃত্রিম বোধ হইলে আরু প্রমোক্ত সম্ভোষ কিছুমাত্র জন্মে না। সেই পুষ্প কোন কাঠের বা প্রস্তরের উপর থোদিত হইলে শিল্প কারের বিদ্যাকে অব্দ্য প্রশংসা করা যাইতে পারে, কেননা নেকডা ও কাগজ পুষ্পদলের ন্যায় পাতলা বস্তু; উহাদিগকে কাটিয়া কোন প্রকার পুষ্প প্রস্তুত করা সমধিক আশ্চর্য্যের विषय नर्ट, किन्त कार्छ ও প্রস্তর হৃতি कठिन वस्न, উহাতে কৃত্রিম পুষ্প নির্মিত হইলে অবশ্য স্থান্চর্ম্যের বিষয় বলিয়া শিশ্পকর যথোচিত আদৃত ও পুরস্কৃত হইতে পারেন সন্দেহ নাই। অনেকের গুহের পার্থে পতিত ভূমিতে অগণ্য বন্য বৃক্ষাদি ভূমিয়া থাকে; কিন্তু ঐ বনকে স্বাভাবিক ব্যবস্থার উদ্যান বলিয়া খীকার করিতে পারা যায় নাঃ কেননা স্বাভাবিক ব্যবস্থার অনুদ্রপ কিছু কিছু কৃত্রিম ব্যবস্থা প্রকাশ नो कतिला উপবন कथनरे खुत्रमा वो सम्मत हरेएड পাৰে না ।

কিন্তু শিপ্পকরের এরপ সাবধান হওয়া উচিত যে, উদ্যান কার্য্যে তাঁহার শিপ্প ব্যবস্থা যেন এক ালে অপ্রকাশিত না হয়, কেননা স্বাভাবিক ব্যবস্থা-নুসারে হইয়াছে এমত জ্ঞান হইলে মনের সন্তোষ কখনই জন্মে না, কারণ এরপ শোভা নিকটবর্ত্তী অনেক বনে ও উপবনে সর্বাদা, দুইট হইয়া থাকে;
অতএব উদ্যান যদি ঐ প্রকৃত বনের স্বরূপ হয় তবে
সমুদায় এক প্রকার হওয়াতে আর আশ্চর্য্যের বিষয়
কিছুই থাকে না; যদি ঐ উদ্যানে বৈদেশিক চারা
রোপণ করত স্থল স্থসজ্জীভূত করা যায় তবে উক্ত
চারা সকল নিকটবর্ত্তী বন্য চারাদিগের সহিত
বিভিন্ন থাকা প্রযুক্ত অবশ্য মনোরঞ্জন করিতে
পারে। যেমন অক্ষকার না থাকিলে আলোকের
শোতাহ্য না তদ্রপ বনে ও উদ্যানে ভেদাভেদ
না থাকিলে কিছুই শোভাব্বিত হইতে পারে না।

উদ্যানের স্বার এক প্রধান অলকার প্রছবিণী ইহা ব্যতীও উদ্যানের শোভা সম্পন্ন, হইতে পারে না এবং জল ব্যতীত উদ্যানের অন্য কোন কার্যাও হইতে পারে না। এই পুষ্করিণী উদ্যানের কোন স্থানে খন্ন করিতে হইবে, পরিমানে কভ •হইবে ও তাহার আকার কি ৰূপ হইবে এই সকল বিষয় বিবেচনা করা অত্যস্ত আবশ্যক। উদ্যানের কোন স্থানে প্রস্করিণী খনন করিতে হইবে তাহার বিশেষ বিরি কিছুই দেখিতে পাওয়া যায় না। কেবল হিন্দু-দিগের মধ্যে খোনার বচনে এই প্রকাশ আছে "পুর্বের হাঁ<mark>দ পশ্চিমে বাঁশ দক্ষিণ ছেড়ে উত্তর বেড়ে ঘ</mark>র করু গে যা ভেড়ের ভেড়ে' এই বচনের ভাৎপর্য্য এই य अद्वीनिकात शूर्व निर्क श्रुष्ठतिगी कांग्रिल शीय-कारत श्रुक्तिमिन बांग्नु छेरात छेशत निया मध्यतिछ হইয়া আসিয়া আর্দ্র অবস্থায় বৈঠকখানায় প্রবেশ করিলে তৎস্থানস্থিত ব্যক্তিদিগের পক্ষে মুখজনক ছইতে পারে। উদ্যানের মধ্যস্থলে অট্রালিকা স্থাপিত করা হইলে সমুদয় ভূমি ঢুই খণ্ডে বিভক্ত হইয়া সায়। অট্রালিকার সম্মুখে এক খণ্ড ও পশ্চীদ্রাগে এক খণ্ড, এই দুই খণ্ডের মধ্যে যে ঋণ্ডে স্থবিধাগত হয় ভাহা-তেই পুদ্ধরিণী খনন করা বিধেয়। যদি সমাখবন্তী খণ্ডে পুষ্বরিণী করিতে হয় তবে অট্টালিকার ও ফটকের পরিমাণ যত হইবে ভচুপযোগী স্থান উহার সমুখে রাখিয়া পুষ্করিনীর স্থান নির্দ্ধার্য্য করিবে। কৈছ ভূমি উপযোগী না इहेल मिथिए अछि कमांकांत हहेरव। ষদি স্থানাভাব শ্রীযুক্ত অট্টালিকার সম্মুখে পুন্ধরিণী

খনন ,করা মা হয় তবে পশ্চাদ্ভী খণ্ডে পুন্ধরিণী করিবে। এই খর্ডে ও অত্তালিকার পরিমাণে ভূমি রাখিয়া পুষ্করিণীর স্থান নিরূপণ করিবে। কিন্ত অট্রালি-কার দুই পার্খে পুষ্করিণী করিতে হইলে চুই পুষ্করিণী ক্রিবে এবং অট্রালিকার পার্যবন্তী কিনারায়ও উপ-যুক্ত পরিমাণে ভূমি রাখিয়া প্রস্করিণীর স্থান নিরূপণ করিবে। অপর যদি পুষ্করিণীর পরিমাণের বিষয় বিবেচনা করিতে হয় তবে আধার ভূমির পরিমাণানু-দারে ধার্য্য করা আবশ্যক। যদি আধার ভূমি এক বিঘা হয় তবে পাঁচ কাঠা ভূমিতে পুন্ধরিণী কাটিলে উপযুক্ত পরিমাণ হইতে পারে। এই রূপ যেমন ভুমি হইবে তদনুসারে পুষ্করিণী করিলে অতি উত্তম হইতে পারিবে। পরে পুষ্করিণীর আকার ধার্য্য করিতে হইলে কৃত্রিম উদ্যানে চতু ভু অ, গোলাকার বা অগু-কার করিলে অভি উত্তম হইতে পারে। আর যদি পুষরিনীর আধারভূমি অতি বৃহৎ হয় তবে চতুর্জ किन्ना श्रीलाकात. श्रुष्ठतिबी कतित्व । मीर्घ ठजुर्जू क ক্ষেত্র হইলে অগুকার পুষ্করিণী খনন করিবে। যদি সাভাবিক উদ্যানে প্রস্করিণী করিতে হয়, তবে উহা যথাযোগ্য পরিমাণে প্রস্তুত করাইলেই, অতি উত্তম হইতে পারে। এবং উহার কিনারায় রক্ষাদি পুভিয়া নিলে এমত বিবিধাকার হইবে যে, তাহা যেন একখানি

চিত্রের ন্যায় দেখাইতে থাকিবে। কিন্তু উহার প্লাকারের বিষয় কিছুই নিকাপিত থাকিবে না। আধার
ভূমি আকারে যেরপ হইবে সেই আকারে পুন্ধরিণী
করিতে হইবে। চতুভু জ বা অগুকার ইত্যাদি কোন
আকারের পুন্ধরিণী করিলে এই উদ্যানের উপযোগী
হইতে পারে না।

যদি স্বাভাবিক উদ্যানে মতিবিল কাটা হয় ভবে छेश यादार वकी नमी महम छान इस बगठ कहा जाबभाक । किन्छ यनि मिहे जिल जतल त्त्रथीय शांक **তবে নদী সদুশ কখনই জ্ঞান হইতে পারে না।** কারে সর্বস্থানেই নদীর গতি বক্র হইয়া পাকে। অভএব এই বিলকে প্রথমে বক্র করিয়া বক্র অংশ অল্লচন্দ্রাকারে ৰরপ প্রশস্ত করিবে যে, উছার অধিক দূর পর্যান্ত সেন अकतात मृष्टे हहेए अरिक। श्रद जना अश्म नकन १ উচ্চ রূপ বিস্তৃত করিতে হইবে কিন্দু ক্রমে ক্রমে শীর্ন করা কখনই বিধেয় হ**ইতে পা**রে না। যদি ঝিলের বক্র অংশ সকল ধর্ব হয় তবে নদীর ন্যায় জ্ঞান হইতেপারে না। এই ঝিল যে স্থলে যাইয়া শেষ চইলে ভথায় এক বৃহৎ প্রন্ধরিণী কাটিয়া ভাহার সহিভ মিল করিবে এবং এম স্থল হইডে ঝিল আরম্ভ ইইবে তথায় এক ক্রত্তিম পর্বতে স্থাপন করিয়া বৃক্ষাদি দ্বারা এমত আচ্চাদিত করিবে যে তাহাতে যেন জ্ঞান হইতে

भारक या के निनी भर्ति इंटेंड विश्व हरें साहि। जनत जेन्द्रान्त कार्ने म्हल जिल कार्टिल जेन्द्रान्त । जनते स्वा जिल कार्टिल जेन्द्रान्त । हर्म रेहा विद्युष्ठना कतिया प्रिल, रेहारे भार्य हरेंड भारत या, के जिल जेन्द्रान्त के निर्माण के जाति । जेन्द्र जेन्द्

পুষ্করিণী বা.ঝিল কাটিবার সময়ে খাহাতে উহার জল স্বাস্থ্যকর ও পরিষ্কত হয়, প্রথমে তাহারই যথোচিত চেফা করা কর্ত্তব্য। আগাদিগের এই দেশে পৃথিধীর উপরিভাগের মৃত্তিকা কাটলে এক-স্তর চিক্রণের অংশ বহির্গত হয়। পরে এক স্তর বালির অংশ দেখা যায়, এই বালির নিম্নভাগে এক স্তর বোদমৃত্তিকা থাকে; তাহার নিমে আর এক বালির ন্তর দৃষ্ট হয়, ভংগরে পুনশ্চ বোদমৃত্তিকার স্তর দেখিতে পাওয়া যাঁয়, পরিশেষে যে, বালির স্তর খাকে, তাহা कांग्रिलर सन छेठिए आंत्रस रय। यनि छेखन সমুদায় শুর কাটিয়া পুরুরিণী খনন করা হয়, তবে তাহার অল ভাতি উত্তম হইতে পারে সন্দেহ নাই। কিন্তু যদি বোদসৃত্তিকা পর্যান্ত কাটিয়া ক্ষান্ত হওয়া ষায় তবে ঐ পুষ্কবিণীর জল চিরকাল দূষিত হইয়া थरक ।

পর্বত।

পর্বত দেখিলে এইরূপ বোধ হইতে থাকে যে অগদীশ্বর প্রকৃতির আশ্চর্য্য শোভা সম্পাদন করিবার নিমিত্তই এই উচ্চ স্থল নির্মাণ করিয়া রাধিয়াছেন। দুর হইতে উহা সন্দর্শন করিলে বোধ হয়, যেন ভূমগুলে মেম্বের উদয় হইয়াছে, আর নিকটস্থ হইয়া দেখিলে বোধ হয়, উহা কেবল নানাবিধ প্রস্তর ও মৃত্তিকা হইতে উৎপন্ন হইয়া স্তরে স্তরে যত বৃদ্ধি পাইতেছে, ততই স্থসজ্জিত ও স্থদৃশ্যৰূপে উচ্চ হইয়া উঠিতেছে। ইহার কোন দিকু ক্রমশঃ ঢালু হইয়া উদ্ধে গমন করিয়াছে, কোন দিকু বন্ধুরভাবে উগ্নতা-বনত হইয়া উঠিয়াছে, কোন দিক্ বা পৃথিবীর উপর লমভাবে দণ্ডায়মান আছে। পক্ত সকল এই ভাবে যে কভদূর পর্যান্ত গমন করিয়াছে ভাহা নিরূপণ করা যায় না। ইহার তলভাগের বৃক্ষ সকল অতি বৃহদাকারে বৃদ্ধি পাইয়া থাকে। আর তলভাগ হইতে মাহারা গাত্তের যত উচ্চদেশে উৎপন্ন হয়, তাহারা ক্রমশঃ অপেকারত তত্তই ক্ষুদ্রাকার হয়। ভাহারা শাখা পল্লব ও লতিকাদারা এঁরপ বেষ্টিত হইয়া থাকে যে, তাহা দেখিবা মাত্র বোধ হয় যেন পর্বতের সমুদায় গাত্র সবুজ রঙ্গে হুশোভিত তইয়া

আছে। আর স্থানে স্থানে নানাবর্ণের স্থানি প্রজা-দকল বিকসিত হওয়াতৈ দেই স্থান, অতি স্বৃদ্য ও মুর্ম্য হইয়া রহিয়াছে। মুখালয়রূপে স্থাপিত পর্বং-তের উপরিভাগ হইতে সমুদায় জ্বল, বারিদ বারি সংযোগে প্রবল বেগধারন প্রবেক বার বার শব্দে নিপতিত ও নদনদী রূপে পরিণত হইয়া মহাবেগে গমন করিতেছে। যেঁ পর্বত দেখিবামাত কৃত্রিম জ্ঞান না হইয়া স্বাভাবিক পৰ্কত যে ৰূপ হইয়া থাকে অবিকল ভাদুশ জ্ঞান হইতে থাকিবে; এরপ স্থ্যা সম্পন্ন কৃত্রিম পর্বত শিল্পবিদ্যার প্রভাবে উদ্যানে সংস্থাপিত করিতে হইলে বিশেষ নিপুণতার আবশ্যক করে। বর্দ্ধান অঞ্লেও অন্য অন্য হলে অনেক পুষ্করিণীর পাড় পর্বতের ন্যায় উচ্চ করা হয় ও তাহা দুর হইতে দেখিলে প্রকৃত পর্কতের ন্যায় জ্ঞান হয়; পরে উহা নিকটে যাইয়া দেখিলে মৃত্তিকার ঢিবি মাত্র স্পষ্ট প্রতীতি হইতে থাকে। যদি কেহ উক্ত ৰূপ পুষ্করিনীর পাড় দেখিয়া উদ্যানের চতুর্দ্ধিকে তদ্রপ করেন, তবে তাহা কখনই প্রসিদ্ধ রূপ পর্বত বলিয়া প্রতীতি ছইতে পারে না। কেননা তাহাতে 'পর্কতের কোন কক্ষণই দুষ্ট হয় না। অতএব অলকণাক্রান্ত অখাবহ পর্বাত প্রস্তুত করিতে হইলে উদ্যানের কোনু ছলে স্থাপিত করিলে উপ- যোগী হইতে পারে প্রথমে ইহাই বিবেচনা করা আবশ্যক। যদি উহা উদ্যান্ত্র দক্ষিণ বা পূর্ব্ব দিকে স্থাপিত করা হর, তবে বায়ু রোধ চইতে পারে; এই জন্য উত্তর পশ্চিম দিকু অর্থাৎ যে দিকু হইতে এই দেশে ঝড় উৎপন্ন হর, সেই দিকে এই পর্বত স্থাপিত করিলে ঝড়ের অধিকাংশ বেগ আবদ্ধ হইতে পারে। অপর পর্বতের নিমিত্ত কোন্ স্থানে কত ভূমি পাওয়া যাইতে পারে অত্যে তাহা নিরূপণ করিয়া পর্বতের দীর্ঘ ও এস্থ ঐ ভূমির পরিমাণান্ত্রারে বিরিষ্ঠ করিয়ে। লইবে এবং উদ্বে কত উচ্চ হইবে তাহাও সেই উদ্যান্তর পরিমাণানুসারে ধার্য্য করিতে

নিম্ন লিখিত তিন প্রকার বস্তু সংযোগে এই পর্বত নির্মাণ করিতে হইনে। প্রস্তুর, ঝামা ও মৃত্তিকা, তম্মধ্যে যদি প্রস্তুর দিয়া নির্মাণ করিতে হর, তবে প্রথমে বৃহৎ প্রস্তুর সকল এরপ উন্নতাবনত করিয়া স্থাপিত করিতে হইবে যে, তাহাদিগের বাহির দিকের কিয়দংশ যেন বাহির হইয়া থাকে। এবং এই প্রকারে এক স্তুর প্রস্তুর ও এক স্তুর মৃত্তিকা উপর্যুপেরি সাজাইয়া সেই পর্যান্ত উচ্চ করিয়া তুলিবে। পরে সেই ক্রিম পর্বত যাহাতে স্থাভাবিক জ্ঞান হইবে এরপ করিতে হইলে, প্রথমে যে হলে পর্কে ত

স্থাপিত করিহত ইচ্ছা হইবে তাহার 'কিঞ্ছি দুরে কতিপয় ভগ্ন প্রস্তুর এমত ভাবে পুতিবে যে, ভাহা-দিগের কিনারা ও কোণ সকল যেন উপরে বাহির হইয়া থাকে। পরে যে স্থলে পর্বত শ্রন্তত করিতে হইবে তাহার গাঁথনি সেই হল হইতে আংশু করিয়া প্রোথিত প্রভর্মিয়ের নিকট পর্যান্ত আনিয়া মিলন করিয়া দিবে। কিন্তু পর্ব্বাতের প্রস্তুর ও প্রোথিত প্রস্তুর সকলের রেখার সহিত নিকটস্থ মৃত্তিকার ক্রমশঃ এমত সিদালন রাখিতে হইবে থে, তাহাতে যেন এরপ বোধ হয় যে, ঐ প্রস্তরদিগের মস্তক কাটিয়াই ঐবপ মিলন করা হইয়াছে। আর পর্বতের কোন একদিকে নানা বিধ গঠনের কতিপয় প্রস্তর এরপ ভাবে মৃত্তিকায় অর্দ্ধ প্রোথিত করিয়া একত্রিত রাখিতে হইবে যে, তদ্বারা জ্ঞান হইতে থাকিবে যেন ঐ প্রস্তুর সকল পর্বতে হুইতে ভাঙ্গিয়া পডিয়াছে। অপর কোন একদিকে কতিপয় প্রস্তুর এমত বিশৃঞ্জল-ভাবে সান্ধাইয়া রাখিবে যে, তাহাতে ঐ প্রস্তুর मकल (यन दृहर পर्वराजद क्रुप्त अश्म काल पृष्ठे हरेराज থাকে। মে প্রস্তরের দারা গিরি নির্মাণ করিতে হইবে তাহা দুই প্রকার। স্তর্বিশিষ্ঠ ও গোলাকার। মেট ও লাইমফোন ইত্যাদি স্তরবিশিষ্ট প্রস্তর, তদ্বারা পর্বত নির্মাণ করিলে উত্তম হইতে পারে।

এই প্রস্তুর অভাবে গোলাকার প্রস্তুরে নির্মাণ করিতে পারিবে। পর্বতের গাঁপনির ইফীক সকল প্রাচীরের ন্যায় মিল রাখিয়া গাঁথা হইবে না। ইহার গাত্রের প্রস্তর সকল সমান না হইয়া কোন স্থানে উন্নত কোথাও বা অবনত হইয়া থাকিবে। পরে গাঁপনির উভয় প্রস্তুরের মধ্যস্থিত যে সকল কাক থাকিবে তাহার মধ্যস্থল মৃত্তিকার দারা এমত পরিপুরিত করিয়া রাখিষে যে, তাহাতে যেন চারা রোপণ করা যাইতে পারে। পরে পর্বতের উপরি-ভাগের প্রস্তর সকল চূড়ার ন্যায় উন্নতাবনত করিয়া রাখিবে, উপরিভাগের অন্য সমুদায় স্থান মৃত্তিকাদারা আচ্চাদিত করিবে; কিন্তু অন্যান্য স্থলে যে মৃত্তিকা ্রখাকিবে ভাষা যেন ঐ প্রস্তারের স্তরের সহিত মিলিত হইয়া পাকে অর্থাৎ প্রস্তর স্তর যে দিকে যে প্রকারে উন্নতাবনত হইয়া থাকিবে মৃত্তিকাও সেই প্রকারে থাকিবে। এই প্রকারে বৃক্ষাদিও যদি মিলিত হইয়া থাকে, তবে কৃত্রিম পর্ব্বত অবশ্যই স্বাভাবিকের ন্যায় জ্ঞান হইতে থাকিবে তাহার সন্দেহ নাই ৷

অপার জুামাদিগের এই দেশে পর্মত প্রস্তুত করিতে হইলে কখনই উক্ত প্রকার হইবার সম্ভাবনা নাই; কারণ এখানে তাদৃশ প্রস্তুর পাওয়া যায় না, স্থানান্তর হইতে প্রস্তুর আনাইয়া পর্মত প্রস্তুত করিতে

হয়। উদ্যাদের কেবল শোভার জন্য এত অধিক ব্যয় প্রায় কেছই স্বীকার করেন না। ফলতঃ এদেশের পক্ষে এই রূপ ব্যবস্থা সম্ভবিতে পারে না। এদেশে কেবল মৃত্তিকার ডিবি করিয়া উক্ত প্রকার পর্বত প্রস্তুত করাই বিধেয়। অতএব যে স্থানে এই পর্বত স্থাপিত করিতে হইবে, সেই স্থান বুক্ষের দারা বেষ্টিত ও ছায়াবিশিষ্ট করিলে অতি উত্তম হইতে পারে, কারণ পর্বতের উপর এমত সকল উদ্ভিদই রোপণ করিতে হইবে যাহারা ছায়াবিশিষ্ট স্থানে উত্তম রূপ উৎপন্ন হুইতে পারে, কিন্তু যদি এই রূপ স্থান না পাওয়া ষায় তবে অন্য উপায় দারা পর্বতের উপর ছায়া করিতে হইবে। অপর পর্বতের সম্মুখ ভাগ উচ্চ করিতে হইবে পশ্চাৎভাগ ক্রমে ঢালু হইয়া তাসিবে, পরে অবশিষ্ঠ যে দুই দিকু পাকিবে তাহাদিগকে সম্মুখের সমান উচ্চ করিয়া রাখিবে; পরে উহার উপর উটিবার জন্য গাত্র কাটিয়া রাস্তা প্রস্তুত করিতে হইবে। সেই রাস্তা পর্ম তের ঢালু দিক হইতে আরম্ভ হইয়া তাহাকে চুই বার বেষ্ট্রন করিয়া ক্রমে উর্দ্ধগামী হইবে, পরে তাহা উহার উপ্রিভাগে আনিয়া উপস্থিত হুইলে তথাকার রাভাব যে অংশের সহিত স্থবিধা মত বোগ হইবে সেই অংশের সহিত মিলিত করিয়া দিবে। এই রাস্তার

पूरे थारत श्रेष्ठत नमारेशा किमात्राध्यक्षन» कतिरव व्यवः ভাহার উপরিভাগে প্রস্তর খণ্ড বিস্তীর্ণ করিয়া পরি-পুরিত করিয়া দিবে। পর্কতের উপর রক্ষাদি রোপণ করিতে হইলে প্রথমতঃ উহার সমুদায় গাত্র খাসে আক্ষাদিত করিবে এবং ছায়াস্কাত চারা সকল "যেমন ফরেন ও লাইকোপোডিয়ম বাইকালর' ভাহার উচ্চদিকে রোপণ করিবে এবং পশ্চাদ্ভাগে বা ঢালু দিকে অন্যান্য প্রস্পাচারা রোপণ করিয়া স্থশোভিত করিবে। কেননা সেই দিকে প্রস্তরাদি কিছুই থাকিবে না কেবল মৃত্তিকায় আচ্ছাদিত থাকিবে। আর যে স্থান হইতে ঐ ঢালুর আরম্ভ হইয়াছে সেই স্থান বৃক্ষ সমষ্টি স্থাপিত করিয়া হুশোভিত করিবে। এই প্রকারে স্থ্যজ্ঞীভূত হইলে কুত্রিম পর্বত স্থাভাবিক জ্ঞান হইবে এবং সমানভূমির সহিত তাহার উত্তমরূপে যোগ হইতে পারিবে। পর্বতের রাস্তার চুই পার্ম্বে ছুগন্ধি পুষ্প চারা সকল রোপণ করিয়া ছশোভিত ক-রিবে এবং তাহার স্থানে স্থানে পাইনশ লনজিফো-লিয়া বৃক্ষ রোপণ করিলে অতি চমৎকার শোভা ছয়, কেননা এই ৰূপ বৃক্ষ সকল প্রায়শঃ পর্বাত্তর উপর উৎপন্ন হইয়া শোভা পাইয়া থাকে। অপর পর্ক তের পার্যবন্তী যে পুই দিকু থাকিবে তথায় নানা জাতি লতা পুতিয়া ঝুলাইয়া দিবে। আর যদি কোন কেশিল

ক্রমে পর্ক তের উপর কোয়ারা মসানু যায় তবে ক্রনার ন্যায় জ্ঞান হইতে পারে।

পুজাকেত্র।

উদ্যান মধ্যে অট্রালিকা রাস্থাদি প্রস্তুত করা হইলে চারাদিগার জন্য ক্ষেত্র করিতে হয়। অগ্রে ক্ষেত্র প্রস্তুত না করিয়া চারা সকল রোপণ করিলে সমুদায় বনের ন্যায় দৃষ্ট হইতে থাকে। অতএব যাহাতে ছদৃশ্য হয় এরপ ক্ষেত্র সকল ব্যবস্থাপিত করা বিধেয়। সেই ক্ষেত্র তৃই প্রকার ক্ষত্রিম ও স্থাভাবিক। কৃত্রিম ক্ষেত্র সকল চতৃতু জ, ত্রিভুজ, গোলাকার, অপ্তাকার, অইতুজ প্রভৃতি নানা প্রকার হয়, তাহা ভূপরিমাপক বিদ্যাতে প্রকাশিত আছে। স্থাভাবিক ক্ষেত্রের আকার সকলের কোন ব্যবস্থা নাই। কৃত্রিম উদ্যানে কৃত্রিম আকারের ক্ষেত্র সকল ও স্থাভাবিক উদ্যানে কৃত্রিম আকারের ক্ষেত্র সকল প্রস্তুত্ত করিতে হয়।

কৃত্রিম আকারের মধ্যে চতুভুজ কেত্র স্থদ্শ্য নহে, এই জন্য উদ্যানের মধ্যে ট্রহা সংস্থাপন করিবার ব্যবস্থা হইতে পারে না। অন্যান্য আকারের ক্ষেত্র সকল যে প্রকারে স্থাপন করিতে হইবে তাহার ব্যব্দা লিখিত হইতেছে। যদি ভূমি সমচতুর্ভুজ হয়, তবে তথায় গোলাকার কেত্র স্থাপিত
করা বিধেয়। প্রথমে মাপ করিয়া ভূমির মধ্যত্বল
নিরপণ করিয়া লইতে এবং তথায় এক খোঁটা
পুতিবে। পরে ঐ কেক্সকপ খোঁটাতে অভিমত
রত্তের ব্যাসার্জি পরিমাণে এক রজ্জু বন্ধন করিয়া
ঐ রজ্জুর অন্য শেষ অংশে আর এক খোঁটা বন্ধন
করিয়া ভূমির উপর ঘুরাইলে গোলাকার ক্ষেত্র অন্ধিত
হইবে। পরে ঐ রেখার চতুর্জিকে হতিকা কাটিয়া
ইট্টক সকল আড় দিকে বসাইয়া দিবে পরে উহার
চতুর্জিকে ডুই হস্ত প্রস্থে রাস্তা রাখিলে গোলাকার
ক্ষেত্র নির্মাণ করা হইবে।

যদি ভূমি দীর্ঘ চতু ভুজ হয় তবে অগুকার ক্ষেত্র স্থাপিত করা আবশ্যক। এই ক্ষেত্র স্থাপন করিতে হইলে প্রথমে ইহার দীর্ঘ ব্যাস গ্রহণ করিয়া তাহাকে ছই সমান অংশে বিভক্ত করিতে হইবে। পরে উহার মধ্যস্থলে লম্বজ্ঞাবে স্বপ্প ব্যাসকে স্থাপন করিবে। স্বল্ল ও দীর্ঘ ব্যাসের মিলিত স্থান হইতে স্বল্প ব্যাসক দুই দিকে সমান অংশে বিভক্ত হইবে। স্বল্ল ব্যাসের প্রাস্তভাগ হইতে বৃহৎ ব্যাসের প্রাস্তভাগ হইতে বৃহৎ ব্যাসের প্রাস্তভাগ হইতে বৃহৎ ব্যাসের প্রাস্তভাগ হারি দিকে চারিটী সমকোণী তিভুক্ত ক্ষেত্র হইবে। পরে সমকোণী

ত্রিভুল্পের কর্ন রেখা যে স্থলে স্কল্ল ব্যানের সহিত মিলিত হইবে সেই চিহ্নকে কেন্দ্র করিয়া এবং কর্ন রেখাকে ব্যাসার্দ্র করিয়া একটী বৃত্ত অকিত করিবে। পরে এই প্রকার অন্য দিকে আর একটী বৃত্ত অকিত করিবে। এই চুই বৃত্তক্ষেত্র বৃহৎ ব্যানের চুই প্রাস্তে আসিয়া মিলিত হইলে সেই চুই পরস্পর সংলগ্ন বৃত্ত পরিধির মধ্যে যে স্থান থাকিবে তাহা চক্ষুর সদৃশ, অগুণকার হইবে না।

যে ভূমিতে অণ্ডাকার ক্ষেত্র স্থাপিত করিতে হইবে তাহার দীর্ঘ যত হইবে তাহাই ঐ অণ্ডাকার ক্ষেত্রের দীর্ঘ ব্যাস হইবে। পরে ঐ দীর্ঘ ব্যাসকে চুই সমান অংশে বিভক্ত করিতে হইবে। ঐ দীর্ঘ ব্যাসের বিভাগ চিত্রের উপর অভিমত অণ্ডাকার ক্ষেত্রের স্বল্ল ব্যাসকে এরপে স্থাপন করিতে হইবে যে, ছেদ চিত্রে স্বল্ল ব্যাস দিখণ্ডিত হইলে যেন চারিটা কোণ সমান হয়। পরে ঐ স্বল্ল ব্যাসের এক প্রান্ত হইতে দীর্ঘ ব্যাসের অর্দ্ধাংশ পরিমানে এক খণ্ড লইবে এবং উহকে অর্দ্ধ ব্যাস ও প্রান্তকে কেন্দ্র করিয়া এক রক্ত স্থাপিত করিলে ঐ রক্ত পরিধি বৃহৎ ব্যাসের যে দুই স্থলে মিলিত হইবে সেই চুই স্থল অন্থাকার ক্ষেত্রের অধিশ্রমণ হইবে। পরে ঐ দুই স্বধিশ্রমণে দুই খোঁটা পুতিয়া দীর্ঘ ব্যাসের সমান এক রক্ত্মক্ষুক্তিক

খোঁটাতে বাঁধিয়া অন্য খেঁণ্টাদারা সেই রক্জ্ বিস্তৃত করিয়া পুরাইলে অগুণকার ক্রেত হইবে।


অনিয়মিত ক্ষেত্র সকল স্থাপিত করিতে হইলে এই বিবেচনা করিতে হুইবে যে. তি রূপ আকারের ক্ষেত্র সকল বৃত্তখণ্ডেই নির্মাণ হইয়া থাকে; অতএব ঐ ক্ষেত্রে যে কএকটা বুতখণ্ড থাকিবে তাহা-**पिटगंत क्टा निज्ञ न कडिया, य ध्वकारत लोन** ক্ষেত্র স্থাপিত করিতে হয় সেই প্রকারে ঐ বৃত্তখণ্ড সকল অকিত করিতে হইবে। যেমন ইংরাজী এস অক্ষরের দুই দিকে দু₹ বৃত্তখণ্ড আছে। এই রপ আকারের কোন ক্ষেত্র করিতে হইলে চুইটী বুত্তখণ্ড আকৈত করিয়া মিলন করিলেই ঐ রূপ আকার হইবে। যদি অফ ভুজ ক্ষেত্র করিতে হয়, ভবে প্রথমে এক গোলাকার ক্ষেত্র স্থাপিত করিবে; পরে ঐ গোল কেত্রের পরিধিকে সমান অষ্টাংশে বিভক্ত করিয়া বিভাগের চিহ্ন সকল সরল ৰা বক্র রেখার দ্বারা মিলিড করিলে অষ্ট ভুজ ক্ষেত্র স্থাপন করা হইবে। এই ৰূপে পঞ্চভুজ ক্ষেত্র সকলও নির্মাণ করিতে হইবে। এই রূপ ক্ষেত্র সকল সামান্য উদ্যানের পক্ষে ব্যবস্থাপিত হইতে পারে। কিন্ত উদ্যান বৃহৎ হইলে উক্ত রূপ ক্ষেত্র সকল অভি বৃহৎ*করিতে হয় এবং তাহাতেও শোভান্বিত হয় না

ৰলিয়া নে ৰূপ স্থলে উহাদিগকে খণ্ডিত ক্রা অত্যন্ত আবশ্যক।


খণ্ডিত কেতা:

ক্ষেত্ৰতত্ত্বে যে ৰূপ ত্ৰিভুজ, চতুভুজ, গোলাকার ও অণ্ডাকার প্রভৃতি ক্ষেত্রের সাকার অবধারিত আছে, দেই ৰূপ ক্ষেত্ৰ করিয়া পুষ্পবাসী প্রস্তুত করিবার নিয়ম প্রকাশ করা হইয়াছে।, কিন্তু দেই সকল পুষ্পাবাটী অতি বৃহৎ হইলে নৌন্দর্য্য থাকে না ও তথায় বিশৃঞ্জল ভাবে চারা রোপন করিলে গ্যনাগ্যন করিবার সূবিধা হয় না, সকলই বনের ন্যায় দুষ্ট হইতে থাকে। অত্তৰ সেই স্থলে একপ কতিপয় রাস্তা স্থাপিত করিতে হইবে যে, তদ্বারা ক্ষেত্র সকল খণ্ডিত হইলে গমনাগমনের স্থবিধা হইবে এবং তাহাদিগের মনোহর শোভাও প্রকাশ পাইতে থাকিবে। আর যদি কোন উদ্যানের প্রধান त्रास्त्रा (मह डेम्हानम् चढ्रानिकात निक्रवर्सी स्हेशा দুইটী শাধা উৎপন্ন করিয়া এমত ভাবে গমন করে যে, তদ্বারা অট্টালিকার সমুধরাস্তার শাবাদয়নবেয় এক খণ্ড ত্রিভূজাকার ভূমি সংস্থাপিত হয়, তবে তাহার মধ্যে এমত রাস্তা স্থাপিত করিতে হইবে যে, তাহাতে সেই ক্ষেত্র খণ্ডিত হইয়া বহু ত্রিকোণাকার ক্ষেত্র হইয়া উচিবে। কিন্তু সেই ভূমি গোলাকার
বা অপ্তাকার ক্ষেত্রদারা খণ্ডিত হইলে কখনই শোভাস্পাদ হইবে না। অপার উক্ত রূপে স্থাপিত ক্ষেত্র
সকলের মধ্যে খেত, পীত, নীল, লোহিত প্রভৃতি
এক এক রক্ষ বিশিষ্ট পুস্পাচারা সকল এক এক
ত্রিকোণ ক্ষেত্র মধ্যে স্থেশ্লভাবে রোপণ করিলে
সমবিক শোভান্তিত হইবে।

অপর যদি চতুর্জ ভূমি এমত শীর্ণ হয় যে, তথায় অন্য কোন প্রকার ক্ষেত্র হাপিত হইতে পারে না, তবে তাহার ভিতর ত্রিকোণ ক্ষেত্র স্থাপিত করিয়া খণ্ডিত করিতে হইবে। কিন্তু সামান্য রূপ ত্রিকোণ ক্ষেত্র স্থাপিত করিতে হইলে, এই প্রথম




নানচিত্রে যে রপা জন্ধিত আছে, সেই বাপ করিতে হইবে। অর্থাৎ এই রপ শীর্ন চতুর্জু ভূমিতে ক্ষেত্র করিতে হইলে এক কোণ হইতে অন্য কোণ পর্যন্ত কর্নপাত রেখায় দুই রাভা করিলেই চারি ত্রিকোণ ক্ষেত্র দ্বারা ঐ ভূমি খণ্ডিত হয়। পরে তাহাদিগের মধ্যে সামান্য বৃক্ষ সকলের চারা রোপণ করিলে হুশোভিত হইতে পারে ৷ কিছু যদি সেই রূপ ক্ষেত্রে বিভিন্নাকার, সোন্দর্য্যশালী, ত্রিকোণ ক্ষেত্র সকল স্থাপিত করিতে হয়, তবে দ্বিতীয় মান্চিত্র যে ক্রপে অক্ষিত আছে তদ্রপ ত্রিকোণ ক্ষেত্র



সংস্থাপিত করিয়া অবশিষ্ট ভূমি বাসে আচ্চাদিত করিয়া দিবে। এই রূপ স্থানের চারি দিকে চারিটী ত্রিকোণ ক্ষেত্র স্থাপিত করিলেই ভূমির দীর্ঘ দিকে চুইটী বৃহৎ ত্রিকোণ ও প্রস্থ দিকে চুইটী ক্ষুদ্ধ ত্রিকোণ হইবে এবং উহাদিগের আধারভুজ বক্র রেধায় পাকিবে। পরে সেই সকল ত্রিভূপ্ত ক্ষেত্র মধ্যে চারা রোপণ করিবার সময় যে স্থলে চারি ত্রিকোণের মন্ত্রক মিণিত হইয়াছে, তথায় এক সাইপ্রশ বৃক্ষ

স্থাপিত করিবে এবং অন্য অন্য স্থলে অন্য অন্য বুক্ষের চারা রোপণ করিয়া স্থশোভিত করিবে।


অপর যদি ভূমি তাদৃশ শীর্ণ না হয় ও উক্ত রূপে সংস্থাপিত ক্ষেত্র সকল উদ্যানকারীর মনো-



মত না হয়, তবে তৃতীয় মানচিত্র যে রূপে জকিত আছে তদ্রপ করিবে। এই পুক্রবাটীর
দুই পার্মে বক্ররেখায় চুইটী ত্রিকোণ ক্ষেত্র স্থাপিত
হইয়াছে এবং উদ্ধাধোতাগে চদ্রবিগুকার চুইটী
ক্ষেত্র স্থাপিত করা হইয়াছে এবং ইহাদিগকে বেষ্টান
করিয়া রাস্তা স্থাপিত হইয়াছে। এই সকল ক্ষেত্রে
চারা রোপণ করিতে হইলে খণ্ডচন্দ্রাকার ক্ষেত্র
দিগের মিলিত স্থানে এক এক সাইপ্রশ বৃক্

স্থাপিত করিয়া, অন্যান্য স্থানে অন্যান্য পুচ্পের চারা রোপণ করিয়া স্থগোভিত করিবে।


যদি ভূমি শীর্ন না হইয়া কিঞ্চিৎ প্রশন্ত হয়, তবে তাহার মধ্যে একটা গোলাকার রাস্তা স্থাপিত করিলেই অভ্যন্তরে গোলাকার ক্ষেত্র হইবে। পরে সেই রাস্তার চারি দিকে চারি খানি ত্রিকোণ ক্ষেত্র স্থাপিত করিলেই এই চতুর্থ মানচিত্রে যে রূপ অক্ষিত



আছে, সেই রূপ একখানি অপ্র্রেমনোহর পুষ্পবাটী প্রস্তুত হইবে। পরে তাহাতে চারা রোপণ করিতে হইলে উক্ত গোল ক্ষেত্রের মধ্যস্থলে একটী সাইপ্রশ্ বৃক্ষ রোপণ করিয়া অন্যান্য স্থানে অন্যান্য প্রকার বৃক্ষ চারা রোপণ করিলে শোভান্বিত হইবে।


আর বদি ভূমি সামান্য স্মচতুর্জ ক্ষেত্র হয়, তবে

এই পঞ্চম, মানচিত্তে বে রূপ অকিত্ব আছে, তদ্রপ ভূমির মধ্যস্থলে বক্র রেখায় একখানি অষ্ট ভূজ ক্ষেত্র স্থাপিত করিবে। পরে তাহার চুই ভূজের পরিমাণে আধারভূজ নিরূপণ করিয়া বক্র রেখায় সেই ভূমির চারি কোণে চারিখানি ত্রিকোণ ক্ষেত্র স্থাপিত করিবে। এবং সেই সকল ক্ষেত্রকে বেষ্টন করিয়া রাস্তা করিবে।




আর তাহাতে চারা পুতিতে হইলে, প্রথমে সকল ক্ষেত্রের ধারে ধারে ''জ্যাফির্যানখন'' রোপণ করিয়া ক্ষেত্রের সীমা বন্ধ করিবে। পরে অউভুজ ক্ষেত্রের মধ্যস্থলে একটী সাইপ্রশ বৃক্ষ রোপণ করিয়া আট কোণে আটটী ক্রোটন বৃক্ষ স্থাপিত করিবে এবং ত্রিকোণ ক্ষেত্র সকলের মধ্যে গোলাপাদি মনোহর পুষ্ণ চারা রোপণ করিয়া স্থশোভিত করিবে।

যদি উদ্যান মধ্যে উক্ত রূপ ক্ষেত্র স্থাপিত করিলে মনোমত না হয়, তবে ষষ্ঠ মানচিত্র যে রূপে অন্ধিত আছে, প্রথমে সেই ভূমির মধ্যস্থলে তদ্রপ চারিটী বৃত্তথণ্ড সংযুক্ত একখানি ক্ষেত্র, স্থাপিত করিয়া তাহার দুই প্রান্ত ভাগে বক্র রেখায় অপর দুই খানি ত্রিকোণ ক্ষেত্রনির্দ্যাণ করিতে হইবে। পরে সেই সকল ক্ষেত্র বেষ্টন করিয়া রাস্তা প্রস্তুত করিতে হইবে।



অপর যদি ভূমি বৃহুৎ সমচতুর্তু অ ক্ষেত্র হয়, তবে তাহার ভিতৃরে ত্রিকোণ ক্ষেত্র স্থাপিত করিয়া খণ্ডিত করিতে হইলে, সপ্তম মানচিত্রে যেরপ'অকিত আছে তদ্রপ করিতে হইবে। প্রথমে সেই ক্ষেত্রের মধ্য-স্থলে এক ক্ষুদ্র বৃত্ত ক্ষেত্র স্থাপন করিয়া তাহার




চারিদিকে চারিটী ত্রিভুক্ত ক্ষেত্র, স্থাপিত করিবে এবং সেই চারিটী ত্রিভুজকে বেপ্টন করিয়া দ্বাদশটী ত্রিকাণ ক্ষেত্র স্থাপিত করিতে হইবে। পরে ঐ ভুমির চারি কোণে আটটী ত্রিভুক্ত করিয়া পুঁস্পানটী সম্পূর্ণ ক্রিবে। আর ঐ দকল ত্রিভুক্ত ক্ষেত্রের চারি দিকে রাস্তা রাখিতে হইবে। পরে অভ্যাস্তরের গোলক্ষেত্রের মধ্যস্থলে একটী সাইপ্রশ বৃক্ষ রোপণ করিয়া অবশিষ্ট স্থানে অন্যান্য চারা রোপণ

করিবে এবং ত্রিভুক্ত ক্ষেত্র সকলে নানা বর্ণবিশিষ্ট এক বর্ষ স্থায়ী পুর্ভাচারা রোপণ করিয়া স্থগোভিড করিবে।

অপর কোন উদ্যানে বৃহৎ এক গোল ক্ষেত্র স্থাপিত ৰুৱা আৰশ্যক হইলে, তাহার মধ্যে কুদ্র কুদ্র কতিপয় গোল ক্ষেত্র নির্দাণ ও তাহাদিগের মধ্যে মধ্যে রীতিমত রাস্তা করিলে অতিশয় স্বদৃশ্য হইতে পারে। কিন্তু যদি সেই প্রধান বুত্ত ক্ষেত্রের ব্যাস বিংশতি হন্ত পরিমিত পাকে, তুবে তাহার মধ্যস্থলে চুই হস্ত পরিমিত বাাস একটী বৃত্ত ক্ষেত্র নির্মাণ করিয়া তাহার চারিদিকে উহা অপেক্ষা বৃহৎ গোল ক্ষেত্র, অর্ধাৎ পঞ্চ হস্ত ব্যাস পরিমিত বৃত্ত ক্ষেত্র, স্থাপিত করিতে হইবে। অথবা মধ্যস্থলের গোলকটী চারি হস্ত ব্যাস পরিমিত করিয়া পার্যস্থাল ক্ষেত্র গুলিকে চুই হস্ত ব্যাসে নির্ম্মাণ করিবে এবং তাহাদিগের गर्या (य तांखा थांकित्व, छांहा छूदे इस প্রান্থে রাখিলে পতি উত্তম হইবে।

অপর উক্ত বৃহৎ গোল ক্ষেত্রের মধ্যস্থলে একটী গোল ক্ষেত্র স্থাপিত করিলে ও তাহাকে বেইটন করিয়া দুই হস্ত প্রস্থো রাখিয়া সেই রাস্তার চারিদিকে চারিটী গোল ক্ষেত্র স্থাপন করিয়া তাহাদিগের পার্শে রাস্তা করিলে উহাদিগের মধ্যে মধ্যে চারি চারিটী চতুর্জ ক্ষেত্র হইবে। পরে তাহাদিগের চারিদিকে আটটী গোল ক্ষেত্র স্থাপন ও তাহাদিগকে বেইন করিয়া রাস্তা করিলে, আর আটটী চতুর্জ ক্ষেত্র বাহির হইবে। বৃহৎ গোল ক্ষেত্র এই রূপে খণ্ডিড হইলে দেখিতে অতি স্থান্দা হইবে।


অপর উক্ত বৃহৎ গোল ক্ষেত্রের মধ্যে ত্রিকোণ ক্ষেত্র স্থাপিত করিতে হইলে, অফীম মানচিত্রে যেরূপ অঙ্কিত আছে তদমুসারে করিতে হইবে। অর্থাৎ




রুহৎ গোল ক্ষেত্রের ব্যাস ষ্ট্র পঞ্চাশৎ হস্ত হইলে

তাহার মধ্যন্থলে চুই হস্ত বিকারে অফ বক্র রেখায় একটী অফভুঞ কেত্র স্থাপিত করিবে। পরে ভাহার চতুর্দিক্ বেষ্টন করিয়া খোড়শ হস্ত ব্যাস পরিমিত একটী গোল ক্ষেত্র স্থাপিত করিবে এবং তাহার কেন্দ্রস্থিত অফভুন্ধক্ষেত্রের অফ ভুজকে বেষ্টন করিয়া আটটী ত্রিকোণ ক্ষেত্র নির্মাণ করিবে। পরে তাহাদিগের মন্তক ক্ষুদ্র ক্ষুদ্র গোল ক্ষেত্রের পরি-ধির সহিত মিলিত করিয়া দিবে, এবং ঐ গোল ক্ষেত্রকে বেষ্টন করিয়া দুই হস্ত প্রস্থে রাক্তা রাখিবে, পশ্চাৎ দেই রাস্তার বর্হিদেশে অপর আটটী ত্রিকোণ ক্ষেত্র, ছয় হস্ত লম্ব পরিমাণে নির্মাণ করিবে। বৃহৎ গোলকের ভিতর অবশিষ্ট যে ভুমি থাকিবে তাহাতে আটটী ত্রিকোণাকার ক্ষেত্র স্থাপিত করিবে, কিন্ধ উহাদিগের মস্তক যেন ঐ গোলকের চারিধারের সহিত গিলিভ পাকে। পরে তাহাদিগকে বেইন করিয়া দুই হস্ত প্রস্থে রাস্তা রাখিবে ; এবং বৃহৎ গোল ক্ষেত্রের পরিধি হইতে ক্ষুদ্র গোলকের পরিধি পর্যান্ত সরল রেখায় চারি দিকে চারি রাস্তা করিতে হইবে। পরে ক্ষেত্র মধ্যে নানা প্রকার ডেলিয়া রোপণ করিয়া স্থশোভিত করিবে। বনি অন্য প্রকার রক্ষ রোপণ কঁরিবার অভি-লাষ হয় তবে বৰ্মাজীবী অন্য কোন কুদ্ৰ বৃক্ষ রোপণ করিলে স্বদ্ধার হইতে পারে।

অপর বদি উক্ত বৃহৎ গোল ক্ষেত্রকে তথা প্রকারে ত্রিকোণাকার ক্ষেত্র দ্বারা খণ্ডিত করিতে




হয়, তবে এই নন্ম মানচিত্র অবলঘন করিয়া কেজ নির্মাণ করিতে হইবে। 'তাহার নিয়ম এই বে, উক্ত বৃহৎ গোল কেজ মধ্যে এরপ একটা সম্চতুর্ভু জ কেত্র স্থাপিত করিতে হইবে মে, তাহার কোণ-চতুইয় যেন ঐ গোল কেজের পরিবিতে সংলগ্ন হয়। পরে তাহার অভ্যন্তরে অন্য একটা সম্চতুর্ভু জ কেত্র একপে স্থাপিত করিতে হইবে যে, তাহার চারিটা কোণ ধনন প্রথম চতুর্ভু জের প্রত্যেক ভুকোর মধ্যম্বল স্পর্শ করিয়া তিনটা ত্রিভুজ উৎপন্ন করে। তদনন্তর তাহার অভ্যন্তরে প্রবিবৎ ভুক্সংলগ্ন কোণ বিশিষ্ট আর একটী সমচতুভুজ ক্ষেত্র স্থাপিত করিয়া তাহার মধ্যস্থলে একটী গোলাকার রাস্তা করিতে হইবে, এবং ক্ষুদ্র সমচতুভুজ ক্ষেত্রের প্রত্যেক কোণ হইতে এক একটী সরল রাস্তা বাহির করিয়া ঐ গোল রাস্তার পরিধির সহিত মিলিত করিছে হইবে। এবং পূর্বর বৃহৎ চতুভুজ ও আভ্য-স্তরিক চতুভুজের চারিদিকে রাস্তা করিতে হইবে। পূর্বেরাক্ত বৃহৎ গোল ক্ষেত্রকে অন্য প্রকারে ত্রিভুজ ও গোল ক্ষেত্র দারা বিভাগ করা যাইতে পারে,



এই দশ্য যানচিত্রে দৃষ্টি ক্ষেপণ করিলেই ভদ্বিশেষ জানা যাইতে পারিবে । যদি কোন বৃহৎ বৃত্ত ক্ষেত্রের ব্যাস ৬০ হস্ত হয়, তবে তাহার মধ্যস্থলে ১০ হস্ত ব্যাস একটী গোল ক্ষেত্র স্থাপন করিবে, এবং তাহার পরিধি বেষ্টন করিয়া তিন হস্ত প্রস্থ পথ রাখিবে। পরে ঐ পথের চতুর্ন্দিকে পঞ্চ হস্ত ব্যাস পরিমিত ব্সার আটটী গোল ক্ষেত্র নির্মাণ করিতে হইবে। কিন্ত ঐ সকল গোল ক্ষেত্রের ধারে চুই হস্ত প্রস্থে যে সকল পথ থাকিবে, সেই সকল পথ কোন প্রকারে যেন মধ্য গোলকের রাস্তার সহিত মিলিত না হয়। পরে দেই অফ গোলকের উপর চুই দুই গোলক স্পর্শ করিয়া বক্র বৈধিক আর আটটী ত্রিভুজ ক্ষেত্র স্থাপিত করিতে হইবে, এবং সেই সকল ক্ষেত্রের উভয় পার্শ্বে দুই হস্ত প্রস্থে রাজা রাখিতে হইবে। পরে ঐ অফ তিভুজের তুইটী তুইটী তিভুজ লইয়া অপেকাকত বৃহৎ যে চারিটী বক্র রৈখিক ত্রিভুঞ্চ ক্ষেত্র স্থাপিত করিতে হইবে তাহাদিগের লম্বনান দশ হস্ত ও পার্মস্থ রাস্তা তিন হস্ত প্রস্থে থাকিবে। পরে জ্যাফিরন্থস রক্ষের চারা রোপণ করিয়া के मकल कार्यात किनाता वक्त कतिरवः धवः দেই কিনারার পশ্চাতে হিপিয়্যাসট্য ও ক্ষেত্রের মধ্য স্থলে নানা বর্ণের বর্ষজীবী রক্ষ চারা রোপণ ক্রিয়া

স্থূশোভিত করিতে হইবে। কিন্তু যদি অন্য প্রকার বৃক্ষ রোপণ করিতে ইচ্ছা হয়, তবে বিবিধ বর্ণের বৈদেশিক পুষ্পাবৃক্ষ আনাইয়া রোপণ করিতে পারিলে সমধিক মনোহর হইতে পারে।


অপর যদি কোন বৃহৎবৃত্ত ক্ষেত্রকে, ক্ষুদ্র গোলক্ষেত্র, অগুণকার ক্ষেত্র ও অফটভুজ ক্ষেত্র দারা বিভাগ করিয়া পুষ্পক্ষেত্র প্রস্তুত করিতে হয়, তবে সেইবৃহৎ বৃত্তকে



এই একাদশ মানচিত্রানুসারে বিভক্ত করিলে শোভান্থিত হুইতে পারে; অর্থাৎ যদি কোন বৃহৎ গোল ক্ষেত্রের ব্যাস একশত হস্ত হয়, তবে তাহার মধ্যস্থলে ৪০ হস্ত বিস্তারে একটা অফভুজ ক্ষেত্র নির্দ্মাণ করিয়া তাহার প্রত্যেক ভুজের ধারে চুই হস্ত প্রস্থেরাস্তা রাখিবে। পরে উহার অফদিকে ২৮ হস্ত ব্যাস পরিমিত অফ গোল ক্ষেত্র স্থাপন করিয়া ভাহাদিগের চতুর্দ্দিকে দুই হস্ত প্রস্থে রাস্তা করিবে। এবং সেই অফটভুজ ক্ষেত্রের কেন্দ্র হইতে কোণ পর্যাস্ত বিস্তৃত করিয়া চক্ষুর সদৃশ আটটী ক্ষেত্র নির্মাণ করিতে হইবে। পরে সেই সকল ক্ষেত্রের মধ্যে নানা বর্ণের বর্ষজীবী বৃক্ষ চারা রোপণ করিলে অদুশা হইতে পারে। কিন্তু যদি সেই সকল ক্ষেত্রে অন্য প্রকার বৃক্ষ রোপণ করিয়া উদ্যান করিতে ইচ্চা হয়, তবে প্রথমে উক্ত অপ্তভুক্ত ক্ষেত্রের মধ্য স্থলে একটী আরিকেরিয়া ও অন্যান্য গোল ক্ষেত্রে সাইপ্রশ বৃক্ষ রোপণ করিয়া পশ্চাৎ অন্যান্য কৃষ্ণ চারা রোপণ করিলে অতিশয় স্বদৃশ্য হইতে পারে।


বৃহৎ গোল ক্ষেত্র মধ্যে আর এক প্রকারে অপ্তাকার ক্ষেত্র স্থাপন করা যাইতে পারে। যদি ঐ বৃহৎ ক্ষেত্রের ব্যাস ৬০ হস্ত হয়, তবে উহার মধ্যস্থলে ৩০ হস্ত ব্যাস-পরিমিত একটী গোল ক্ষেত্র এই দাদশ যানচিত্রামুসারে স্থাপিত করিয়া ভাহার বেষ্টন পথ দুই হস্ত প্রস্তে রাখিতে হইবে; এবং ভাহার

क्रमिमर्भग ।



চতুর্দ্দিকে বক্র রেখায় চারিটী ত্রিভুজ ক্ষেত্র নির্মাণ করিবে এবং সেই সকল ত্রিভুজ ক্ষেত্রের মস্তক ঐ রহৎ গোলকের পরিধির সহিত মিলিত করিয়া পশ্চাৎ তাহাদিগের চতুর্দ্দিকে তুই হস্ত প্রস্থে রাস্তা রাখিবে। পরে ঐ গোল ক্ষেত্রের কেন্দ্র হইতে পরিধি পর্যাস্ত বিস্তার লইয়া আর চারিটী অপ্তাকার ক্ষেত্র স্থাপিত করিতে হইবে।

অপর যদি কোন গোল ক্ষেত্র মধ্যে কেবল অপ্রাকার ক্ষেত্র স্থাপন করিতে হয়, এবং সেই বৃহৎ গোলক্ষেত্রের ব্যাস বিংশতি হস্ত থাকে, তবে উহার মধ্যস্থলে' দশ হস্ত দীর্ঘ-ব্যাস এমজ একটী অপ্রাকার ক্ষেত্র নির্মাণ করিবে, এবং তাহার চতুর্দিকে তুই হস্ত প্রস্থে রাস্তা রাধিয়া সম্ম ব্যাসের তুই প্রাস্ত হইতে গোলক্ষেত্রের পরিধির যত অস্তর হয়, সেই পরিমাণে
দীর্ঘ ব্যাস নির্দ্দিষ্ট করিয়া অপর দুইটী অপ্তাকার ক্ষেত্র নির্দ্দাণ করিবে। পরে বৃহৎ অপ্তাকার ক্ষেত্রের যে
দুই পার্ম স্থল হইতে তুইটী অপ্তাকার ক্ষেত্র নির্দ্দিত
হইয়াছে সেই তুই স্থল হইতে গোল ক্ষেত্রের পরিধি
পর্যান্ত সীমা লইয়া তুই দিকে বক্র রেখায় তুইটী অপ্তাকার
ক্ষেত্র স্থাপিত করিয়া তাহার উভয় পার্ম্বে রাস্তা
রাখিবে। ইহা ভিন্ন অন্যরূপেও গোলক্ষেত্র মধ্যে নানা
প্রকার অপ্তাকার ক্ষেত্র স্থাপিত করা যাইতে পারে,
তাহা এই স্থলে লিখিবার প্রয়োঞ্জন নাই।




অপর যদি কোন বৃত্ত ক্ষেত্রকে গোল, অফটভুজ, পঞ্চ-

ভুজ ও অত্থাকার প্রভৃতি ক্ষেত্র দারা বিভক্ত করিতে হয়, তবে এই ত্রীেদশমানচিত্রে যেরূপ অক্কিত আছে সেই রূপ করিতে হইবে। অর্থাৎ যদি ঐ বৃহৎ গোল ক্ষেত্রের ব্যাস ৭২ হস্ত থাকে, তবে তাহার মধ্যস্থলে ৩৪ হস্ত ব্যাস পরিমিত আর একটী গোল ক্ষেত্র স্থাপন করিবে। পরে সেই ক্ষুদ্র গোলক্ষেত্রের ভিতরে বক্ররেখায় একটী অষ্টভুজ ক্ষেত্ৰ এৰূপে স্থাপিত করিতে হইবে যে, তাহার কোণ সকল যেন উক্ত গোল ক্ষেত্রের পরিধিতে সংলগ্ন থাকে। অপর উক্ত বৃহৎ গোল ক্ষেত্রের ও ক্ষুদ্র গোল ক্ষেত্রের পরিধির মধ্যে যে স্থান থাকিবে তাহাতে মানচিত্রের অনুরূপ আটটা পঞ্চভুজ ক্ষেত্র ও আটটা অগুকার ক্ষেত্র স্থাপন করিয়া প্রত্যেকের চতুর্দ্দিক **मिय़ा द्रांखा द्रांचिरत। পরে यथन সেই সকল** ক্ষেত্রের মধ্যে চারা রোপণ করিতে হইবে, তখন প্রথমে অফ ভুজ ক্ষেত্রের মধ্যস্থলে একটী আরিকেরিয়া বৃক্ষ রোপণ করিয়া পশ্চাৎ সকল ক্ষেত্রের কিনারায় জেফিরেনথশ ও হিপিএসট্রম বৃক্ষ পুতিয়া সীমা বন্ধ এবং উক্ত আট খানি ক্ষেত্রের মধ্যস্থলে ভিন্ন ভিন্ন বর্ণের আটটী পুক্ষা বৃক্ষ রোপণ করিয়া প্রতি বৎসর তদস্তরালে বর্ষজীবী পুষ্পা চারা রোপণ করিয়া স্থশোভিত রাখিবে।


অপর যদি কোন বৃহৎ গোল ক্ষেত্রকে অফভুক্ত ও

পঞ্চভুজ ক্ষেত্র ছারা বিভক্ত করিতে হয়, ভুবে এই




চতুর্দশে মানচিত্রে যে রূপ অক্ষিত আছে, সেই ক্রণ করিবে। অর্থাৎ যদি ঐ গোল ক্ষেত্রের ব্যাস ৮২ হস্ত হয়, তবে উহার চতুর্দ্দিক গেইন করিয়া চুই হয় প্রস্তের রাস্তা রাখিবে; এবং বৃহৎ বৃত্তের অভ্যন্তরে ৬২ হস্ত ব্যাস পরিমাণে আর একটা গোলাকার ক্ষেত্র নির্দ্মাণ করিশ্বা ভাহার চতুর্দ্দিকে চুই হস্ত প্রস্তে রাস্তা করিবে। পরে ভাহার ভিতরে এক্রপ আর একটা অষ্ট ভুজ ক্ষেত্র নির্দ্মাণ করিতে হইবে যে, ভাহার ০ক এক কোন যেন উক্ত গোল ক্ষেত্রের কেন্দ্র হইতে ।
৬ হস্ত অস্তরে থাকে। এই অইভুজ ক্ষেত্র হাপন করিবে
করিয়া এমত একটী বৃহৎ অস্ট ভুজ ক্ষেত্র হাপন করিবে
যে, তাহার এক এক কোন উক্ত গোল ক্ষেত্রের কেন্দ্র
হইতে ১৪ হস্ত অস্তর হইবে এবং উহার অস্ট্র দিক্
বেষ্টন করিয়া দুই হস্ত প্রস্থেরাস্থা থাকিবে। এই বৃহৎ
অস্ট্র ভুজ ক্ষেত্রের রাস্তার কিনারা হইতে ক্ষুদ্র গোল
ক্ষেত্রের পরিধি পর্যান্ত যে হান থাকিবে, তাহাতে
উক্ত বৃহৎ অইভুজ ক্ষেত্রের এক একটী ভুজকে আধার
ভুজ করিয়া এরপ আটটী পঞ্চভুজ ক্ষেত্র নির্দ্ধাণ করিতে
হইবে যে, বৃহৎ অই ভুজ ক্ষেত্রের প্রত্যেক ভুজের
মধ্যন্থল হইতে ঐ সকল পঞ্চভুজের প্রত্যেক শীর্ষকোণ যেন ১৪ হস্ত অস্তরে থাকে।

যদি কোন বৃদ্ধ অপ্তাকার ক্ষেত্রমধ্যে ক্ষুদ্র ক্ষুদ্র অপ্তাকার ক্ষেত্র স্থাপন করিয়া নিভাগ করিতে হয়, তবে নিম্ন লিখিত পঞ্চদশ মানচিত্রে যে রূপ অঙ্কিত আছে দেই রূপ করিতে হইবে। অর্থাৎ যদি অপ্তাকার ক্ষেত্রের দীর্ঘ ব্যাস ৮০ হস্ত হয়, তবে উহার মধ্যস্থলে ১৬ হস্ত দীর্ঘ্যাস ও অন্ত হস্ত অপ্তাম্য পরিমাণে একটী অপ্তাকার ক্ষেত্র স্থাপিত করিয়া তাহার দীর্ঘ-ব্যাসের দুই দিকে ঐ পরিমাণে আর দুইটী অপ্তাকার ক্ষেত্র স্থাপন করিবে; এবং উহার স্থাপনাদের তুই




পার্থেও সেই পরিমাণে চারিটী অগুণকার ক্ষেত্র স্থাপন করিতে হইবে। পরে সেই সকল ক্ষেত্রের চতুর্দ্দিক্ বেষ্টন করিয়া তিন হস্ত প্রস্থে রাস্তা করিলে যে যে ভূমি অবশিষ্ট থাকিবে সেই সকল ভূমি ঘাসে আচ্চাদিত করিয়া রাধিবে।

গোল ক্ষেত্রকে, যেরপ অইড্রন্থ, পঞ্চ্যুন্থ, অগুকার ও ক্ষুদ্র গোল ক্ষেত্র দারা বিভক্ত করা হইয়াছে, অগুকার ক্ষেত্রকেও সেইন্সপে বিভক্ত করা যাইতে পারে। কিন্তু অগুকার ক্ষেত্রের অভ্যন্তরস্থ ভূমি কেন্দ্র হইতে পরিধি পর্যন্ত সকল দিকে সম-পরিমাণেখাকে না, এনিমিন্ত তাহার কেন্দ্রের চতুর্দ্ধিকে বৃত্ত ক্ষেত্রের ন্যায় বিবিধাকার ক্ষেত্র, সমপরিমাণে সংস্থাপিত হইতে পারে না। এন্ধপ স্থলে উদ্যানকারী বিবেচনা পূর্ব্বক পূর্ব্বলিখিত নিয়মানুসারে ক্ষুদ্রা-কারে ক্ষেত্র নির্মাণ করিয়া বিভক্ত করিতে পারিবেন। যদি সমচতুভু জ ক্ষেত্রকে গোলক্ষেত্র ও অন্য অন্য অনিয়মিত ক্ষেত্র দারা খণ্ডিত করিতে হয়, তবে এই




যোড়শ মান্চিত্রে যে রূপ অধ্বিত আছে দেই রূপ করিতে হইবে। উক্ত সম্চতুর্ত্ত ক্ষেত্র যদি দীর্ঘ প্রস্থে ৭২ হস্ত থাকে, তবে উহার মধ্যস্থলে ৪৮ হস্ত ব্যাস পরিমাণে একটী বৃত্ত ক্ষেত্র স্থাপিত করিয়া ভাহার চতুর্দ্দিকে চারি হস্ত প্রস্থে রাস্তা করিবে। পরে উহার কেন্দ্র হইতে দ্বাদশ হস্ত ব্যাসাদ্ধি লইয়া আর একটী ক্ষুদ্র গোল ক্ষেত্র স্থাপিত করিয়া তাহার চতুর্দিকে চারি হস্ত প্রস্থে রাস্তা রাখিবে। পরে সেই রাস্তার চারি দিকু হইতে চারিটী রাস্তা বাহির করিয়া প্রধান চতুর্ভুজের রাস্তার সহিত মিলিত করিয়া দিবে। এই রূপ করিলে উক্ত চতুর্ভুজের চারি কোণে যে চারি খণ্ড ভূমি অবশিষ্ট থাকিবে, তাহাতে মানচিত্রে যে রীপ অন্ধিত আছে তদন্তরপ চারিটী ক্ষেত্র স্থাপিত করিবে। পরে যখন উহাতে রক্ষ চারা রোপন করিতে হইবে, তখন ক্ষুদ্র গোল ক্ষেত্রের মধ্য স্থলে একটী সাইপ্রশ কিষা আরিকেরিয়া রক্ষ রোপন করিয়া অন্য অন্য ক্ষেত্রে ভিন্ন ভিন্ন বর্নের পুক্ষা চারা রোপন করিয়া অন্য অন্য ক্ষেত্রে ভিন্ন ভিন্ন বর্নের পুক্ষা চারা রোপন করিলে স্থগোভিত হইবে।



যদি কোন সমচতুর্ভু জ কেত্রকে সমধিক শোভা-স্থিত করিতে ইচ্ছা হয়, তবে এই বিংশ মান্চিত্রে যে রূপ অধিত আছে তদমুরূপ করিবে। উক্ত ক্ষেত্রের দীর্ঘ প্রস্থ ৬০ হস্ত থাকিলে, উহার মধ্যস্থলে ২৬ হস্ত ব্যাস পরিমাণে একটী গোল ক্ষেত্র স্থাপিত করিয়া তাহার চতুর্দ্ধিকে চারি হস্ত প্রস্থে রাস্তা করিবে। পরে মানচিত্রে যে রূপ অন্ধিত আছে তদসুরূপ ১০ হস্ত ব্যাস পরিমিত চারিটী বৃত্ত ক্ষেত্র চারি ধারে স্থাপিত করিলে, প্রধান চতুভু জের চারি কোনে যে ভূমি পাকিবে, ভাহাতে বক্র রেখায় ৮ হন্ত লম্ পরিমাণে চারিটী ত্রিকোণ ক্ষেত্র স্থাপিত করিবে। তাহার আধার ভুজ বৃহৎ গোল কেত্রের রাতাই থাকিবে। এই সকল ক্ষেত্রের বেষ্টন পথ চারি হস্ত প্রস্থে রাখিবে। পরে,,গোল ক্ষেত্রের কেন্দ্র বেষ্টিত ক্ষুদ্র বৃত্ত চতুষ্টয়ের রাস্তাকে আধারভুক্ত করিয়া বক্র রেখায় ৬ হস্ত লম্ব পরিমাণে আর চারিটী ত্রিভুজ ক্ষেত্র নির্ম্মাণ করিবে। পরে ঐ চারি ক্ষুদ্র ত্রিকোণ ক্ষেত্র ও চতুর্ভু জ ক্ষেত্রের কোনে বৃহৎ ত্রিকোন ক্ষেত্রচভুষ্টয়ের মধ্যে যে চারি খণ্ড ভূমি থাকিবে, তাহাতে বক্র রেখায় আর চারিটী ত্রিকোণ ক্ষেত্র স্থাপন করিবে; এবং ত্রিকোণ ক্ষেত্রের আধার ভুচ্ছের রাস্তা উহাদিগের আধার ভুষ্ণ হইবে। এবং তাহা- দিগের অন্য দুই দিকে চারি হস্ত প্রস্থে রাস্তা করিবে।

যদি এক দীর্ঘ চতুর্জু ক্ষেত্র মধ্যে গোল ক্ষেত্র ও অনিয়মিত ক্ষেত্র স্থাপন করিয়া উদ্যান করিতে হয়, তবে এই অফীদশ মানচিত্রে যে ৰূপ অক্ষিত আছে




সেই ৰূপ করিবে। যদি কোন ক্ষেত্রের দৈর্ঘ ১২০ হস্ত ও প্রস্থ ৫১ হস্ত হয়, তবে উহার মধ্যস্থল কেব্রু

করিয়া ঐ ভূমির প্রস্থ দিকের সীগাকে ব্যাসার্দ্ধ লইয়া একটী বৃত্ত ক্ষেত্র স্থাপন করিবে ও তাহার চতুর্দিকে চারি হস্ত প্রস্থে রাস্তা রাখিবে। পরে সেই গোল ক্ষেত্রের পরিধিকে পাঁচ সমান অংশে বিভক্ত করিয়া বিভাগ চিহু সকল পাঁচটী বক্র রেখার দ্বারা মিলিভ করিয়া দিলে অভ্যন্তরে যে একটী পঞ্চ ভুজ ক্ষেত্র প্রস্তুত হইবে, ভাহার সকল দিকু বেফন করিয়া তুই হস্ত প্রস্তে রাস্তা করিবে; এবং সেই পঞ্চ ভুস্ত ক্ষেত্রের এক এক দিকু হইতে গোল ক্ষেত্রের পরিধি পর্যান্ত যে ভূমি থাকিবে, তাহার ভিতর অনিয়মিত আকারের পাঁচটী ক্ষেত্র স্থাপন করিবে এবং পঞ্চভুজ ক্ষেত্রের মধ্যস্থলে একটী ক্ষুদ্র গোল ক্ষেত্র স্থাপনা-নুম্তর তাহার পরিধির বহির্ভাগ দাদশ অংশে বিভক্ত করিয়া বক্র রেখার দ্বারা সেই বিভাগ চিহু সকল মিলিত করিয়া দিলে ভিম্ন রূপ একটী ক্ষেত্র প্রস্তুত হইবে। পরে বৃহৎ গোল ক্ষেত্রের দুই পার্যে যে ভূমি অবশিষ্ট থাকিবে, তাহাতে মান্চিত্রানুরপ অনিয়মিত আকারে কেত্রাদি প্রস্তুত করিতে হইবে। অপর যখন এই সকল ক্ষেত্রে বৃক্ষাদি রোপণ করিতে হইবে, তথ্ন পঞ্চতুজ ক্ষেত্রের পঞ্চ কোণে পাঁচটী সাইপ্রশ কিম্বা আরিকেরিয়া বৃক্ষ রোপণ করিবে; এবং গোল ক্ষেত্রের দুই পার্শব্ভিত অনিয়মিত ক্ষেত্র-

দিগের মধ্যস্থলেও উক্ত প্রকার রক্ষ রোপণ করিয়া ক্ষেত্রের অন্যান্য স্থানে বিভিন্ন জাতি পুষ্প চারা রোপণ করিলে স্থশোভিত হইবে।

যদি কোন সমচতুর্ভুঞ্জ ক্ষেত্রকে গোল ক্ষেত্র ও দীর্ঘচতু ভুঞ্জ ক্ষেত্র দারা বিভাগ করিতে হয়, তবে




ঊনবিংশ গানচিত্রে যে রূপ অন্ধিত আছে সেই
রূপ করিবে। যদি এই ভূমির দৈর্ঘ ও প্রস্থ ৭৪
হস্ত হয়, তবে উহার চতুর্দিক বেষ্টন করিয়া দুই
হস্ত প্রস্থে রাস্তা রাখিয়া সেই রাস্তার কোলে ভূমির
উদ্ধাধো ভাগে ৪ হস্ত প্রস্থে দীর্ঘাকার ক্ষেত্র হাপিত
করিবে। এবং ভাহার মধ্য স্থলে চারি হস্ত ব্যাস
পরিমাণে একটী গোল ক্ষেত্র স্থাপন করিয়া ভাহার

চতুর্দ্ধিকে চুই হস্ত প্রস্থে রাস্তা রাখিবে। পরে জন্য দুই দিকে ৮ হস্ত প্রস্থে আর তুইটী দীর্ঘ চতুতু জ ক্ষেত্র নির্দাণ করিবে, এবং ভাহার ভিতরে ৮ হস্ত ব্যাস পরিমাণে আর ভিনটী গোল ক্ষেত্র স্থাপন করিয়া তাহাদিগের চতুর্দ্ধিকে দুই হস্ত প্রস্থে রাস্তা রাখিবে। পরে অন্য দিকের দীর্ঘ চতু ভুক্ত ক্ষেত্রের কোলে চুই হস্ত প্রস্থে রাস্তা রাখিয়া তাহার কোলে আর একটী দীর্ঘ চতৃভু স্ব ক্ষেত্র নির্মাণ করিবে। এবং পুর্বায়ত উচার কোলে চুই হস্ত প্রস্থে রাস্থা রাখিয়া ভাহাদিগের এক একটীর ভিতরে চারি ইস্ত ব্যাস পরিমাণে আর ভিনটী গোল ক্ষেত্র স্থাপন ও ভাহাদিগের চতুর্দ্ধিকে চুই হস্ত প্রস্থে রাস্তা করিতে হইবে । পরে ক্ষেত্রের ভিতর যে ভূমি থাকিবে তাহার মধ্যস্তলে ২৪ হস্ত ব্যাস পরিমাণে একটা গোলক্ষেত্র স্থাপন করিয়া ভাহার চতুর্দ্দিকে ভিন হন্ত প্রস্থে রাস্তা করিবে ও তাহা অন্য দুই দিকের গোল ক্ষেত্রের রাস্তার সহিত মিলিত করিয়া পরে যখন এই সকল ক্ষেত্রে চারা রোপন করিতে হইবে, তখন গোল ক্ষেত্রদিগের মধ্যস্থলে সাইপ্রশ বৃক্ষ স্থাপন করিয়া চতুক্সার্থে অন্য অন্য স্থগন্ধি পুষ্প চারা রোপণ করিলে স্থশোভিত হইবে। অন্য যে সকল ক্ষেত্ৰ ও ভূমি অংশিই থাকিবে তাহা খাসে আচ্চাদিত করিয়া রাখিবে।

क्रियिमर्श्न ।

রাস্তার কিনারাস্থিত পুষ্পক্ষেত্র। .


রান্তা প্রস্তাত হইলে তাহার উভয় পার্মস্থ ভূমি অলকার যুক্ত না করি-या यमि भूना রাখা যায়, ভবে কখনই শোভা-ন্থিত হয় না। এই জন্য উহার দই পাৰ্থে কেত্ৰ স্থাপন করিয়া ভাহাতে নানা বিধ বৃক্ষ চারী রোপণ করা অ-তাম্ভ আবশ্যক। অতএব রাস্তার कुइ हहरड অর্জহন্ত প্রত্থৈ কিম্বা রাস্তা প্র-भस्र इड्रेल वक



হস্ত প্রস্থে এক ঘাসের পটী রাখিলে যে ভূমি থাকিবে, তাহাতে ক্রমশঃ রাস্তার প্রশস্তানুসারে ৪।৫ হস্ত প্রস্থে চুইটী পটি প্রস্তুত করিতে। পরে তাহাতে নানা আতিপুল্পের চারা রোপণ করিয়া স্থশোভিত রাখিবে। আর যদি উদ্যানকারী উহাতে মনোহর ক্ষেত্র স্থাপন করিবার অভিলাষ করেন, তবে সর্পের গতি সদুশ অদ্ধি গোলাকার ক্ষেত্রসকল স্থাপন করিতে পারেন ও তাহাতে অতি অদুশ্য হইতেও পারে; কিন্দ যদি তাঁহার এই বিংশ মানচিত্তে অন্ধিত ক্ষেত্রসদূশ ক্ষেত্র স্থাপন করিতে বাঞ্চা হয়, তবে প্রথমে ভূমির প্রস্থ যত থাকিবে, সেই পরিমাণে ব্যাস নিরূপণ করিয়া ষে প্রকার বৃত্ত ক্ষেত্র সকল মানচিত্রে অঙ্কিত আছে দেই প্রকার বৃত্ত নির্ম্মাণ করিবেন; এবং উহাদিগের ভিতরে কেন্দ্র বেইটন করিয়া এক একটী ক্ষুদ্র গোল ক্ষেত্র স্থাপিত ক্রিবেন। যদি রুহৎ গোল ক্ষেত্রের ব্যাস বিংশতি হস্ত হয়, তবে কুদ্র গোল ক্ষেত্রের ব্যাস চারি হস্ত রাখিবেন। পরে সকল ক্ষেত্রকে বেফন করিয়া এই হস্ত প্রস্তে রাস্তা করিতে হইবে। প্রথম গোলকের ভিতর দ্বিতীয় গোলকের যে অংশ পড়িয়াছে ভাহা ক্ষুদ্র 'গোলকের রাস্তার সহিত মিলিভ হইলে উহা দক্ষিণ ও বামভাগে দুই অংশে বিভক্ত হইয়া যাইবে। আর প্রথম গোলকের যে অংশ দিতীয়

গোলকের ভিতর পড়িয়াছে তাহার বাম অংশ উঠাইয়া ফেলিবে ও দিতীয় গোলতকর'যে অংশ প্রথম গোলকের ভিতর পড়িয়াছে তাহার দক্ষিণ অংশ উঠাইয়া ফেলিবে; পরে দ্বিতীয় গোলকের যে অংশ তৃতীয় গোলকের ভিতরে পড়িয়াছে তাহার বাম অংশ ও তৃতীয় গোলকের যে অংশ দ্বিতীয় গোলকের ভিতর আছে তাহার দক্ষিণ অংশ উঠাইবে। এই রূপে সকল গোল ক্ষেত্রের এক এক অংশ উৎক্ষিপ্তা হইলে মানচিত্রানুযায়ী ক্ষেত্র প্রস্তুত হইবে। এই ৰূপ ক্ষেত্র বৃহৎ রাস্তার ধারে স্থাপিত করিতে হুইলে রাস্তা সকল উঠাইয়া ভূমি ঘাদে আচ্ছাদিত করিয়া রাখিবে। পরে যখন উহাতে চারা রোপণ করিবে তখন পশ্চাদ্রণে বৃহৎ বৃক্ষ সকল রোপণ করিয়া উহার সম্মুখবন্তী স্থানে এক একটী বিভিন্ন রঙ্গের পুষ্প চারা রোপণ করিয়া হুশোভিত করিবে। যদি রাস্তার কিনারায় ঘাদের পটী রাখিবার ইচ্ছা না হয়, তবে রাস্তার দুই কিনারা হইতে কিয়দ্দর পর্যান্ত ঘাসে আচ্চাদিত করিয়া তাহার উপর প্রথমে বক্র রেখায় একটী ত্রিভুজ ক্ষেত্র স্থাপন করিবে। পরে উহার সম্মুখে খণ্ড তকার সদৃশ তৃইটী ক্ষেত্র ও মধ্যস্থলে একটী অগুকার ক্ষেত্র স্থাপন করিয়া দুই পার্যে দুইটী ক্ষুদ্র গোল ক্ষেত্র স্থাপন করিবে। পরে ঐ অগুাকার

কেত্রের অন্যদিকে খণ্ড তকার সদৃশ আর চুইটী কেত্র স্থাপন করিয়া উহাদিগের মধ্যে একটী ক্ষুদ্র চতুর্ভু জ ক্ষেত্র স্থাপন করিবে। এই রূপ খণ্ড তকারবং অণ্ডা-কার, গোল ও চতুর্ভু জ ক্ষেত্র উক্ত প্রকারে স্থাপিত হইলে এই এক বিংশ মানচিত্রে যেরূপ প্রকাশিত আছে তদ্রপ একটী বৃহৎ ক্ষেত্র প্রস্তুত হইতে পারিবে।



এই সকল ক্ষেত্রে অতি ক্ষুদ্র বা বাৎসরিক চারা রোপণ্করিয়া স্থশোভিত করিবে।


যে সকল মানচিত্রের বিষয় পূর্ব্বোক্ত কএক পৃষ্ঠায় লিখিত হইল, তাহাতে কেবল পুষ্পক্ষেত্র প্রস্তুত করিবারই নিয়ম প্রকাশিত হইয়াছে; কিন্তু উদ্যানকারী যে, উক্ত প্রকারে সর্ব্বত্ত ক্ষেত্রাদি নির্মাণ করিবেন এমত নহে; ঐ নিয়ম অবলম্বন করিয়া যে স্থানে যে রূপ ক্ষেত্র উপযোগী হইবে, তথায় সেইরূপ শক্ষেত্র নির্মাণ করিবেন। এই সকল মানচিত্র মধ্যে অতি সহস্ক ও অতি কঠিন ক্ষেত্রাদি নির্দাণ করিবার যে সকল বিধি প্রকাশিত হইল তাহার মধ্যে যাঁহার ষেরপ আবশ্যক হইবে তিনি সেইরপ করিবেন। আর খণ্ডিত ক্ষেত্র যদি অতি বৃহৎ হয়, তবে তাহাকে পুনশ্চ খণ্ডিত করিতে হইলে তাহাদিগের ভিতর স্বাভাবিক ক্ষেত্র স্থাপিত করিয়া খণ্ডিত করিবেন।

গোলক शक्त।

গোলক ধন্ধ করিবার প্রশা অন্যান্য দেশে প্রচলত আছে; কিন্তু আমাদিগের এ দেশে কোন কালে প্রকাশ ছিল না, কেবল বর্জমানাধিপতি সম্প্রতি তাঁহার দেলখোশা নামক উদ্যানে এক গোলক ধন্দ্র স্থাপিত করিয়াছেন। ইহা এই অভিপ্রায়ে প্রস্তুত করান হইয়াছে যে, কোন ব্যক্তি উহার ভিতরে প্রবেশ করিলে শীঘ্র বাহির হইয়া আসিতে পারিবে না। গোলক ধন্ধ প্রস্তুত করিতে হইলে উহার ভিতর রাস্তা সকল এমত কৌশলে নির্মাণ করিতে হয় যে, তাহাতে সর্বাত্ত সমভাব প্রকাশ পাইতে থাকে। উহার কোথায় আদি ও কোথায় অস্তু কিছুই নিরূপণ হয় না। বর্জ্ব- মানাধিপের উদ্যানে যে গোলক ধন্ধ আছে তাহা এক চতুর্ভু ক্ল ক্ষেত্রের উপর দীর্ঘ প্রস্থে রাস্তা করিয়া এমত

স্থাল ভোহার মিলন করা হইয়াছে যে, তাহা দর্শন মাত্র প্রবেশ করিবার পথবলিয়া জ্ঞান হয়; কিন্তু তাহা যথার্থ প্রবেশ পথ নহে উহা ছন্ম পথের সহিত এমত ভাবে নির্ম্মিত হইয়াছে যে, তাহা অনুসন্ধান করিয়াও নিরূপণ করা দৃষ্কর। বিশেষতঃ উক্ত পথ সকল জাকরি দিয়া আক্রাদিত থাকাতে দর্শকগণের দৃষ্টি পথ এমত ভাবে রুদ্ধ হইয়া যায় যে, যখন যে ব্যক্তি সেই রাস্তা দিয়া গমন করিতে থাকে তখন সেব্যক্তি সেই রাস্তা ব্যতীত আর কিছুই দেখিতে পায় না। এই ৰূপ ভ্রম হয় বলিয়া পথিকেরা পথ অধেষণে ক্রমশঃ যত ভ্রমণ করিতে থাকে তত্ই তাহার বাহিরে আসিবার কিম্বা ভিতরে যাইবার পথ, কোন মতে নিরূপণ করিতে পারে না। অনুমান হয় গোলকধামে যাইতে এই রূপ ধন্ন উপস্থিত, হয়, এই জ্বন্য এই ক্ষেত্রের নাম (भानक्षत्र इहेश्राष्ट्र । এहे बन भानक यन निर्माण কবিলে উদ্যানের সম্বিক শোভা বা অন্য কোন िरामिय कल लांख हय ना : इंडा (कर्वल खमनकांतीत वस উপস্থিত করে। বাহাতে সমুদয় উদ্যান গোলক ধক্ষের ন্যায় হয়, তাহার ব্যবস্থা, পথ নির্মাণ প্রক-রবে পুরের প্রকাশ করা গিয়াছে; একণে যদি কেহ (महे क्रभ देवतान निर्माण करिट मक्का ना इन, जरव ' পুর্বোক খণ্ডিত ক্ষেত্র সকল অতি রুহৎ আকারে

স্থাপিত করিলেই এক প্রকার গোলক ধন্ধ প্রস্তুত হুইতে পারে। অতএব যদি কেহ ত্রিকোণ ক্ষেত্র স্থাপন করিয়া গোলক ধন্ধ করিবার মানস করেন, তবে খণ্ডিত ত্রিকোণ ক্ষেত্রের যে কপ নিয়ম প্রকাশ করা হুইয়াছে সেইরূপ করিলেই অতিউপ্তম হুইতে পারিবে।



আৰু যদি কেছ গোল ক্ষেত্ৰ মধ্যে গোলক ধৰ নিৰ্মাণ কৰিতে ইচ্ছা কৱেন, ভবে গোল ও খণ্ডিত ক্ষেত্ৰ

নির্মাণের যে ৰূপ বিধি আছে, সেইরূপ করিবেন কিয়া পূর্ব্বপৃষ্ঠায় অঙ্কিত দ্বীবিংশ মানচিত্রসদৃশ গোলক ধন্ধ করিবার যে বিশেষ নিয়ম প্রকাশ করিতেছি, সেইরূপ করিলেই অতিশয় হুদুশ্য হইবে। কিন্তু অধিক ভূমি না হইলে কখনই ইহা হৃদ্র ৰূপে সংস্থাপিত হইছে পারে না। অন্যুন বিংশতি বিঘা ভূমি হইলেও সামান্যতঃ এক রূপ হইতে পারে। বিস্তৃত ভূমির উপর প্রথমতঃ এক বৃহৎ গোল ক্ষেত্র স্থাপিত করিয়া তাহার মধ্যস্লে মানচিত্তে যে রূপ অন্ধিত আছে সেইৰাপ একটী বক্ত বৈথিক বড্ভুজ ক্ষেত্ৰ স্থাপন করিবে। পরে ঐ ক্ষেত্র হইতে রাস্তা সকল এরপ বক্র ভাবে চতুর্দ্ধিকে বাহির করিবে যে, তাহাদিগের কোন রাস্তা যেন গোল ক্ষেত্রের পরিধির সহিত মিলিত না হয়; এবং গ্রোল ক্ষেত্রের পরিধির ভিতর দিকের কোল বেষ্টন করিয়া বক্র ভাবে আর একটা রাস্তা যেন পরিধির রাস্তার যে স্থলে গোলাকার চিহ্ন আছে, সেই স্থলে যাইয়া মিলিভ হয়। পরে এই রাস্তার কোন স্থল; পূর্বোক্ত বক্র রাস্তা সকলের যে কোন একটা রাস্থার শেষ অংশের সহিত এৰপে মিলন করিয়া দিবে যে ভদ্ধারা অন্য রাস্তায় যাইবার পথ থাকিবে না। পরে সেই সব রাস্তার উপর জাফিরি নির্মাণ করিয়া ভাহাতে বিগনোনিয়া, প্যাশিকোলরা

ও অন্যান্য মনোরম পুষ্পালতিকা সকল উঠাইয়া দিবে।

স্বাভাষিক উদ্যানে পু**ল্পাক্ষেত্র নির্মাণ** করিবার প্রকরণ।

স্বাভাবিক উদ্যানে যদি পুষ্পক্ষেত্র নির্মাণ করিতে হর, তবে উদ্যাদের অন্যান্য অঙ্গ প্রত্যঙ্গের সহিত যাহাতে ভাহার মিল পাকে, ভাহাই করা আবশ্যক। কুত্রিম উদ্যানে নিয়মিত আকারে যে সকল ক্ষেত্র করিবার ব্যবস্থা প্রকাশ করা হইয়াছে, সেই সকল ক্ষেত্র কখনই স্বাভাবিক উদ্যানের উপযোগী হইতে পারে না: কারণ উহাদিগকে তদ্রপ্লে স্থাপিত করিলে অন্যান্য অস্কের সহিত কখনই তাহাদিগের মিল থাকিতে পারে না, এই নিমিত্ত তথায় এমত আকারের ক্ষেত্র সকল স্থাপিত করিতে হইবে যে, তাহাদিগের সহিত যেন উদ্যানস্থ সমস্ত বস্তুর সম্যক্ত মিল থাকিতে পারে। এই প্রকার ক্ষেত্র সকলের আকারের কোন নিয়ম নাই; আধার স্থান যেরপ হইবে ক্ষেত্রও ভদ্রপ করিতে হইবে; এবং ইহাদিগের পরস্পারের এমত মিল ও উপযুক্ত পরিমান রাখিতে হইবে যে, তাহাতে

ষেন অভি চমৎকার শোভা প্রকাশ পাইতে থাকে; এবং একপ জ্ঞান ইইউে থাকে যে. আধার স্থান যেন ঐ ক্ষেত্রকে ধারণ করিবার জন্য অগ্রসর হইতেছে। এই সকল ক্ষেত্র যে কত প্রকার করা যাইতে পারে তাহার সংখ্যা নাই; কিল্ক তাহাদিগের মধ্যে যে গুলি দেখিতে অতি হুন্দর তাহাদিগের বিষয় আমরা বিশেষ রূপে এই পুস্তকের তৃতীয় খণ্ডে প্রকাশ করিব।

मगाख।